সর্বোপরি এই পদ্ধতিটির ফোকাস আঞ্চলিক; কিন্তু খিলাফাহ প্রতিষ্ঠা হলো একটা বৈশ্বিক লক্ষ্য। যদি এই পদ্ধতিটি কোনো ভূখণ্ডে সফলও হয়, তবুও তার মাধ্যমে খিলাফাহ প্রতিষ্ঠা হবে না; বরং বেশির চেয়ে বেশি একটা নির্দিষ্ট ভূখণ্ডে একটা ইমারাহ প্রতিষ্ঠা হবে, যা কেবল তার নিয়ন্ত্রণাধীন অঞ্চলেই শরিয়া প্রতিষ্ঠা করবে।

খ. জামাআতুল বাগদাদি আইসিস এবং সমমনা অন্যান্য জিহাদি জামাআত, এদের মধ্যে বাগদাদির জামাআতই সবচেয়ে বেশি সফলতা লাভ করতে সক্ষম হয়েছিল। তারা ইরাক ও সিরিয়ার কিছু অঞ্চল দখল করে আবু বকর বাগদাদিকে খলিফা ঘোষণা করেছিল। তাদের অঞ্চলকে দারুল খিলাফাহ ঘোষণা দিয়েছিল।

আঞ্চলিক ক্ষমতা দখল করে খিলাফাহ ঘোষণার পর ইখওয়ান, জামায়াতে ইসলামী এবং হিজবুত তাহরিরকে যে পরিস্থিতির শিকার হতে হবে বলে পূর্বে আলোচনা

Scanned by CamScanner

হয়েছে, তা এদের ক্ষেত্রেও প্রযোজ্য। বাস্তবে তা ঘটেছেও। খিলাফাহ ঘোষণার অল্পদিন পরেই তারা অ্যামেরিকা ও পশ্চিমা কাফির এবং তাদের মিত্রদের দ্বারা ব্যাপক হামলার শিকার হয়েছে। একে একে হারাতে হারাতে তারা তাদের সবকটি ভূমিই হারিয়েছে। বিশ্বব্যাপী মুসলমানদের নিরাপত্তা দেওয়া তো দূরের কথা, তারা নিজেদেরও রক্ষা করতে পারেনি। তাদের নেতাদের ধরে ধরে অ্যামেরিকা হত্যা করেছে। মুসলমানদেরকে পশ্চিমা কুফরিশক্তি এবং শিয়াদের রোষানলে পতিত করেছে।

অধিকন্তু তারা নিজেরা মুসলিমদের মাঝে ব্যাপক রক্তপাত ঘটিয়েছে। মুসলমানদের তাকফির করে করে হত্যা করেছে। মুসলমানদের একতা-ঐক্য নষ্ট করে বিভেদ সৃষ্টি করেছে। এরকম একটি দলের নিজেদের খিলাফাহ দাবি করে তাদের বায়আতকে ফরজ দাবি করা বাস্তবতা বহির্ভূত বাগাড়ম্বর বৈ কিছু নয়।

সুতরাং দেখা যাচ্ছে প্রতিটি পদ্ধতিতে শেষপর্যন্ত ঘুরেফিরে গেরিলাযুদ্ধের মাধ্যমে ইমারাহ প্রতিষ্ঠার দিকেই যেতে হচ্ছে। আর এটাই হলো তৃতীয় সশস্ত্র পদ্ধতি তানজিমু কায়িদাতিল জিহাদ বা শায়খ আবু হামজা উসামা রাহ.-এর মানহাজ, যা ইতিপূর্বে আলোচিত হয়েছে। অতএব, খিলাফাহ কায়েমের লক্ষ্যে শায়খ আবু হামজা উসামা রাহ.-এর মানহাজই শ্রেষ্ঠ, কার্যকারী, সফল এবং বাস্তবসম্মত প্রমাণিত।

৩. বৈশ্বিক জিহাদ এবং 'সাপের মাথায় আঘাত করা'র নীতি

জিহাদকে নির্দিষ্ট এলাকার মাঝে সীমাবদ্ধ না রেখে তা বিশ্বব্যাপী ছড়িয়ে দেওয়ার ধারণা সর্বপ্রথম শহিদে উম্মাহ আবদুল্লাহ আজজাম রাহ. উপস্থাপন করেন। আফগান জিহাদের শেষদিকে যখন রাশিয়ার পরাজয় নিশ্চিত হয়ে গিয়েছিল, তখন শায়খ আবদুল্লাহ আজজাম রাহ. এবং তার অনুগত আরব মুজাহিদদের একটি অংশ জিহাদি আন্দোলনের ভবিষ্যৎ নিয়ে পরিকল্পনা শুরু করেন। এদের মধ্যে ছিলেন শায়খ আবু হামজা উসামা রাহ., শায়খ আবু ফিরাস আস-সুরি রাহ., শায়খ আবু মুসআব আস-সুরি, শায়খ আবু খালিদ আস-সুরি রাহ., শায়খ মুহাম্মাদ আতিফ রাহ., শায়খ সাইফ আল-আদিল, শায়খ মুহাম্মাদ ইসলামবুলি রাহ. (আনওয়ার সাদাতের হত্যাকারী মহান বীর খালিদ ইসলামবুলির ভাই), শায়খ আইমান আজ-জাওয়াহিরি এবং আরও অনেকে। এ-সকল বরেণ্য ব্যক্তিদের সবাই দুটি বিষয়ে একমত ছিলেন :

১. মুসলিম উম্মাহর উত্তরণের একমাত্র পথ জিহাদ।

২. আফগানিস্তানের মাটিকে জিহাদের জন্য একটি ঘাঁটি তথা লঞ্চিং প্যাড

Scanned by CamScanner

হিশেবে ব্যবহার করা হবে। কিন্তু এই দ্বিতীয় বিষয়টি নিয়ে কীভাবে অগ্রসর হওয়া উচিৎ এ নিয়ে তাদের মধ্যে বিভিন্ন মত ছিল।

শায়খ আবদুল্লাহ আজজামের চিন্তা ছিল, আফগানিস্তানের মাটিতে মুজাহিদদের একটা ঘাঁটি তৈরি করা, যাতে সারা বিশ্ব থেকে মুসলিম যুবকরা এসে প্রশিক্ষণ গ্রহণ করতে পারবে। তারপর নিজ দেশে ফিরে গিয়ে জিহাদ শুরু করবে। প্রয়োজনে তাদের আর্থিক ও কৌশলগত সহায়তা দেওয়া হবে। পাশাপাশি একটি অগ্রবর্তী দল গঠন করা হবে, যাদের কাজ হবে ফিলিস্তিনে গিয়ে ইয়াহুদিদের বিরুদ্ধে জিহাদ করা এবং মুসলিমবিশ্বের যেখানেই মুসলিম নির্যাতিত হবে, আফগানিস্তানের মাটি থেকে এই ঘাঁটি থেকে প্রশিক্ষিত মুজাহিদরা সেখানে গিয়ে মুসলমানদের সহায়তায় জিহাদ করবে।

আল-জিহাদ এবং জামাআতুল ইসলামিয়্যাহর মিসরীয় মুজাহিদদের চিন্তা ছিল মিনরের মুজাহিদদেরকে আফগানিস্তানের মাটিতে মিসরে জিহাদ করার জন্য প্রশিক্ষণ দেওয়া হবে এবং একটি বাহিনী তৈরি করা হবে। এরপর জিহাদের মাধ্যমে মিসরের ক্ষমতা দখল করা হবে এবং মিসরকে ঘাঁটি হিশেবে ব্যবহার করে ফিলিস্তিনকে মুক্ত করা হবে। আলজেরিয়া এবং লিবিয়ার মুজাহিদদের একই রকম পরিকল্পনা ছিল নিজ নিজ অঞ্চলকে কেন্দ্র করে।

কিন্তু শায়খ আবু হামজা উসামা রাহ.-এর পরিকল্পনা ছিল ভিন্ন। শায়খ মত ব্যক্ত করলেন, আফগানিস্তানের মাটিতে একটি ঘাঁটি গড়ে তোলা হবে। সারা বিশ্ব থেকে আসা মুসলিম যুবকদের এবং জিহাদি বিভিন্ন জামাআতের সদস্যদের সেখানে প্রশিক্ষণ দেওয়া হবে। নিজ নিজ ভূখণ্ডে জিহাদি কার্যক্রম চালানোর জন্য আর্থিক ও সামরিক সহায়তা দেওয়া হবে। নিপীড়িত মুসলিমদের সুরক্ষায় এই ঘাঁটি থেকে প্রশিক্ষিত মুজাহিদদের বিভিন্ন অঞ্চলে প্রেরণ করা হবে। এ সবই ঠিক আছে। একই সঙ্গে একটি অগ্রবর্তী বাহিনী গঠন করতে হবে। কিন্তু এই অগ্রবর্তী বাহিনীর লক্ষ্য শুধু কোনো আঞ্চলিক তাগুতকে উৎখাত করা নয়, নিছক ভূমি দখল করা নয়, ইসরাইলের বিরুদ্ধে চোরাগুপ্তা হামলা চালানো নয়; বরং এই অগ্রবর্তী দলের উদ্দেশ্য হবে বৈশ্বিক ক্ষমতার কাঠামোকে উলটেপালটে দেওয়া, কুফরের সিংহাসন ভেঙে ফেলা এবং শক্তির যে ভারসাম্যহীনতা বিদ্যমান, তা কমিয়ে আনা। জিহাদকে কোনো একটি অঞ্চলে সীমাবদ্ধ না করে সারা বিশ্বে ছড়িয়ে দেওয়ার মাধ্যমে মুসলিম উম্মাহকে জাগিয়ে তোলা। কুফরের কেন্দ্র, কুফরের পরাশক্তি এ যুগের হোবল অ্যামেরিকাকে আঘাত করা।

Scanned by CamScanner

৪. শায়খ উসামার 'সাপের মাথায় আঘাত করা'র নীতি

শায়খ উসামা রাহ. বলেন, কুফরিশক্তি একটি বিষধর সাপের মতো, যার মাথা অ্যামেরিকা। এই অ্যামেরিকার সাহায্যেই মুসলিমবিশ্বের তাগুতগুলো টিকে আছে। এই অ্যামেরিকার শক্তিতেই গুটিকয়েক ইয়াহুদি ইসরাইলে রাজত্ব করছে। সাপের মাথা ভেঙে দিলে যেমন সাপ তাড়াতাড়ি মরে যায়, বাকি শরীর দিয়ে কিছু করতে পারে না; অ্যামেরিকাকে শেষ করতে পারলে তেমনি বাকি সব কুফরিশক্তি এবং স্থানীয় মুরতাদরাও দুর্বল হয়ে পড়বে। অন্যথায় আমরা যদি স্থানীয় মুরতাদদের নিয়ে ব্যস্ত হয়ে পড়ি, তাহলে এক মুরতাদকে সরালে অ্যামেরিকা আরেকটাকে ক্ষমতায় বসাবে। যেমন, মিসরের মুজাহিদরা যখন আনোয়ার সাদাতকে হত্যা করে, তখন তার জায়গায় অ্যামেরিকা আরেক তাগুত হোসনি মোবারককে বসিয়ে দেয়। এতে শরিয়ত প্রতিষ্ঠাও হবে না, খিলাফাহও কায়েম হবে না; বরং আমাদের শক্তি ক্ষয় হয়ে যাবে। তাই 'সাপের মাথা অ্যামেরিকা'র উপর আঘাত হানাই উপযুক্ত কাজ হবে। পারস্যের বিরুদ্ধে উমর ইবনুল খাত্তাব রা. এই নীতিই প্রয়োগ করেছিলেন।

যখন এরকম বিভিন্ন মত নিয়ে আলোচনা চলছিল, তখন পাকিস্তানে জুমআর নামাজে গমনকালে গাড়িতে লুক্কায়িত বোমার বিস্ফোরণে শায়খ আবদুল্লাহ আজজাম রাহ. তাঁর দুই ছেলেসহ শাহাদাত বরণ করেন। তারপর শায়খ উসামা আরব মুজাহিদদের নেতৃত্ব গ্রহণ করেন। আল কায়দার আমির নিযুক্ত হন। শায়খ উসামার 'সাপের মাথায় আঘাত করা'র পরিকল্পনাই আল কায়দার মানহাজ হিশেবে গৃহীত হয়। এর আলোকে কাজ শুরু হয়ে যায়। পাশাপাশি তারা আঞ্চলিক জিহাদি আন্দোলনগুলোকে সহায়তা করতে থাকেন এবং নিজেদের নেটওয়ার্ক সমগ্র বিশ্বে ছড়িয়ে দিতে থাকেন।

৫. অ্যামেরিকাকে ময়দানে টেনে আনা

শায়খ উসামা চাচ্ছিলেন অ্যামেরিকা কোনো একটি মুসলিম ভূমিতে যুদ্ধের জন্য নেমে আসুক, যাতে তাকে সেখানে আটকে রেখে একটা দীর্ঘমেয়াদী যুদ্ধে লিপ্ত করে ধীরে ধীরে তার শক্তিতে ক্ষয় ধরানো যায়। এ লক্ষ্যে আল কায়দা বিভিন্ন স্থানে অ্যামেরিকার উপর আঘাত হানতে থাকে। ১৯৯২ খ্রিষ্টাব্দে অ্যামেরিকান সেনাদের লক্ষ করে ইয়ামেনে হোটেলে বোমা হামলা হয়। ১৯৯৩ খ্রিষ্টাব্দে মোগাদিসুতে দুটি হেলিকপ্টার ভূপাতিত করা হয়। ১৯৯৮ খ্রিষ্টাব্দে নাইরোবি ও দারুস সালামে অ্যামেরিকান দূতাবাসে জোড়া বোমা হামলা হয়। এতদ্সত্ত্বেও অ্যামেরিকা কোনো মুসলিম দেশে আক্রমণ করতে চাচ্ছিল না। অবশেষে ৯/১১-এর চূড়ান্ত হামলাটা

Scanned by CamScanner

চালানো হয় একেবারে অ্যামেরিকার কলিজার মধ্যে। তখনই সে আফগানে হামলা করে ধ্বংসের ফাঁদে পা দেয়।

৬. ৯/১১ হামলার পেছনে শায়খ উসামার তিনটি মূল লক্ষ্য

৯/১১ হামলার পেছনে শায়খ উসামার তিনটি মূল লক্ষ্য ছিল :

১. অ্যামেরিকাকে আফগানিস্তানে একটি দীর্ঘমেয়াদী যুদ্ধে টেনে আনা এবং সেখানে তাদের আটকে ফেলা। পাশাপাশি অ্যামেরিকাকে অন্য আরও ভূখণ্ডে যুদ্ধে জড়িয়ে ফেলে তাদের সামরিক বাহিনীকে দুর্বল করা।

২. অ্যামেরিকার অর্থনীতিতে ধ্বস নামানো।

৩. অ্যামেরিকার জাতীয় ও রাজনৈতিক ঐক্য নষ্ট করে দেওয়া।

আলহামদুলিল্লাহ এ তিনটাই বাস্তবায়িত হয়েছে। আফগানিস্তানে দীর্ঘ ১৯ বছর যাবৎ যুদ্ধের ফলে তার সামরিক বাহিনী দুর্বল হয়ে পড়েছে। এখন আর সে কোনো মুসলিম ভূমিতে নতুন করে সৈন্য পাঠাতে সাহস করে না। এ কারণেই পৃথিবীর অনেক অঞ্চলে কতকিছু হয়ে যাওয়ার পরও সে সৈন্য পাঠাচ্ছে না। আর এ দীর্ঘমেয়াদী যুদ্ধের ব্যয় বহন করতে গিয়ে তার অর্থনীতিতে ধ্বস নেমেছে। উপরন্তু অ্যামেরিকার এইসব ধ্বংসাত্মক সিদ্ধান্তের কারণে অ্যামেরিকান জনগণও তাদের নেতাদের প্রতি বীতশ্রদ্ধ এবং ক্ষুব্ধ হয়ে আছে। এখন তাকে যুদ্ধে জয়লাভের পরিকল্পনার পরিবর্তে জাতির সন্তুষ্টি রক্ষার দিকে মনোযোগ দিতে হচ্ছে।

৭. গেরিলাযুদ্ধের কৌশল

গেরিলাযুদ্ধের জন্য সর্বাধিক উপযোগী হলো পাহাড় ও বনাঞ্চল, যেগুলো তাগুতদের আওতামুক্ত। কারণ, সেগুলো মুজাহিদদেরকে বিমান হামলা থেকে সুরক্ষা দেবে। মুজাহিদরা সেখান থেকে হামলা করে আবার নিরাপদে সেখানে আশ্রয় নিতে পারবে। পক্ষান্তরে গেরিলাযুদ্ধের জন্য সবচেয়ে অনুপযোগী হচ্ছে শহরাঞ্চল। তবে এখানেও গেরিলাযুদ্ধ দাঁড় করানো সম্ভব, যদি ব্যাপক জনসমর্থন লাভ করা যায়। এ ক্ষেত্রে জনগণ পানি; আর গেরিলারা মাছতুল্য। গেরিলারা সাধারণ জনগণের মধ্যেই অবস্থান করবে। তাদের মাঝেই প্রশিক্ষণ নেবে। তাদের থেকে এসে হামলা করে আবার তাদের কাছেই আশ্রয় নেবে। যদি ব্যাপক জনসমর্থন না থাকে তাহলে গেরিলাদের অবস্থা ডাঙায় তোলা মাছের মতো হবে। কদিনের মধ্যেই জিহাদ ভেঙে যেতে বাধ্য।

Scanned by CamScanner

পক্ষান্তরে ব্যাপক জনসমর্থন থাকলে শহরাঞ্চলেও গেরিলাযুদ্ধ সফল হবে, যেমনটা শামে ঘটছে। নুসাইরিদের বিরুদ্ধে মুজাহিদদের ব্যাপক জনসমর্থন থাকায় মুজাহিদরা সেখানে এক অসম শক্তির বিরুদ্ধেও অটল-অবিচল আছেন।

৮. ইমারাহ ঘোষণা

যথাযথ সামর্থ্য না থাকলে ইমারাহ ঘোষণা করা আল কায়দার মানহাজে নেই, এমনকি বিশাল অংশের ওপর দখল থাকলেও না। কারণ :

- মুজাহিদরা মূলত কোথাও স্থিতিশীলতায় নেই। আজ যে অংশের দখল আছে, হতে পারে কাল তা ছেড়ে দিতে হবে; যেমনটা অনেকবার ঘটেছেও।
- অফিসিয়ালভাবে ইমারাহ ঘোষণা করলে কাফিররা এর ওপর আক্রমণের মাত্রা বাড়িয়ে দেবে। তখন তা রক্ষা করা কঠিন হবে।
- ইমারাহ ঘোষণা না দিয়ে কাজ করলে মুজাহিদদের ওপর আক্রমণকে জনগণ নিজেদের ওপর আক্রমণ বলে বসবে। পক্ষান্তরে ইমারাহ ঘোষণা দিয়ে দিলে তখন জনগণ আল কায়দাকে নিজেদের থেকে আলাদা করে দেখবে। তাদের সমর্থন কমে যাওয়ার আশঙ্কা আছে। এসব কারণে যথেষ্ট এলাকা দখলে থাকা সত্ত্বেও সোমালিয়া, ইয়ামেন এবং অন্যান্য অঞ্চলে আল কায়দা ইমারাহর ঘোষণা দেয়নি। ইরাকে যে 'আদ-দাওলাতুল ইসলামিয়্যাহ' ঘোষিত হয়, তা মূলত শায়খ উসামা ও অন্য আমিরদের পরামর্শে হয়নি; বরং তারা নিজেরা পরামর্শ ব্যতিরেকেই ঘোষণা দিয়ে দিয়েছে।
- অধিকন্তু ইমারাহ ঘোষণা দেওয়া ছাড়াই যেহেতু শরিয়া কায়েম করা যাচ্ছে, তখন বর্তমান পরিস্থিতিতে ইমারাহ ঘোষণা না দেওয়াতে কোনো ক্ষতি নেই।

৯. গোপনে প্রসার ঘটানো

এ ছাড়া আল কায়দার আরেকটি কৌশল হলো গোপনে নিজেদের প্রসার ঘটানো। নিজেদের সর্বপ্রকার কার্যক্রম ও বিভিন্ন দলের সঙ্গে নিজেদের সম্পৃক্ততা ইত্যাদি গোপন করা এবং একটা নির্দিষ্ট সময়ের আগে মিডিয়াতে প্রচারে না যাওয়া। অন্যদিকে জামাআতুল বাগদাদির আচরণ সম্পূর্ণ ভিন্ন। আল কায়দা চায় সবাইকে বোঝাতে যে, তারা কোথাও নেই। জামাআতুল বাগদাদি চায় সবাইকে বোঝাতে যে,

Scanned by CamScanner

তারা সব জায়গায় আছে। বিভিন্ন দলের সঙ্গে সম্পৃক্ততা গোপন করার ব্যাপারে শায়খ উসামার যুক্তি ছিল, আল কায়দার সঙ্গে যখন কোনো দলের সম্পৃক্ততা প্রকাশ পায়, তখনই তাদের বিরুদ্ধে কুফফারের আক্রমণ বেড়ে যায়। এ কারণে এটা গোপন রাখাই উত্তম। তাই শামে আল কায়দার শাখা জাবহাতুন নুসরা আল কায়দার সঙ্গে নিজেদের সম্পৃক্ততা গোপন রেখে কাজ করছিল; কিন্তু অবশেষে জামাআতুল বাগদাদির কারণে তা প্রকাশ পেয়ে যায়।

দুই. কৌশলগত পর্যালোচনা : প্রেক্ষিত বাংলাদেশ

বাংলাদেশে জিহাদি আন্দোলনের ধারার সূচনা আফগান-ফেরত মুজাহিদদের মাধ্যমে। এ দেশে কাজ করেছে প্রধান দুটি জিহাদি সংগঠন : হারাকাতুল জিহাদ বাংলাদেশ (হুজি-বি) এবং জামাআতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি)। প্রথমটা কওমি ধাঁচের, দ্বিতীয়টা সালাফি ধাঁচের। হুজি-বি'র প্রতিষ্ঠা ১৯৯২ খ্রিষ্টাব্দে আর জেএমবির প্রতিষ্ঠা ১৯৯৮ খ্রিষ্টাব্দে।

হারাকাতুল জিহাদের একটি অংশ একপর্যায়ে গণতান্ত্রিক পন্থায় যোগ দেয়, যা তাদের ইরজা'র পরিচায়ক। অন্যদিকে জেএমবির একটি অংশের মধ্যে তাকফিরের ব্যাপারে চরমপন্থা বিদ্যমান। বিভিন্ন কারণে জেএমবির মাঝে ফাঁটল সৃষ্টি হয়। বাগদাদির খিলাফাহ ঘোষণার পর নব্য জেএমবির একটা অংশ তাদের হাতে বায়আতও দেয়। অবশ্য জেএমবির পুরানো সদস্যরা তাদেরকে বায়আত দেয়নি।

১. হুজি-বি ও জেএমবির ব্যর্থতা : কারণ ও শিক্ষা

প্রথমদিকে এ দুটি দল কিছুটা সফলতা দেখালেও শেষপর্যন্ত ব্যর্থতায় পর্যবসিত হয়। এর বিভিন্ন কারণ রয়েছে। যেমন :

- দুটি তানজিমই সেই ভুল করেছে, যা শায়খ আবু বাসির রাহ.-এর উদ্ধৃতিতে উঠে এসেছে—'কারণ, জিহাদি জামাআতগুলো তাদের লক্ষ্য ও উদ্দেশ্যের ব্যাপারে মুসলিম জনসাধারণকে সচেতন করতে ব্যর্থ হয়েছিল।' হুজি-বি এবং জেএমবির ব্যাপারে এই কথা শতভাগ প্রযোজ্য। এ কারণেই রমনা বটমূলে হুজি-বি'র হামলা এবং আদালতে জেএমবির হামলা সাধারণ মুসলিম জনগণের মধ্যে প্রায় কোনো সমর্থন পায়নি বললেই চলে; বরং সরকারের প্রোপাগান্ডায় তা হিতে বিপরীত হয়েছে।

Scanned by CamScanner

- একই সঙ্গে দুটো তানজিম একই ভুল করেছে, যাকে সামরিক পরিভাষায় বলা হয় Strategic Overreach বা 'স্বীয় সক্ষমতার বাইরে প্রসার'। এর অর্থ হলো, সক্ষমতা তৈরি করার আগেই নিজের কর্মকাণ্ডের পরিধি এমনভাবে বাড়ানো, যা শেষপর্যন্ত নিজের পতন ডেকে আনে। বিশেষ করে জেএমবির ব্যাপারে এটি বিশেষভাবে প্রযোজ্য। জাতীয় পর্যায়ে আত্মপ্রকাশের আগে জেএমবি তাদের আঞ্চলিক কাজে ব্যাপক জনসমর্থন পাচ্ছিল এবং পরিস্থিতিও মোটামুটি অনুকূলে ছিল; কিন্তু জাতীয় পর্যায়ে তারা এমন এক সময়ে আত্মপ্রকাশের সিদ্ধান্ত নেয়, যখন তাদের কাজের বিপরীতে যে প্রতিক্রিয়া হবে, তার মোকাবিলা করার সক্ষমতা তাদের তৈরি হয়নি। যে কারণে সরকার বেশ দ্রুত তাদের শীর্ষ নেতাদের আটক করে ফেলতে সক্ষম হয় এবং তাদের নেটওয়ার্ক উন্মোচনে সক্ষম হয়।
- চোখে পড়ার মতো নিজেদের কোনো মিডিয়া ছিল না। এমনকি জেএমবির নিজেদের কোনো মুখপাত্রও ছিল না। মিডিয়া একচেটিয়াভাবে তাদের বিরুদ্ধে প্রোপাগান্ডা চালিয়ে গেছে। তবে এটা সত্য, বর্তমানে ইন্টারনেটের যে প্রচলন আছে, যার কারণে অনলাইন-মিডিয়ার প্রসার আছে, তেমনটা তখন ছিল না। কিন্তু তবুও নিজেদের একটি মিডিয়া থাকার দরকার ছিল; বিশেষত জেএমবির, যেহেতু তারা জাতীয় পর্যায়ে রাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হয়েছিল।
- যথাযথ অস্ত্রের মজুদ না রাখা। জিহাদি সংগঠনগুলোর জন্য আবশ্যক বিস্ফোরকের সকল উপকরণ প্রয়োজন পরিমাণ মজুদ রাখা। উঁচুমানের বিস্ফোরক আনা-নেওয়ার রুট তৈরি করা অত্যন্ত জরুরি। সংগঠনে যদি শুধু একজন বোমা বিশেষজ্ঞ থাকে, তবে তার এই শিক্ষা কয়েকজন উপযুক্ত ছাত্রের মধ্যে ছড়িয়ে দিতে হবে এবং একবার ছাত্রদের প্রশিক্ষণ শেষ হলে তাদেরকে বিভিন্ন জায়গায় ছড়িয়ে দিতে হবে, এক জায়গায় রাখা যাবে না, যাতে সবাই একসঙ্গে ধরা না পড়ে। অন্যথায় পুরো জামাআতের বিস্ফোরক ব্যবহারের সক্ষমতা কমে যাবে।
- সিকিউরিটি তথা সাংগঠনিক কাজের গোপনীয়তার নিরাপত্তাগত দুর্বলতা। আমরা এই দুই তানজিমের ক্ষেত্রে এখনো দেখতে পাই, কোনো একটি কাজ করার পরপর এবং অনেক ক্ষেত্রে কাজের আগেই (অর্থাৎ, প্রস্তুতির সময়) তারা ধরে পড়ে যাচ্ছেন। এই দুই তানজিমের পারস্পরিক

Scanned by CamScanner

যোগাযোগের ক্ষেত্রে সিকিউরিটির কী করুণ অবস্থা তা বোঝার জন্য এটাই প্রমাণ হিশেবে যথেষ্ট। বাংলাদেশের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এ দুটি তানজিমের নেটওয়ার্ক এত গভীরভাবে আবিষ্কার করতে সক্ষম হয়েছে যে, কোনো একটি কাজের পর কাজের সঙ্গে যারা জড়িত, তাদের তো বটেই; অন্য আরও কিছু সদস্যকেও তার গ্রেফতার করতে সক্ষম হচ্ছে।

২. পর্যালোচনা

হুজি-বি এবং জেএমবির ইতিহাস থেকে বেশ কিছু মৌলিক বিষয় উঠে আসে, যা আমাদের সকলের গভীরভাবে উপলব্ধি করা উচিৎ :

১. যদি আমরা আসলেই বাংলাদেশে এমন একটি জিহাদ শুরু করতে চাই, যা বাংলাদেশের মানচিত্র পালটে দেবে এবং বাস্তবতা আগাগোড়া বদলে দেবে, তাহলে আমাদের একটা দীর্ঘমেয়াদী পরিকল্পনা নিয়ে এগোতে হবে। প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে, আসবাব ও রসদ মজুদ করতে হবে। হুটহাট কিছু করা যাবে না। একটি-দুটি প্রলয়ঙ্ককারী হামলা দিয়ে বিশ্বের মনোযোগ হয়তো পাওয়া যাবে; কিন্তু সম্পূর্ণ শরিয়া কায়েম, তাগুতের পতন এবং সুদৃঢ় নিয়ন্ত্রণ অর্জিত হবে না।

২. দীর্ঘমেয়াদী গেরিলাযুদ্ধে অবতীর্ণ হতে গেলে জনগণকে সম্পৃক্ত করতে হবে। জনগণের মধ্যে মুজাহিদদের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে সচেতনতা এবং সমর্থন সৃষ্টি করতে হবে। শায়খুল মুজাহিদ আবদুল্লাহ আজজাম রাহ. যাকে বলেছেন 'দাওয়াত'; আর মাও সেতুং যাকে বলেছে 'জনগণের জাগরণের পর্যায়'। জনগণ ছাড়া গেরিলাযোদ্ধা ডাঙ্গায় তোলা মাছের মতো। মনে রাখতে হবে, আমাদের শত্রুর বিমান, ট্যাংক, যুদ্ধজাহাজ আছে। ক্রুসেডার আর হিন্দুত্ববাদী ভারতের সমর্থন তার আছে। আছে আন্তর্জাতিক অর্থায়ন আর একটি রাষ্ট্রের কাঠামোগত ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা। জনগণের সমর্থন ছাড়া আপনি যদি চূড়ান্ত যুদ্ধে অবতীর্ণ হন, তবে টিকে থাকা অত্যন্ত কঠিন হবে।

৩. বাংলাদেশের ভৌগোলিক, সামাজিক ও রাজনৈতিক বাস্তবতা ও গাঁথুনিকে বুঝতে হবে। শায়খ আবু মুসআব আস-সুরি তাঁর *দাওয়াতুল মুকাওয়ামাতিল আলামিয়্যাতিল ইসলামিয়্যাহ* (The Global Islamic Resistance Call) গ্রন্থে কোনো ভূমির Open Front জিহাদের জন্য উপযুক্ততা পরিমাপের

Scanned by CamScanner

জন্য কিছু ফ্যাক্টরের কথা বলেছেন, যার মধ্যে একটি হলো ভৌগোলিক অবস্থা। যেহেতু মুজাহিদদের জামাআত এবং শত্রুদের মধ্যে শক্তির ভারসাম্য নেই, তাই তাদের যুদ্ধ হবে একটি ভারসাম্যহীন যুদ্ধ বা Asymmetric Warfare। এ ধরনের যুদ্ধের উদ্দেশ্য থাকে **শক্তিশালী শত্রুকে দীর্ঘমেয়াদী যুদ্ধে টেনে এনে শক্তিক্ষয়ের মাধ্যমে তার পরাজয় ঘটানো।** যেমন, অ্যামেরিকাকে আফগানিস্তানে টেনে এনে পরাজিত করা হয়েছে।

শায়খ আবু মুসআব আস-সুরি তাঁর গ্রন্থে ব্যাপক বিশ্লেষণের পর দেখিয়েছেন, দীর্ঘমেয়াদী গেরিলাযুদ্ধের জন্য সর্বাধিক উপযুক্ত ভূমি হলো যেখানে পর্বত ও জঙ্গল আছে। কারণ, পাহাড় ও জঙ্গল গেরিলাদের আশ্রয়স্থল হিশেবে উত্তম। এগুলো বিমান হামলা থেকে সুরক্ষা দেয়। এ ছাড়া মরুভূমির উপস্থিতি এবং দুর্গম ভূখণ্ড গেরিলাযুদ্ধের জন্য উপযুক্ত। কিন্তু বাংলাদেশ ভৌগোলিকভাবে প্রায় সম্পূর্ণভাবে সমতল। যে কারণে যে নীতি আফগানিস্তানে প্রযোজ্য, তা বাংলাদেশে প্রযোজ্য নয়। সোমালিয়া, ইয়ামেন, ইসলামি মাগরিব, লিবিয়া, কাশমির, ওয়াজিরিস্তান ইত্যাদি সবগুলো জায়গাতেই পাহাড় বা জঙ্গল; কিংবা মরুভূমি আছে এবং এসব জায়গা বেশ দুর্গম। যে কারণে এসব ভূখণ্ডের মুজাহিদরা গেরিলাযুদ্ধে সফল হয়েছেন।

তাহলে বাংলাদেশের প্রেক্ষাপটে কী করা যেতে পারে? এ জন্য আমরা অন্য দুটি ভূখণ্ডের দিকে তাকাতে পারি, যেখানে দীর্ঘমেয়াদি গেরিলাযুদ্ধ সফল হয়েছে। এ দুটি ভূখণ্ড হলো ইরাক এবং শাম। হ্যাঁ, একথা সত্য যে, শাম বা ইরাক কোনোটাই বাংলাদেশের মতো সমতল নয়। শামে পাহাড় এবং মরুভূমি দুটোই আছে আর ইরাকেও মরুভূমি আছে। কিন্তু লক্ষণীয় বিষয় হলো, শাম এবং ইরাকে জিহাদ এসব দুর্গম অঞ্চলে শুরু হয়নি; বরং এ দু-ক্ষেত্রেই শহরকেন্দ্রিক গেরিলাযুদ্ধের মাধ্যমে জিহাদের প্রসার ঘটেছে। বিশেষ করে শামে। আর এখানেই সামাজিক ও রাজনৈতিক বাস্তবতা অনুধাবনের প্রশ্ন আসে। ইরাকে যুদ্ধ শুরু হয়েছিল অ্যামেরিকার আগ্রাসনের মাধ্যমে এবং সংখ্যাগরিষ্ঠ সুন্নিদের উপর অ্যামেরিকা সমর্থিত শিয়া শাসন চাপিয়ে দেওয়ার কারণে। একই সঙ্গে ইরাকি সমাজ গোত্রনির্ভর। যে কারণে গোত্রীয় নিয়মকানুনের প্রভাব ইরাকি সমাজে ছিল। একই সঙ্গে গোত্রগুলোর কাছে কিছু অস্ত্র মজুদ ছিল, যেগুলো সবসময় তাদের কাছে থাকে।

অন্যদিকে শামে বিপ্লব এবং জিহাদ শুরু হয় শহরগুলোতে। দামেশক, দারা, আলেপ্পো, ইদলিব, হিমস, হামা—এসব শহর ছিল বিপ্লবের প্রাণকেন্দ্র। শামের মানুষ পাঁচ বছরের ভয়াবহ যুদ্ধের পরও প্রচণ্ড অনাহার, ব্যাপক মৃত্যু এবং অবর্ণনীয় কষ্টের

Scanned by CamScanner

পরও জিহাদ আঁকড়ে আছে। এর কারণ কী? কারণ হলো সামাজিক বাস্তবতা। শামে সংখ্যালঘু নুসাইরি সম্প্রদায় সংখ্যাগরিষ্ঠ সুন্নিদের শাসন করত। যখন বিপ্লব ছড়িয়ে পড়ে, সরকারের বিরুদ্ধে অসন্তোষ দেখা দেয়, তখন সরকার ব্যাপকভাবে সুন্নিদের হত্যা, ধর্ষণ, নির্যাতন শুরু করে। যে কারণে সুন্নিরা বাধ্য হয় হাতে অস্ত্র তুলে নিতে।

লক্ষণীয় বিষয় হলো, বাংলাদেশে ইরাকের মতো শিয়া-সুন্নি বিভেদ নেই। এখানে শিয়ারা সংখ্যায় অল্প এবং তারা ক্ষমতায়ও নেই। বাংলাদেশের চাইতে পাকিস্তানে শিয়াদের প্রকোপ অনেক বেশি। সেখানে শিয়া-সুন্নি দ্বন্দ্ব বিদ্যমান। কিন্তু তা সত্ত্বেও শুধু শিয়াবিরোধী কৌশল দিয়ে সেখানে তেমন এগোনো যায়নি। সেখানে যদি শুধু শিয়া বিরোধিতার কৌশল জিহাদের জন্য কার্যকর না হয়, তবে বাংলাদেশের মতো দেশে যেখানে শিয়া-সুন্নি বিভেদ নেই—এটা কতটুকু কার্যকর হতে পারে?

যারা মনে করে বাংলাদেশে শিয়াবিরোধী কিংবা আহমাদিয়াবিরোধী হামলা দিয়ে জনগণকে জিহাদের সঙ্গে সম্পৃক্ত করা যাবে, তারা নির্বোধ। একইভাবে রমনা বটমূল, নিউ ইয়ার কিংবা ভ্যালেন্টাইন ডের কোনো অনুষ্ঠানে চাঞ্চল্যকর হামলা করা তুলনামূলক সহজ; কিন্তু কৌশলগতভাবে এগুলোর তেমন কোনো তাৎপর্য নেই। কারণ, সাধারণ জনগণকে এ ধরনের হামলাগুলো দূরে সরিয়ে দেবে। এ কারণে পরিস্থিতি সৃষ্টির আগে এমন কোনো হামলা করা যাবে না, যা মুজাহিদিন ও জিহাদকে জনবিচ্ছিন্ন করে ফেলবে; বরং বাংলাদেশের প্রেক্ষাপটের সঙ্গে সবচেয়ে বেশি যা মেলে, তা হলো শামের পরিস্থিতি।

যদিও শামের মতো নুসাইরিরা বাংলাদেশে নেই; কিন্তু বাংলাদেশে একটি জনসমর্থনহীন সরকার আছে, যারা সরাসরি ভারত দ্বারা সমর্থিত এবং যে সরকারের অধীনে সচিবালয়ে এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীতে ব্যাপকভাবে মুশরিকদের অনুপ্রবেশ ঘটেছে। ইসকনের মতো উগ্র সন্ত্রাসী সংগঠনের সদস্যরাও তো এখন বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে আসীন হচ্ছে।

সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো, প্রশাসনে মুশরিকদের এই ব্যাপক প্রভাব সম্পর্কে জনমনে খারাপ ধারণা ও অসন্তোষ রয়েছে। একই সঙ্গে সরকারের পরিষ্কার ইসলামবিরোধী একটা ইমেজ আছে, যা জনগণের কাছে পরিষ্কার। কিন্তু কীভাবে ইসলামের দিকে আসতে হবে, কীভাবে ইসলাম আনতে হবে এ নিয়ে মানুষ এখনো ওয়াকিবহাল নয়। একই সঙ্গে আছে কওমি ভাইদের উপর হাসিনার ক্রমাগত অত্যাচারের এক ধারা, যা শুরু হয়েছিল ৫ মে এবং যার সিলসিলা আমরা দেখতে পেয়েছি বি-বাড়িয়াতে। পাশাপাশি বাড্ডাতে মন্দিরে পবিত্র কুরআন পোড়ানোর মতো

Scanned by CamScanner

ঘটনা এবং সেই মালাউনকে পুলিশের নিরাপত্তা দেওয়া এই সরকারের ইসলামবিরোধী চরিত্রকে আরও পরিষ্কার করে তোলে। এ ধরনের ঘটনাকে যদি সুদূরপ্রসারী উদ্দেশ্যে ব্যবহার করা যায়, তাহলে বিরাট ফল পাওয়া যাবে। তবে আমরা এ ঘটনাটির ক্ষেত্রে তা করতে ব্যর্থ হয়েছি।

মোটকথা, বাংলাদেশের জন্য দীর্ঘমেয়াদী গেরিলাযুদ্ধের একমাত্র উপযোগী মডেল হলো শহরকেন্দ্রিক যুদ্ধ, যেমনটা আমরা শামে দেখেছি। আর এরকম একটি দীর্ঘমেয়াদী গেরিলাযুদ্ধ সফলভাবে চালিয়ে যাবার জন্য প্রয়োজন জনসমর্থন এবং জনসম্পৃক্ততা। তবে জনসমর্থন তথা জনসম্পৃক্ততা তৈরির জন্য শিয়া, আহমদিয়া, মিশনারি বা এনজিওদের টার্গেট করা বাংলাদেশের জন্য কার্যকারী হবে না; যদিও এরা সবাই কাফির এবং ইসলামের শত্রু। জনসমর্থনহীন একটি শাসক যদি সরাসরি মুসলিম জনগণের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হয় এবং যেকোনো মূল্যে ক্ষমতা আঁকড়ে থাকার সিদ্ধান্ত নেয়, সে ক্ষেত্রে যদি শাসক এবং শাসকের সমর্থক গোষ্ঠীকে মুসলিমদের বিপরীতে দেখানো যায়, (অর্থাৎ, আওয়ামীলীগ বনাম মুসলিম, আওয়ামীলীগ-সেকুলার বনাম মুসলিম, আওয়ামী-হিন্দু-সেকুলার বনাম মুসলিম) তাহলে তখন শহরভিত্তিক গেরিলাযুদ্ধ এমন ভূখণ্ডেও সফল হতে পারে, যা ভৌগলিকভাবে গেরিলাযুদ্ধের জন্য অতটা উপযুক্ত নয়।

তবে আমাদের মনে রাখতে হবে, এ যুদ্ধটা কাফির, তাগুত, ভারত, আওয়ামীলীগ বনাম ইসলাম এভাবে চিত্রায়িত করতে হবে। হাসিনা-ভারত-সেকুলার বনাম জিহাদি বা সালাফি বা দেওবন্দি এভাবে চিত্রায়িত করলে হবে না। এর উত্তম প্রমাণ হলো শাহবাগ বনাম জামাআত যখন ছিল। অর্থাৎ, মিডিয়া যখন এভাবে চিত্রায়িত করেছিল, তখন শাহবাগ জিতেছিল; কিন্তু যখন ব্যাপারটা শাহবাগ বনাম ইসলামে রূপ নিল, তখন মিডিয়ার হাজার প্রোপাগান্ডা কোনো কাজে আসল না। অথচ এর আগ পর্যন্ত অর্থাৎ, যখন ব্যাপারটা একটি দলকেন্দ্রিক ছিল, ততক্ষণ কিন্তু শাহবাগিরাই জিতেছিল। তাই জিহাদিদের কাজ হবে জিহাদের পরিস্থিতি শুরুর আগ পর্যন্ত সংঘাতটাকে আওয়ামী-নাস্তিক-সেকুলার-ভারত-ক্রুসেডার জোট বনাম ইসলাম হিশেবে চিত্রায়িত করা এবং আল্লাহর ইচ্ছায় একবার জিহাদ শুরু হয়ে গেলে তখন তা নিয়ন্ত্রণ নিয়ে নেওয়া। আর এটা স্বাভাবিকভাবেই ঘটবে ইনশাআল্লাহ।

Scanned by CamScanner

শাসক ছাড়া কীভাবে জিহাদ করব

কিছু মানুষ একথা বলে বেড়ায় যে, শাসক ছাড়া কোনো জিহাদ নেই। শাসকের অনুপস্থিতিতে যেসব লড়াই সংঘটিত হয়, তা সবই ফিতনার লড়াই। কিন্তু বাস্তবতা হলো, সালাফে সালিহিন ও উম্মাহর ইমামগণের ইজমা অনুযায়ী এ মতের কোনো ভিত্তি নেই। এটি একটি স্পষ্ট ভ্রান্ত মত, যা সুস্পষ্ট আয়াত ও হাদিস এবং শরয়ি নীতি ও ফিকহি মূলনীতির সঙ্গে সাংঘর্ষিক। যেমন :

১. কুরআনের যে সমস্ত আয়াত ও রাসুল ﷺ-এর যে সকল হাদিসে আল্লাহর পথে জিহাদের নির্দেশ করা হয়েছে, সেগুলোতে এ ধরনের কোনো শর্তারোপ করা হয়নি; বরং এ আয়াত ও হাদিসগুলো ব্যাপক ও শর্তমুক্ত। আল্লাহর কিতাব এবং তাঁর রাসুলের সুন্নাহে একযোগে সমস্ত মুমিন-মুসলমানকে জিহাদের নির্দেশ দেওয়া হয়েছে। যেমন ইরশাদ হয়েছে,

﴿وَقَاتِلُوا فِي سَبِيلِ اللَّهِ الَّذِينَ يُقَاتِلُونَكُمْ﴾

তোমরা আল্লাহর পথে যুদ্ধ করো তাদের সঙ্গে, যারা তোমাদের সঙ্গে যুদ্ধ করে। [সুরা বাকারা : ১৯০]

﴿انْفِرُوا خِفَافًا وَثِقَالًا وَجَاهِدُوا بِأَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ فِي سَبِيلِ اللَّهِ﴾

(জিহাদের জন্য) বের হয়ে পড়ো হালকা অবস্থায় থাকো বা ভারী অবস্থায় এবং নিজেদের প্রাণ ও সম্পদ দ্বারা আল্লাহর পথে জিহাদ করে যাও। [সুরা তাওবা : ৪১]

রাসুল ﷺ বলেন,

جَاهِدُوا الْمُشْرِكِينَ بِأَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ وَأَلْسِنَتِكُمْ

Scanned by CamScanner

তোমরা মুশরিকদের সঙ্গে জিহাদ করো তোমাদের সম্পদ, জীবন এবং জিহ্বার দ্বারা।[১৯]

আল্লাহ তাআলা আরও বলেন,

﴿فَقَاتِلْ فِيْ سَبِيْلِ اللّٰهِ ۚ لَا تُكَلَّفُ اِلَّا نَفْسَكَ وَحَرِّضِ الْمُؤْمِنِيْنَ ۚ عَسَى اللّٰهُ اَنْ يَّكُفَّ بَاْسَ الَّذِيْنَ كَفَرُوْا ۭ وَاللّٰهُ اَشَدُّ بَاْسًا وَّاَشَدُّ تَنْكِيْلًا﴾

সুতরাং তুমি আল্লাহর পথে যুদ্ধ করো। তোমার ওপর তোমার নিজের ছাড়া অন্য কারও দায়ভার নেই। অবশ্য মুমিনদের উৎসাহ দিতে থাকো। অসম্ভব নয় যে, আল্লাহ কাফিরদের যুদ্ধ-ক্ষমতা চূর্ণ করে দেবেন। আল্লাহর শক্তি সর্বাপেক্ষা প্রচণ্ড এবং তার শাস্তি অতি কঠোর। [সূরা নিসা : ৮৪]

এই আয়াতের ব্যাখ্যায় ইমাম ইবনু হাজম রাহ. বলেন,

وهذا خطاب متوجه إلى كل مسلم، فكل أحد مأمور بالجهاد وإن لم يكن معه أحد

'এটা প্রতিটি মুসলমানের প্রতি আল্লাহ তাআলার সম্বোধন। সুতরাং প্রত্যেকেই জিহাদের ব্যাপারে আদিষ্ট, যদিও-বা তার সঙ্গে আর কেউ না থাকে।'[২০]

ইমাম ইবনু কুদামা রাহ. বলেন,

الجهاد فرض على الكفاية.... الخطاب في ابتدائه يتناول الجميع كفرض الأعيان، ثم يختلفان أن فرض الكفاية يسقط بفعل بعض الناس له، وفرض الأعيان لا يسقط عن أحد بفعل غيره

'জিহাদ সাধারণ অবস্থায় ফরজে কেফায়া। ...আয়াতের শুরুতে এমনভাবে সম্বোধন করেছে, যা সকলকে অন্তর্ভুক্ত করে—যেমনটা ফরজে আইনের ক্ষেত্রে করা হয়। সম্বোধন একই রকমের হলেও বিধানের বিবেচনায় দুটোতে ভিন্নতা চলে আসে। আর তা হলো, ফরজে কেফায়া আমল কতক মানুষের সম্পাদন করার দ্বারা আদায় হয়ে যায়। আর ফরজে আইন আমল একজন সম্পাদন করার দ্বারা অন্যজন থেকে রহিত হয় না।'[২১]

শায়খ আবদুর রহমান বিন হাসান রাহ. বলেন,

---

১৯ *সুনানু আবি দাউদ* : ২৫০৪।

২০ *আল-মুহাল্লা* : ৭/৩৫১।

২১ *আল-মুগনি* : ১০/৩৬৪।

Scanned by CamScanner

ولا ريب أن فرض الجهاد باق إلى يوم القيامة، والمخاطب به المؤمنون، فإذا كانت هناك طائفة مجتمعة لها منعة وجب عليها أن تجاهد في سبيل الله بما تقدر عليه، لا يسقط عنها فرضه بحال ولا عن جميع الطوائف

'এতে কোনো সন্দেহ নেই যে, জিহাদের ফরজিয়্যাত (আবশ্যকতা) কিয়ামত পর্যন্ত বাকি থাকবে এবং সকল মুমিনকেই সে ব্যাপারে সম্বোধিত থাকবে। সুতরাং যদি কোথাও এমন কোনো সংঘবদ্ধ দল থাকে যাদের প্রতিরক্ষা-শক্তি রয়েছে, তাহলে তাদের জন্য নিজেদের সামর্থ্য অনুযায়ী আল্লাহর পথে জিহাদ করা ওয়াজিব। এ ফরজিয়্যাত না তাদের থেকে কখনো রহিত হবে আর না অন্য দলসমূহ থেকে রহিত হবে।'[২২]

২. জিহাদ দুই প্রকার :

ক. প্রথম প্রকার হলো, আক্রমণাত্মক জিহাদ। অর্থাৎ, শত্রুভূমিতে গিয়ে শত্রু তালাশ করা। এ প্রকারের জিহাদ শুদ্ধ হওয়ার জন্যও ইমাম বিদ্যমান থাকা শর্ত নয়। হ্যাঁ, যখন ইমাম নিজ দায়িত্বে জিহাদ সম্পাদন করতে থাকবে, তখন তার অনুমতি ও সিদ্ধান্ত ব্যতীত জিহাদে নেমে পড়া বা স্বেচ্ছাচারিতা করা যাবে না। কারণ, এ বিষয়টির দায়িত্ব মূলত তাকে দেওয়া হয়েছে। তাই তার থেকে অনুমতি গ্রহণ করা ওয়াজিব হবে। তবে তা জিহাদ শুদ্ধ হওয়ার জন্য শর্ত নয়। সুতরাং এ ক্ষেত্রে যে ব্যক্তি ইমামের অনুমতি ছাড়া জিহাদ করবে, সে গুনাহগার হবে ঠিকই; কিন্তু তার জিহাদ শুদ্ধ হয়ে যাবে। আর যদি ইমাম না-ই থাকে বা হারিয়ে গিয়ে থাকে; কিংবা নিহত হয়ে যায় তাহলে জিহাদ বন্ধ করে থাকবে না।

ইমাম ইবনু কুদামা রাহ. বলেন,

فإن عدم الإمام لم يؤخر الجهاد؛ لأن مصلحته تفوت بتأخيره، وإن حصلت غنيمة قسمها أهلها على موجب أحكام الشرع

'যদি খলিফা বিদ্যমান না থাকে তাহলে জিহাদ বিলম্বিত করা হবে না। কারণ, বিলম্ব করার দ্বারা জিহাদের কল্যাণ হাতছাড়া হয়ে যাবে। সে ক্ষেত্রে যদি কোনো গনিমত অর্জিত হয়, তাহলে তা শরিয়তের বিধান অনুসারে গনিমতের হকদাররা নিজেদের মধ্যে বণ্টন করে নেবে।'[২৩]

---

২২ *আদ-দুরারুস সুন্নিয়্যাহ* : ৭/৯৮।
২৩ *আল-মুগনি* : ১০/৩৭৫।

Scanned by CamScanner

সুতরাং যদি ইমাম বিদ্যমান থাকা জিহাদ শুদ্ধ হওয়ার জন্য শর্তই হতো, তাহলে ইমামের অনুপস্থিতিতে জিহাদ স্থগিত রাখা এবং ইমাম পাওয়া যাওয়া পর্যন্ত তা বিলম্বিত করা ওয়াজিব হতো। তখন কোনোভাবেই মুসলমানদের কল্যাণের স্বার্থে তা চালিয়ে নেওয়ার অবকাশ থাকত না এবং গনিমত ভক্ষণও বৈধ হতো না।

এ ছাড়াও ইমামের বিদ্যমান থাকা যদি আবশ্যকই হতো, তাহলে যে ক্ষেত্রে মুজাহিদদের জন্য তার কাছ থেকে অনুমতি গ্রহণ করা সম্ভাবিত না হবে, যুক্তির দাবি অনুযায়ী সে ক্ষেত্রেও জিহাদ বিলম্বিত করা ওয়াজিব হতো। অথচ প্রয়োজনের তাগিদে ইমাম বিদ্যমান থাকা সত্ত্বেও তার অনুমতি ছাড়াই মুজাহিদদের জন্য জিহাদ পরিচালনা করা বৈধ। এর সবচেয়ে প্রকৃষ্ট উদাহরণ রাসুল ﷺ-এর জীবনীতেই পাওয়া যায়। সালামা ইবনুল আকওয়া রা. বলেন,

'...তারপর যখন আমরা ও মক্কাবাসীরা সন্ধিতে আবদ্ধ হলাম এবং আমাদের এক পক্ষ অপর পক্ষের সঙ্গে মেলামেশা করতে লাগলাম, তখন আমি একটি গাছতলায় গিয়ে তাঁর নিচের কাঁটা প্রভৃতি পরিষ্কার করে তাঁর গোঁড়ায় একটু শুয়ে পড়ি। এমনসময় মক্কাবাসী চারজন মুশরিক এসে রাসুল ﷺ সম্পর্কে অপ্রীতিকর কথা বলতে লাগল।

আমার কাছে ওদের কথাবার্তা অত্যন্ত খারাপ লাগল এবং আমি স্থান পরিবর্তন করে অন্য একটি গাছের তলায় চলে গেলাম। তারা তাদের অস্ত্র গাছের সঙ্গে ঝুলিয়ে রেখে শুয়ে পড়ল। এমন সময় প্রান্তরের নিম্নাঞ্চল থেকে কে যেন চিৎকার করে বলল,

يَا لَلْمُهَاجِرِينَ، قُتِلَ ابْنُ زُنَيْمٍ

হে মুহাজিরগণ, সাহায্য! ইবনু জুনায়ম নিহত হয়েছে।

আমি তৎক্ষণাৎ আমার তরবারি উঠিয়ে ধরলাম এবং ওই চারজনের উপর আক্রমণ চালালাম। তখন তারা ঘুমিয়ে ছিল। আমি তাদের অস্ত্রগুলো হস্তগত করলাম এবং তা আটি বেঁধে আমার হাতে নিলাম। এরপর আমি বললাম, 'যে মহান সত্তা মুহাম্মদ ﷺ-কে সম্মানিত করেছেন তাঁর কসম, তোমাদের মধ্যে কেউ যদি মাথা তোলে, তবে তাঁর সেই অঙ্গে আঘাত (করে বিচ্ছিন্ন) করব যেখানে তাঁর চোখ দুটো রয়েছে (অর্থাৎ, ঘাড়ে)।'

তারপর তাদেরকে আমি হাঁকিয়ে রাসুল ﷺ-এর নিকট পর্যন্ত নিয়ে গেলাম। এমন সময় আমার চাচা আমির "আবালাত" গোত্রের একজনকে রাসুল ﷺ-এর নিকট নিয়ে এসেছেন। তাকে বলা হতো মিকরাজ। সে ছিল আঘাত নিরোধক বস্ত্রাকৃত একটি ঘোড়ায় আসীন। আর তাঁর সঙ্গে ছিল ৭০ জন মুশরিক। রাসুল ﷺ তাদের দিকে

Scanned by CamScanner

তাকালেন এবং বললেন, "ওদেরকে ছেড়ে দাও, যাতে অপকর্মের সূচনা ওদের পক্ষ থেকেই হয় এবং পুনরাবৃত্তিও ওরাই করে"। একথা বলে রাসুল ﷺ তাদের ক্ষমা করে দিলেন। তখন আল্লাহ তাআলা এই আয়াত নাজিল করলেন—

﴿وَهُوَ الَّذِي كَفَّ أَيْدِيَهُمْ عَنكُمْ وَأَيْدِيَكُمْ عَنْهُم بِبَطْنِ مَكَّةَ مِن بَعْدِ أَنْ أَظْفَرَكُمْ عَلَيْهِمْ﴾

সেই পবিত্র সত্তা, যিনি মক্কা-প্রান্তরে তাদের হাতকে তোমাদের উপর থেকে এবং তোমাদের হাতকে তাদের উপর থেকে বিরত রেখেছেন তাদের উপর তোমাদের বিজয়ী করার পর। [সুরা ফাতহ : ২৪]

তারপর আমরা মদিনায় প্রত্যাবর্তনের জন্য বেরিয়ে পড়লাম। পথে এমন একটি মনজিলে আমরা অবতরণ করলাম, যেখানে আমাদের ও লিহয়ান গোত্রের মধ্যে কেবল একটি পাহাড়ের ব্যবধান ছিল। আর তারা ছিল মুশরিক। তখন রাসুল ﷺ সেই ব্যক্তির জন্য আল্লাহর নিকটে দুআ করলেন—"যে ব্যক্তি রাতে নবি ও তাঁর সাহাবিদের পক্ষ থেকে খবরদারির জন্য পাহাড়ের উপর আরোহণ করবে।"'

সালামা বলেন, সে রাতে আমি দুই কি তিনবার ওই পাহাড়ে আরোহণ করেছিলাম। তারপর আমরা মদিনায় এলাম। রাসুল ﷺ তাঁর গোলাম রাবাহকে দিয়ে তাঁর উটগুলো পাঠালেন। আর আমিও তালহা রা.-এর ঘোড়ায় চলে তাঁর সঙ্গে সঙ্গে ঘাস-পানি খাওয়ানোর জন্য উটগুলো চারণভূমির দিকে নিয়ে গেলাম। যখন আমাদের ভোর হলো, আবদুর রহমান ফাজারি চড়াও হয়ে রাসুল ﷺ-এর (বিচরণকৃত) সমস্ত উট ছিনিয়ে নিয়ে গেল এবং তাঁর রাখালকে হত্যা করল। আমি তখন রাবাহকে বললাম, "হে রাবাহ, নাও, এই ঘোড়া নিয়ে তুমি তালহা ইবনু উবায়দুল্লাহকে পৌঁছে দিয়ো; আর রাসুল ﷺ-কে সংবাদ দাও যে, মুশরিকেরা তাঁর চারণভূমির উটগুলো লুটে নিয়ে গেছে।"

তিনি বলেন, তখন আমি একটি টিলার উপর দাঁড়ালাম। তারপর মদিনার দিকে মুখ করে তিনবার হাক দিলাম, "ইয়া সাবাহা! (ভোরের আক্রমণ)।"

তারপর আমি লুটেরাদের পিছু ধাওয়া করলাম এবং তাদের উপর তির নিক্ষেপ করতে লাগলাম। আর আমি মুখে এই চরণ উচ্চারণ করছিলাম—

وَأَنَا ابْنُ الْأَكْوَعِ وَالْيَوْمُ يَوْمُ الرُّضَّعِ

আমি আকওয়ার পুত্র। আজ সেই দিন, আজ ইতরকে (শায়েস্তা করার) দিন। আজকে কেমন মায়ের দুধ (খেয়েছ তা স্মরণের দিন)।

Scanned by CamScanner

তখন আমি তাদের যে কাউকে পেয়েছি, তাঁর ওপর এরকমভাবে তির নিক্ষেপ করেছি যে, তিরের অগ্রভাগ তার কাঁধের কোমল হাড় ছেদ করে বেরিয়েছে। আমি বলতে লাগলাম, "এ আঘাত নাও, আমি আকওয়ার পুত্র, আজ ইতরকে (শায়েস্তা করার) দিন। আজকে কেমন মায়ের দুধ (খেয়েছ তা স্মরণের দিন)।" আল্লাহর কসম, আমি তির নিক্ষেপ করতে থাকলাম এবং ঘায়েল করতে লাগলাম এবং যখনই কোনো ঘোড়সওয়ার আমার দিকে ফিরত, তখনই আমি গাছের আড়ালে এসে তার গোঁড়ায় বসে তার প্রতি তির নিক্ষেপ করতাম আর তাকে জখম করে ফেলতাম।

অবশেষে যখন তারা পাহাড়ের সংকীর্ণ পথে আসে এবং তারা সে সংকীর্ণ পথে ঢুকে, আমি তখন পাহাড়ের উপর উঠে সেখান থেকে (অবিরাম) তাদের উপর পাথর গড়িয়ে দিতে থাকলাম। এভাবে আমি তাদের পশ্চাদ্ধবন করতে থাকলাম যে পর্যন্ত-না আল্লাহর সৃষ্ট উটগুলোর প্রতিটি উট যা রাসুল ﷺ-এর ভারবাহীরূপে ছিল তা আমার পেছনে রেখে না যায়। তারা এগুলো আমার আওতায় ফেলে চলে গেল। তারপরও আমি তাদের অনুসরণ করে তাদের দিকে তির নিক্ষেপ করতে থাকলাম। এমনকি তারা ৩০টির বেশি চাঁদর এবং ৩০টি বল্লম নিজেদের বোঝা হালকা করার উদ্দেশ্য ফেলে গেল। তারা যেসব বস্তু ফেলে যাচ্ছিল আমি তাঁর প্রত্যেকটিকে পাথর দিয়ে চিহ্নিত করে যাচ্ছিলাম, যাতে রাসুল ﷺ ও তাঁর সাহাবিগণ তা চিনতে পারেন।

অবশেষে তারা পাহাড়ের একটি সংকীর্ণ স্থানে গিয়ে পৌঁছাল। এমন সময় বদর ফাজারির অমুক পুত্র এসে তাদের সঙ্গে মিলিত হলো। এবার তারা সকলে মিলে সকালের খাবার খেতে বসল। আমি পাহাড়ের একটি শৃঙ্গে বসে পড়লাম। তখন সে ফাজারি বলল, "ওই যে লোকটাকে দেখছি সে কে?" তারা বলল, "লোকটির হাতে আমরা অনেক দুর্ভোগ পোহায়েছি। আল্লাহর কসম, সেই রাতের আধার থেকে নিয়ে এ পর্যন্ত লোকটা আমাদের পেছন থেকে সরছে না। সে আমাদের প্রতি (অবিরাম) তির নিক্ষেপ করেছে, এমনকি আমাদের যথাসর্বস্ব সে কেড়ে নিয়েছে।" তখন সে বলল, "তোমাদের মধ্যকার চারজন উঠে গিয়ে তাঁর উপর চড়াও হও।" তখন তাদের চার ব্যক্তি পাহাড়ে উঠে আমার দিকে এগিয়ে আসতে লাগল। তারপর তারা যখন আমার কথা শোনার মতো নিকটবর্তী স্থানে এসে পৌঁছল।

তিনি বলেন, তখন আমি বললাম, "তোমরা কি আমাকে চেনো?" তারা বলল, "না।" তিনি বলেন, আমি বললাম, "আমি সালামা ইবনু আকওয়া। কসম সেই পবিত্র সত্তার, যিনি মুহাম্মাদ ﷺ-কে সম্মানিত করেছেন। আমি তোমাদের যাকেই পেতে চাইব (লক্ষ্য বানাব) তাকে ধরে ফেলব; কিন্তু তোমাদের কেউ চাইলেই আমাকে

Scanned by CamScanner

ধরতে পারবে না।” তখন তাদের একজন বলল, “আমিও তা-ই মনে করি।”

তিনি বলেন, তারপর তারা ফিরে গেল; আর আমি সেই স্থানেই বসে রইলাম। অবশেষে আমি গাছ-গাছালির মাঝ দিয়ে রাসুল ﷺ-এর অশ্বারোহীদের অগ্রসর হতে দেখলাম। তিনি বলেন, তাঁদের মধ্যে সবার আগে ছিলেন আখারাম আসাদি। তাঁর পেছনে আবু কাতাদা আনসারি। তাঁর পেছনে মিকদাদ ইবনুল আসওয়াদ কিন্দি। তিনি বলেন, আমি তখন আখরামের ঘোড়ার লাগাম ধরলাম। তিনি বলেন, তখন তারা (শত্রুরা) পৃষ্ঠপ্রদর্শন করে পালিয়ে গেল। আমি বললাম, “হে আখরাম, ওদের থেকে সতর্ক থাকবে। তারা যেন রাসুল ﷺ ও তাঁর সাহাবিগণ এসে মিলিত হওয়ার পূর্বেই তোমাদের বিচ্ছিন্ন করে না ফেলে।” আখারাম বললেন, “হে সালামা, তুমি যদি আল্লাহ ও কিয়ামত দিনের প্রতি বিশ্বাসী হও এবং জান্নাত ও জাহান্নামকে সত্য মনে করো, তবে আমার এবং শাহাদাতের মধ্যে অন্তরায় সৃষ্টি করো না।” সালামা বলেন, তখন আমি তাঁর পথ ছেড়ে দিলাম।

তখন তিনি আবদুর রহমানের সঙ্গে সম্মুখযুদ্ধে লিপ্ত হলেন। আখরাম আবদুর রহমানের ঘোড়াকে আহত করলেন; আর আব্দুর রহমান বর্শার আঘাতে তাকে কতল করে দিলো এবং আখরামের ঘোড়ার উপর চড়ে বসল। ইতিমধ্যে রাসুল ﷺ-এর ঘোড়সওয়ার আবু কাতাদা রা. এসে পৌঁছলেন। তিনি আবদুর রহমানকে বর্শার আঘাতে হত্যা করলেন। সেই পবিত্র সত্তার কসম, যিনি মুহাম্মাদ ﷺ-কে মর্যাদামণ্ডিত করেছেন, আমি তখন এতই দ্রুতগতিতে তাদের পিছু ধাওয়া করে যাচ্ছিলাম যে, আর পেছনে (অনেক দূর পর্যন্ত) মুহাম্মাদ ﷺ-এর কোনো সাহাবিকেই দেখতে পেলাম না। এমনকি তাদের ঘোড়ার খুরের ধুলিও আমার দৃষ্টিগোচর হলো না। এভাবে চলতে চলতে সূর্যাস্তের প্রাক্কালে তারা এমন একটি গিরিপথে উপনীত হলো, যেখানে জু-কারাদ নামক একটি প্রস্রবণ রয়েছে। অত্যন্ত তৃষ্ণার্ত অবস্থায় তারা পানি পান করতে অবতরণ করল। তখন তারা আমাকে তাদের পিছু ধাওয়া করে দৌড়ে আসতে দেখতে পেল। এক জায়গায় পানি পান করার পূর্বেই আমি সেখান থেকে তাদেরকে তাড়িয়ে দিলাম। তখন তারা পাহাড়ের একটি ঢালু উপত্যকার দিকে দৌড়াতে লাগল; আর আমিও তাদের পিছু ধাওয়া করতে লাগলাম।

আমি তাদের যেকোনো একজনের নিকটবর্তী হলে তার কাঁধের অস্থিতে তির নিক্ষেপ করে বললাম, “আমি আকওয়ার পুত্র, ইতরদের (বোঝাবার) দিন আজ (দুধপান স্মরণের দিন)।” সে তখন বলল, “তার মা (পুত্রহারা হয়ে) তার জন্য কাঁদুক! তুমি কি সে আকওয়া, যে আমাদের সেই ভোর থেকে অতিষ্ঠ করে রেখেছ?” আমি বললাম,

Scanned by CamScanner

"হ্যাঁ, তোমার জানের দুশমন, (আমি) সেই তোমার ভোরবেলার আকওয়াই।"

তিনি বলেন, অতঃপর তারা দুটি ক্লান্ত ঘোড়া উপত্যকায় ছেড়ে চলে গেল। তিনি বলেন, তখন আমি ওই দুটোকে হাকিয়ে রাসুল ﷺ-এর নিকট নিয়ে এলাম। তিনি বলেন, সেখানে একটি অল্প দুধভর্তি "সাতিহা" (চামড়ার তৈরি পাত্র) এবং একটি পানিভর্তি সাতিহা নিয়ে এসে আমির আমার সঙ্গে মিলিত হলেন। আমি তখন অজু করলাম এবং (দুধ) পান করলাম। তারপর এমন অবস্থায় রাসুল ﷺ-এর কাছে এলাম, যখন তিনি ওই পানির কাছে ছিলেন, যা থেকে আমি ওদেরকে তাড়িয়ে দিয়েছিলাম।

এদিকে রাসুল ﷺ ওই সমস্ত উট ও মুশরিকদের নিকট থেকে আমার ছিনিয়ে আনা সব কিছু বর্শা ও চাঁদর প্রভৃতি হস্তগত করেছেন। তখন বিলাল লোকদের কাছে থেকে আমার উদ্ধারকৃত একটি উট জবাই করেছেন এবং তাঁর কলিজা ও কুজ রাসুল ﷺ-এর জন্য ভুনছিলেন। তিনি বলেন, আমি বললাম, "ইয়া রাসুলাল্লাহ, আমাকে সুযোগ দিন, আমি আমাদের লোকদের থেকে ১০০ জনকে বাছাই করে নিয়ে সেই দুশমনদের পিছু ধাওয়া করি, যাতে তাদের সকলকে এমনিভাবে হত্যা করব যে, তাদের খবর বয়ে নিয়ে যাওয়ার মতো একটি লোকও অবশিষ্ট থাকবে না।" তিনি বলেন, তখন রাসুল ﷺ এমনভাবে হাসলেন যে, চুলার আগুনের আভায় তাঁর চোয়ালের দাঁতগুলি প্রকাশ পেল। এরপর রাসুল ﷺ বললেন, "হে সালামা, তুমি কি মনে করো যে, তুমি তা-ই করবে?" আমি বললাম, 'হ্যাঁ, সেই পবিত্র সত্তার শপথ, যিনি আপনাকে সম্মানিত করেছেন।" নবি ﷺ তখন বললেন, "এতক্ষণে তো তারা গাতফান পল্লিতে আতিথ্য ভোগ করছে।"

তিনি বলেন, পরে গাতফান গোত্রের একটি লোক এলো। সে বলল, "অমুক তাদের জন্য একটি উট জবেহ করেছে।" তারা যখন তার চামড়া ছড়াচ্ছিল তখন তারা ধুলোরাশি উড়তে দেখতে পায়। তখন তারা বলে উঠল, "ওরা (আকওয়া ও তার বাহিনী) তোমাদের নিকট এসে পড়েছে।" তখন তারা পালিয়ে যায়। এরপর আমাদের ভোর হল। রাসুল ﷺ বললেন,

كَانَ خَيْرَ فُرْسَانِنَا الْيَوْمَ أَبُو قَتَادَةَ، وَخَيْرَ رَجَّالَتِنَا سَلَمَةُ

"আমাদের আজকের সেরা অশ্বারোহী হচ্ছে আবু কাতাদা; আর আমাদের সেরা পদাতিক হচ্ছে সালামা।" তিনি বলেন, তারপর রাসুল ﷺ আমাকে অশ্বারোহী ও পদাতিক হিশেবে গণিমতের দুই অংশ দিলেন। আমাকে তিনি একত্রে দুই অংশ দিলেন। তারপর রাসুল ﷺ আমাদের মদিনায় প্রত্যাবর্তনকালে আমাকে তাঁর সঙ্গে

Scanned by CamScanner

তাঁর উটনী “আদবার” পেছনে বসিয়ে নিলেন।’[২৪]

ইমাম ইবনু কুদামা রাহ. বলেন,

لا يخرجون إلا بإذن الأمير؛ لأن أمر الحرب موكول إليه، إلا أن يتعذر استئذانه لمفاجأة عدوهم لهم، فلا يجب استئذانه حينئذ؛ لأن المصلحة تتعين في قتالهم والخروج إليهم لتعين الفساد في تركهم

‘তারা খলিফার অনুমতি ছাড়া বের হবে না। কেননা, যুদ্ধের বিষয়টি তার দায়িত্বে ন্যস্ত করা হয়েছে। তবে যদি শত্রুর আকস্মিক হামলার কারণে তার কাছ থেকে অনুমতি গ্রহণ করা দুষ্কর হয়ে যায়, তাহলে তখন অনুমতি গ্রহণ ওয়াজিব থাকবে না। কারণ, এ ক্ষেত্রে শত্রুর সঙ্গে লড়াই করা ও তাদের উদ্দেশে জিহাদে বের হওয়ার মধ্যে কল্যাণ সুনির্ধারিত, যেমনিভাবে তাদের সঙ্গে জিহাদ পরিত্যাগ করলে ক্ষতিও নির্দিষ্ট।’[২৫]

সুতরাং যদি ইমাম বিদ্যমান থাকা ও তার অনুমতি গ্রহণ আক্রমণাত্মক জিহাদ শুদ্ধ হওয়ার জন্য শর্তই হতো তাহলে যখন ইমাম বিদ্যমান না থাকবে; কিংবা বিদ্যমান থাকলেও প্রয়োজনের খাতিরে তার অনুমতি ছাড়াই জিহাদ পরিচালিত হবে, তখন জিহাদ শুদ্ধ না-হওয়াই ছিল যুক্তির দাবি। কারণ, ‘শর্ত’ বলা হয় ওই বিষয়কে, যার অনস্তিত্বে যার জন্য তাকে শর্ত করা হয়েছে তার অনস্তিত্বও আবশ্যক হয়। অথচ এখানে এই দুই প্রকারের আক্রমণাত্মক জিহাদকে ফকিহগণ নাকচ করেননি। এ দ্বারা বোঝা গেল, ইমাম বিদ্যমান থাকা এ প্রকারের জিহাদ শুদ্ধ হওয়ার জন্য শর্ত নয়; বরং উভয় অবস্থাতেই বিবেচ্য বিষয় হলো, মুসলমানদের কল্যাণ নিশ্চিত করা ও ক্ষতি বিদূরীত করা—যেমনটি ইমাম ইবনু কুদামা রাহ. জিহাদের কারণ চিহ্নিত করেছেন।

খ. দ্বিতীয় প্রকার হলো শত্রুদের থেকে মুসলিমভূমির প্রতিরক্ষামূলক জিহাদ। এ প্রকারে ইমামের উপস্থিতি শর্ত না হওয়ার বিষয়টি তো আরও অধিকতর স্পষ্ট ও পরিষ্কার। কেননা, এ প্রকার জিহাদ ওয়াজিব হওয়ার জন্য কোনোই শর্ত নেই; বরং প্রত্যেকের ওপরই ওয়াজিব তার সাধ্যমতো প্রতিরোধ করা। সুতরাং সন্তান তার বাবার কাছে, স্ত্রী তার স্বামীর কাছে, ঋণগ্রহীতা তার ঋণদাতার কাছে অনুমতি চাইবে না। অথচ এরা সকলেই অনুমতি ও আনুগত্যে আমিরের তুলনায় বেশি হকদার ছিল। তা সত্ত্বেও এমতাবস্থায় তাদের হক বাতিল হয়ে গেছে। কেননা, জিহাদ এখন সকলের

২৪ *সহিহ মুসলিম* : ১৮০৭।
২৫ *আল-মুগনি* : ১০/৩৯০।

Scanned by CamScanner

ওপরই ফরজে আইন।

তাই এখন ইমামের বিদ্যমানতা শর্ত হওয়া তো দূরের কথা; বরং ইমাম বিদ্যমান থাকলেও তার থেকে অনুমতি গ্রহণ করা শর্ত নয়।

শায়খুল ইসলাম ইবনু তাইমিয়া রাহ. বলেন,

أما قتال الدفع عن الحرمة والدين فواجب إجماعاً، فالعدو الصائل الذي يفسد الدين والدنيا لا شيء أوجب بعد الإيمان من دفعه، فلا يشترط له شرط، بل يدفع بحسب الإمكان

'আর ইজ্জত-আবরু ও দ্বীনের প্রতিরক্ষায় লড়াই করা সকলের ঐকমত্যে ওয়াজিব। কারণ, যেই আক্রমণকারী শত্রু মুসলমানদের দীন ও দুনিয়া উভয়টি ক্ষতিগ্রস্ত করে, ইমান আনার পর তাকে প্রতিহত করার চেয়ে বড় কোনো ওয়াজিব নেই। তাই তা ওয়াজিব হওয়ার জন্য কোনো শর্ত নেই; বরং সাধ্যমতো তাদের প্রতিহত করা হবে।'

তিনি আরও বলেন,

وإذا دخل العدو بلاد الإسلام فلا ريب أنه يجب دفعه على الأقرب فالأقرب، إذ بلاد الإسلام بمنزلة البلدة الواحدة، وأنه يجب النفير إليها بلا إذن والد ولا غريم

'শত্রুরা যখন মুসলিম শহরে অনুপ্রবেশ করে, তখন এতে কোনো সন্দেহ থাকে না যে, তাদেরকে প্রতিহত করা প্রথমে তাদের সবচেয়ে নিকটবর্তী লোকদের ওপর, তারপর যারা তাদের বেশি নিকটবর্তী তাদের ওপর... এইভাবে সকল মুসলিমদের ওপর ওয়াজিব হয়ে যায়। কারণ, সকল ইসলামি শহর একটি শহরের মতো। আর তখন প্রতিরোধের লক্ষ্যে যুদ্ধযাত্রা করা পিতা ও ঋণদাতার অনুমতি ব্যতীতই ওয়াজিব হয়ে যায়।'[২৬]

ইমাম ইবনু হাজম রাহ. বলেন,

إلا أن ينزل العدو بقوم من المسلمين ففرض على كل من يمكنه إعانتهم أن يقصدهم مغيثاً لهم

'তবে যদি শত্রুরা মুসলমানদের কোনো জনগোষ্ঠীর উপর আক্রমণ করে বসে, তাহলে তাদেরকে সাহায্য করতে সক্ষম এমন প্রত্যেকের ওপর ফরজ হয়ে যায় তাদের সাহায্যার্থে তাদের উদ্দেশে যুদ্ধযাত্রা করা।'[২৭]

- ইমাম আবু বকর জাসসাস রাহ. বলেন,

معلوم في اعتقاد جميع المسلمين أنه إذا خاف أهل الثغور من العدو، ولم تكن فيهم مقاومة

২৬ *আল-ফাতাওয়াল মিসরিয়্যাহ* : ৪/৫০৮।

২৭ *আল-মুহাল্লা* : ৭/২৯২।

Scanned by CamScanner

فخافوا على بلادهم وأنفسهم وذراريهم، أن الفرض على كافة الأمة أن ينفر إليهم من يكف عاديتهم عن المسلمين، وهذا لا خلاف فيه بين الأمة

'সকল মুসলিমের সুদৃঢ় বিশ্বাসে এই ইলম রয়েছে যে, যখন সীমান্তবাসীরা শত্রুর আশঙ্কা করে এবং তাদের কাছে প্রতিরোধক্ষমতা না থাকার ফলে তারা নিজেদের প্রাণ, সন্তান এবং শহর নিয়ে শঙ্কাবোধ করে তখন সমগ্র মুসলিম উম্মাহর ওপর ফরজ হয়ে যায় শত্রু-অভিমুখে যুদ্ধযাত্রা করে মুসলমানদের থেকে তাদের জুলুমকে প্রতিহত করা। এবং এ ব্যাপারে উম্মাহর কারও মাঝে কোনো দ্বিমত নেই।'[২৮]

এটাই হচ্ছে জিহাদ ফরজে আইন হওয়ার মর্মকথা। (অর্থাৎ, তাৎক্ষণিকভাবে বেরিয়ে পড়তে হবে)। সুতরাং যদি তা শুদ্ধ হওয়ার জন্য কোনো শর্ত থাকত—যেমন, খলিফা বিদ্যমান থাকা বা তার অনুমতি গ্রহণ করা, তাহলে শত্রুরা মুসলমানদের ওপর আক্রমণ করার সময় কখনোই তা ফরজে আইন হতো না। অথচ উম্মাহর কোনো আলিমই এ কথার প্রবক্তা নন।[২৯] এ কারণেই ইমাম মাওয়ারদি রাহ. বলেছেন,

فرض الجهاد على الكفاية يتولاه الإمام ما لم يتعين

'ফরজে কেফায়া জিহাদ পরিচালনার দায়িত্ব পালন করবেন ইমাম—যাবৎ-না তা ফরজে আইন হয়ে যায়। (অর্থাৎ, ফরজে আইন হয়ে গেলে তা আর ইমামের একক দায়িত্ব নয়; বরং প্রতিটি মুসলিমের দায়িত্ব।)'

৩. ফিকহের কিতাবসমূহে জিহাদ অধ্যায়ে জিহাদ ওয়াজিব হওয়ার শর্ত, জিহাদ কার

---

২৮ আহকামুল কুরআন : ৪/৩১২।

২৯ আল্লামা ইবনু আবেদিন শামি রাহ. বলেন, 'যদি শত্রুরা মুসলিমদের কোনো সীমান্তে আক্রমণ চালায়, তাহলে তার নিকটবর্তী যুদ্ধে সক্ষম মুসলিমদের ওপর জিহাদ ফরজে আইন হয়ে যায়। যদি তাদের সাহায্যের প্রয়োজন না হয়, তাহলে আক্রান্ত এলাকা থেকে যারা দূরে অবস্থান করছে তাদের ওপর জিহাদ ফরজে কেফায়া। তবে শত্রুর নিকটে যারা রয়েছে তারা যদি শত্রুকে প্রতিরোধ করতে অপারগ হয়; অথবা অপারগ না হলেও অলসতাবশত জিহাদ ত্যাগ করে, তাহলে তাদের পার্শ্ববর্তীদের ওপর নামাজ ও রোজার মতো জিহাদ ফরজে আইন হয়ে যায়, যা ছেড়ে দেওয়া বৈধ নয়। এভাবে ক্রমানুসারে পূর্ব-পশ্চিমের সকল মুসলিমের ওপর জিহাদ ফরজে আইন হয়ে যায়।' *ফাতাওয়া শামি* : ৩/২৩৮।
আল্লামা ইবনু নুজাইম রাহ. বলেন, 'এখানে উদ্দেশ্য হলো কোনো একটি নির্দিষ্ট মুসলিম ভূখণ্ডে (কাফিরদের) আক্রমণ হওয়া। তাহলেই সে দেশের সকল মানুষের ওপর (জিহাদ) ওয়াজিব হয়ে যাবে। যদি তারা যথেষ্ট না হয়, তাহলে তাদের পার্শ্ববর্তীদের ওপর একই হুকুম বর্তাবে। যদি তাদের পার্শ্ববর্তী মুসলিমরাও যথেষ্ট না হয়; অথবা অলসতাবশত আল্লাহর অবাধ্যতা করে, তাহলে তাদের পার্শ্ববর্তীদের ওপর এই হুকুম বর্তাবে। ক্রমানুসারে পূর্ব-পশ্চিমের সকল মুসলিমের ওপর এই ওয়াজিব ব্যাপকতা লাভ করবে।' *আল-বাহরুর রায়িক* : ১৩/২৮৯।

Scanned by CamScanner

ওপর ওয়াজিব হবে এবং কখন ওয়াজিব হবে ইত্যাদি সবকিছু লেখা রয়েছে; কিন্তু সেখানে খলিফা বা ঝান্ডা বিদ্যমান থাকার শর্তারোপ করা হয়নি। অথচ সহিহ হাদিসে এসেছে,

> مَا بَالُ أَقْوَامٍ يَشْتَرِطُونَ شُرُوطًا لَيْسَتْ فِي كِتَابِ اللهِ، مَنِ اشْتَرَطَ شَرْطًا لَيْسَ فِي كِتَابِ اللهِ فَلَيْسَ لَهُ، وَإِنِ اشْتَرَطَ مِائَةَ شَرْطٍ
>
> লোকদের কী হলো যে, তারা আল্লাহর কিতাব-বহির্ভূত বিষয়সমূহকে শর্তারোপ করছে? যে ব্যক্তি আল্লাহর কিতাব-বহির্ভূত কোনো বিষয়কে শর্তারোপ করবে, তা অকার্যকর হবে; যদিও সে একশ শর্ত আরোপ করে।[৩০]

শায়খ আবদুর রহমান বিন হাসান রাহ. জিহাদের জন্য ইমাম প্রয়োজন—এই শর্তটির অসারতা বর্ণনা করতে গিয়ে বলেন,

بأي كتاب أم بأي حجة أن الجهاد لا يجب إلا مع إمام متبع ؟ هذا من الفرية في الدين والعدول عن سبيل المؤمنين، والأدلة على بطلان هذا القول أشهر من أن تذكر، من ذلك عموم الأمر بالجهاد والترغيب فيه والوعيد في تركه

'কোন কিতাব বা কোন দলিল দ্বারা এটা প্রমাণিত হলো যে, অনুসৃত ইমাম না থাকলে জিহাদ ওয়াজিব হয় না? এটা দীনের ব্যাপারে কুৎসা রটানো ও মুসলমানদের পথ পরিহারের নামান্তর। এ বক্তব্যটির অসারতা প্রমাণ করার জন্য দলিলের অপেক্ষা রাখে না। তন্মধ্যে একটি হলো, জিহাদের আদেশ ও উৎসাহমূলক আয়াত-হাদিসসমূহ এবং জিহাদ ত্যাগের নিষেধ ও হুঁশিয়ারিমূলক বাণীসমূহ ব্যাপক ও উল্লেখিত শর্ত থেকে মুক্ত।'[৩১]

শায়খ সিদ্দিক হাসান খান রাহ. জিহাদের ব্যাপারে বলেন,

هذه فريضة من فرائض الدين، أوجبها الله على عباده من المسلمين، من غير تقيد بزمان أو مكان أو شخص أو عدل أو جور

'এটা দ্বীনের ফরজসমূহের মধ্য থেকে একটি ফরজ। আল্লাহ তাআলা যা তাঁর মুসলমান বান্দাদের ওপর ফরজ করেছেন কোনো কাল, স্থান, ব্যক্তি, ইনসাফ বা জুলুমের সঙ্গে সীমাবদ্ধ করা ব্যতীত।'[৩২]

---

৩০ *সহিহ বুখারি* : ২৭৩৫।
৩১ *আদ-দুরারুস সুন্নিয়্যাহ* : ৭/৯৭।
৩২ *আর-রওজাতুন নাদিয়্যাহ* : ৩৩৩।

Scanned by CamScanner

সুতরাং জিহাদ কিয়ামত পর্যন্ত চলবে; চাই ইমাম বিদ্যমান থাকুক বা না থাকুক এবং চাই সেখানে ঝান্ডা বিদ্যমান থাকুক বা না থাকুক।

শায়খুল ইসলাম ইবনে তাইমিয়া রাহ. এবং ইবনুল কায়্যিম রাহ.-সহ অনেক ইমাম এ ক্ষেত্রে আবু বাসির রা.-এর জিহাদ দ্বারা দলিল দিয়ে থাকেন।[৩৩] *আহকামুল মুজাহিদ বিন-নাফস* গ্রন্থে লেখা হয়েছে,

وجه الدلالة: أن النبي ﷺ لم ينكر على أبي بصير قتله للرجل، ولا أمر فيه بقود ولا دية .فدل على أنه ما فعله أبو بصير جائز

'যেভাবে এটা প্রমাণ হলো—নবি ﷺ আবু বাসির রা.-এর মানবহত্যার ওপর কোনো আপত্তি করেননি এবং এ ব্যাপারে কিসাস বা দিয়াতের নির্দেশ জারি করেননি।[৩৪] সুতরাং এটা প্রমাণ করল যে, আবু বাসির রা. যা করেছেন তা জায়িজ।'

তাঁর ঘটনাটি নিম্নরূপ—

(হুদায়বিয়া সন্ধি হওয়ার পর) আবু বাসির রা. নামক কুরাইশ গোত্রের এক ব্যক্তি ইসলাম গ্রহণ করে রাসুল ﷺ-এর কাছে এলেন। মক্কার কুরাইশরা তাঁর তালাশে দুজন লোক পাঠাল। তারা রাসুল ﷺ-এর কাছে এসে বলল, 'আপনি আমাদের সঙ্গে যে চুক্তি করেছেন, (তা পূর্ণ করুন)।' তিনি তাঁকে ওই দুই ব্যক্তির হাওয়ালা করে দিলেন। তারা তাঁকে নিয়ে বেরিয়ে গেল এবং জুল-হুলায়ফায় পৌঁছে অবতরণ করল; আর তাদের সঙ্গে যে খেজুর ছিল তা খেতে লাগল।

আবু বাসির রা. তাদের একজনকে বললেন, 'আল্লাহর কসম, হে অমুক, তোমার তরবারিটি খুবই চমৎকার দেখছি।' সে লোকটি তরবারিটি বের করে বলল, 'হ্যাঁ, আল্লাহর কসম, এটি একটি উৎকৃষ্ট তরবারি। আমি একাধিকবার তা পরীক্ষা করেছি।' আবু বাসির রা. বললেন, 'তরবারিটি আমি দেখতে চাই। তা আমাকে দেখাও।' তারপর লোকটি আবু বাসির রা.-কে তরবারিটি দিলো। আবু বাসির রা. সেটি দ্বারা তাকে এমন আঘাত করলেন যে, তাতে সে মরে গেল। তার অপর সঙ্গী পালিয়ে মদিনায় এসে পৌঁছাল এবং দৌড়িয়ে মসজিদে প্রবেশ করল। রাসুল ﷺ তাকে দেখে বললেন, 'এই লোকটি ভীতিজনক কিছু দেখে এসেছে।'

ইতিমধ্যে লোকটি নবি ﷺ-এর কাছে পৌঁছে বলল, 'আল্লাহর কসম, আমার সঙ্গীকে হত্যা করা হয়েছে, আমিও নিহত হতাম।' এমন সময় আবু বাসির রা.-ও সেখানে

---

৩৩ *জাদুল মাআদ* : ৩/৩০৯।

৩৪ *ফাতহুল বারি* : ৫/৪৩৯।

Scanned by CamScanner

এসে উপস্থিত হলেন এবং বললেন, ‘আল্লাহর নবি, আল্লাহর কসম, আল্লাহ্ আপনার দায়িত্ব সম্পূর্ণ করে দিয়েছেন। আমাকে তার কাছে ফেরত দিয়েছেন—এ ব্যাপারে আল্লাহ আমাকে তাদের কবল থেকে নাজাত দিয়েছেন।’ নবি ﷺ বললেন, ‘সর্বনাশ তার মায়ের![৩৫] সে তো যুদ্ধের আগুন প্রজ্বালনকারী। কেউ যদি তাঁর সঙ্গে থাকত!’[৩৬] আবু বাসির রা. যখন একথা শুনলেন তখন বুঝতে পারলেন যে, রাসুল ﷺ তাঁকে আবারও কাফিরদের কাছে ফেরত পাঠাবেন।[৩৭] তাই তিনি বেরিয়ে নদীর তীরে এসে পড়লেন।

---

৩৫ আল্লামা শাওকানি রাহ. এর ব্যাখ্যায় বলেন,

قَوْلُهُ: (وَيْلُ امِّهِ) بِضَمِّ اللَّامِ وَوَصْلِ الْهَمْزَةِ وَكَسْرِ الْمِيمِ الْمُشَدَّدَةِ: وَهِيَ كَلِمَةُ ذَمٍّ تَقُولُهَا الْعَرَبُ فِي الْمَدْحِ وَلَا يَقْصِدُونَ مَعْنَى مَا فِيهَا مِنَ الذَّمِّ

সর্বনাশ তার মায়ের—বাক্যটি নিন্দার বাক্য। তবে আরবরা এটাকে প্রশংসার ক্ষেত্রে ব্যবহার করে এবং তারা এর মধ্যে যে নিন্দার ভাব রয়েছে তা উদ্দেশ্য নেয় না। আল্লামা আইনি রাহ. বলেন,

وَهِيَ كلمة: أَصْلُهَا دُعَاء عَلَيْهِ، وَاسْتعْمل هُنَا للتعجب من إقدامه فِي الْحَرْب، والإيقاد لنارها وَسُرْعَة النهوض لَهَا

এই বাক্যটি মূলত বদদুআর বাক্য। এখানে তা ব্যবহৃত হয়েছে বিস্ময় প্রকাশের জন্য। বিস্ময়ের কারণ হলো, আবু বাসির রা.-এর যুদ্ধের ব্যাপারে অগ্রসরমানতা, যুদ্ধের আগুন প্রজ্বালন করা এবং খুব দ্রুত এর জন্য উদ্যোগী হওয়া।

আল্লামা কাসতাল্লানি রাহ.-সহ অন্য মুহাদ্দিসগণও এর এই অর্থই করেছেন। যেমন, মোল্লা আলি কারি রাহ. বলেন,

فَقَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: وَيْلَ أُمِّهِ) : بِالنَّصْبِ عَلَى الْمَصْدَرِ وَفِي نُسْخَةٍ بِالرَّفْعِ عَلَى الِابْتِدَاءِ وَالْخَبَرُ مَحْذُوفٌ، وَمَعْنَاهُ الْحُزْنُ وَالْمَشَقَّةُ وَالْهَلَاكُ وَقَدْ يَرِدُ بِمَعْنَى التَّعَجُّبِ وَهُوَ الْمُرَادُ هُنَا عَلَى مَا فِي النِّهَايَةِ فَإِنَّهُ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ تَعَجَّبَ مِنْ حُسْنِ نَهْضَتِهِ لِلْحَرْبِ وَجَوْدَةِ مُعَالَجَتِهِ لَهَا مَعَ مَا فِيهِ خَلَاصَةٌ مِنْ أَيْدِي الْعَدُوِّ

৩৬ এর ব্যাখ্যায় মোল্লা আলি কারি রাহ. বলেন,

(لَوْ كَانَ لَهُ) أَيْ: لِأَبِي بَصِيرٍ (أَحَدٌ) . أَيْ: صَاحِبٌ يَنْصُرُهُ وَيُعِينُهُ، وَقِيلَ مَعْنَاهُ لَوْ كَانَ لَهُ أَحَدٌ يعرفُهُ أَنَّهُ لَا يَرْجِعُ إِلَيَّ حَتَّى لَا أَرُدَّهُ إِلَيْهِمْ وَهَذَا أَنْسَبُ بِسِيَاقِ الْحَدِيثِ

যদি তার এমন কেউ থাকত, যে তাকে সাহায্য এবং সহযোগিতা করত! বলা হয়েছে, এর অর্থ হলো, যদি তাঁর এমন কেউ থাকত, যে তাঁকে জানিয়ে দেবে, সে যেন আমার কাছে আর ফিরে না আসে, যাতে তাঁকে মক্কাবাসীর কাছে ফিরিয়ে দিতে না হয়। এই ব্যাখ্যাটিই হাদিসের পূর্বাপরের সঙ্গে অধিক সামঞ্জস্যপূর্ণ।

৩৭ মোল্লা আলি কারি রাহ. বলেন,

(عَرَفَ أَنَّهُ سَيَرُدُّهُ إِلَيْهِمْ) . قَالَ الْقَاضِي: إِنَّمَا عَرَفَ ذَلِكَ مِنْ قَوْلِهِ: مِسْعَرَ حَرْبٍ لَوْ كَانَ مَعَهُ أَحَدٌ، فَإِنَّهُ شَعَرَ بِأَنَّهُ لَا يُؤْوِيهِ وَلَا يُعِينُهُ، وَإِنَّمَا خَلَاصُهُ عَنْهُمْ بِأَنْ يَسْتَظْهِرَ بِمَنْ يُعِينُهُ عَلَى مُحَارَبَتِهِمْ

আবু বাসির রা. বুঝতে পারলেন যে, রাসুল সা. তাঁকে আবারও কাফিরদের কাছে ফেরত পাঠাবেন। তিনি এটা বুঝেছেন ‘সে তো যুদ্ধের আগুন প্রজ্বালিতকারী। যদি কেউ তাঁকে সাহায্য করত!’—কথা থেকে। কেননা, তিনি আঁচ করেছেন যে, রাসুল সা. তাঁকে আশ্রয় দেবেন না, সহযোগিতাও করবেন না। আর তাঁর মুক্তির একমাত্র পথ হলো, তার সাহায্যকারীদেরকে সঙ্গে নিয়ে মক্কাবাসীদের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হওয়া।

উল্লেখ্য, এখানে সাহায্য করার দ্বারা যুদ্ধের আগুন উসকে দেওয়ার ক্ষেত্রে সাহায্য উদ্দেশ্য। সুতরাং আবু বাসির রা. মদিনার বাইরে গিয়ে কী উদ্যোগ নিতে পারেন, সে ব্যাপারে ছোট্ট একটি ইঙ্গিত এই কথার মধ্যে রয়েছে।

Scanned by CamScanner

বর্ণনাকারী বলেন, এদিকে আবু জানদাল ইবনু সুহায়ল কাফিরদের কবল থেকে পালিয়ে এসে আবু বাসিরের সঙ্গে মিলিত হলেন। এরপর থেকে কুরাইশ গোত্রের যে-ই ইসলাম গ্রহণ করত, সে-ই আবু বাসিরের সঙ্গে এসে মিলিত হতো। এভাবে তাঁদের একটি দল হয়ে গেল। আল্লাহর কসম, তারা যখনই শুনতেন যে, কুরাইশদের কোনো বাণিজ্য-কাফেলা সিরিয়া যাবে, তখনই তাঁরা তাদের প্রতিবন্ধকতা সৃষ্টি করতেন, তাদের হত্যা করতেন ও তাদের মাল-সামান কেড়ে নিতেন। তখন কুরাইশরা নবি ﷺ-এর কাছে লোক পাঠাল। আল্লাহ ও আত্মীয়তার দোহাই দিয়ে আবেদন করল যে, 'আপনি আবু বাসিরের কাছে এর থেকে বিরত থাকার জন্য নির্দেশ পাঠান। এখন থেকে রাসুল ﷺ-এর কাছে কেউ এলে সে নিরাপদ থাকবে।' (হুদায়বিয়া সন্ধির দাবি অনুসারে কুরাইশদের কাছে আর ফেরত পাঠাতে হবে না)।

তারপর নবি ﷺ তাদের কাছে নির্দেশ পাঠালেন। এ সময় আল্লাহ তাআলা নিচের আয়াতসমূহ নাজিল করেন—

﴿وَهُوَ الَّذِيْ كَفَّ اَيْدِيَهُمْ عَنْكُمْ وَاَيْدِيَكُمْ عَنْهُمْ بِبَطْنِ مَكَّةَ مِنْۢ بَعْدِ اَنْ اَظْفَرَكُمْ عَلَيْهِمْ ؕ وَكَانَ اللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرًا ○ هُمُ الَّذِيْنَ كَفَرُوْا وَصَدُّوْكُمْ عَنِ الْمَسْجِدِ الْحَرَامِ وَالْهَدْيَ مَعْكُوْفًا اَنْ يَّبْلُغَ مَحِلَّهٗ ؕ وَلَوْلَا رِجَالٌ مُّؤْمِنُوْنَ وَنِسَآءٌ مُّؤْمِنٰتٌ لَّمْ تَعْلَمُوْهُمْ اَنْ تَطَـُٔوْهُمْ فَتُصِيْبَكُمْ مِّنْهُمْ مَّعَرَّةٌۢ بِغَيْرِ عِلْمٍ ۚ لِيُدْخِلَ اللّٰهُ فِيْ رَحْمَتِهٖ مَنْ يَّشَآءُ ۚ لَوْ تَزَيَّلُوْا لَعَذَّبْنَا الَّذِيْنَ كَفَرُوْا مِنْهُمْ عَذَابًا اَلِيْمًا ○ اِذْ جَعَلَ الَّذِيْنَ كَفَرُوْا فِيْ قُلُوْبِهِمُ الْحَمِيَّةَ حَمِيَّةَ الْجَاهِلِيَّةِ فَاَنْزَلَ اللّٰهُ سَكِيْنَتَهٗ عَلٰى رَسُوْلِهٖ وَعَلَى الْمُؤْمِنِيْنَ وَاَلْزَمَهُمْ كَلِمَةَ التَّقْوٰى وَكَانُوْۤا اَحَقَّ بِهَا وَاَهْلَهَا ؕ وَكَانَ اللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمًا﴾

আল্লাহই মক্কা উপত্যকায় তাদের হাতকে তোমাদের পর্যন্ত পৌঁছা হতে এবং তোমাদের হাতকে তাদের পর্যন্ত পৌঁছা হতে নিবৃত্ত রেখেছেন তাদের ওপর তোমাদের ক্ষমতা দান করার পর।[৩৮] তোমরা যা কিছু করছিলে,

---

৩৮ উসমান রা. যখন মক্কায় গিয়ে কুরাইশদেরকে সন্ধির প্রস্তাব দিচ্ছিলেন, তখন মক্কার কাফিররা একটি দূরভিসন্ধি এঁটেছিল। তারা গোপনে তাদের ৫০ জন লোককে এই মতলবে পাঠিয়েছিল যে, তারা গুপ্ত আক্রমণ চালিয়ে মহানবি সা.-কে শহিদ করে ফেলবে; কিন্তু আল্লাহ তাআলা তাদের সে দূরভিসন্ধি নস্যাৎ করে দিয়েছিলেন। তিনি সে দলটিকে মুসলিমদের হাতে গ্রেফতার করিয়ে দেন। কুরাইশরা যখন তাদের গ্রেফতার হয়ে যাওয়ার খবর শুনল, তারা উসমান রা. ও তার সঙ্গীদেরকে মক্কায় আটকে ফেলল। মুসলমানরা তখন সেই ৫০ জনকে হত্যা করলে পালটা জবাবে কুরাইশরাও উসমান রা. ও তার সঙ্গীদেরকে হত্যা করত। আর তার ফল হতো অনিবার্য যুদ্ধ।

Scanned by CamScanner

আল্লাহ তা দেখছিলেন। এরাই তো তারা, যারা কুফর অবলম্বন করেছে, তোমাদেরকে মসজিদে হারাম থেকে নিবৃত্ত করেছে এবং আবদ্ধ অবস্থায় দাঁড়ানো কুরবানির পশুগুলোকেও যথাস্থানে পৌঁছতে বাধা দিয়েছে। যদি (মক্কায়) কিছু মুমিন পুরুষ ও মুমিন নারী না থাকত, যাদের সম্পর্কে তোমরা জানো না যে, তোমরা তাদেরকে অজ্ঞাতসারে পিষে ফেলতে,[৩৯] ফলে তাদের কারণে তোমরা ক্ষতিগ্রস্ত হতে (তবে আমি ওই কাফিরদের সঙ্গে সন্ধির পরিবর্তে তোমাদেরকে যুদ্ধে লিপ্ত করতাম। কিন্তু আমি যুদ্ধ রোধ করেছি) এ জন্য যে, আল্লাহ যাকে চান নিজ রহমতের ভেতর দাখিল করেন।[৪০] (অবশ্য) সেই মুসলিমরা যদি সেখান থেকে সরে যেত, তবে আমি মক্কাবাসীর মধ্যে যারা কাফির, তাদের যন্ত্রণাময় শাস্তি দিতাম। কাফিররা যখন তাদের অন্তরে অহমিকাকে স্থান দিলো, যা ছিল জাহিলি যুগের অহমিকা, তখন আল্লাহ নিজের পক্ষ হতে তাঁর রাসুল ও মুসলিমদের ওপর বর্ষণ করলেন প্রশান্তি এবং তাদেরকে তাকওয়ার বিষয়ে স্থিত করে রাখলেন;[৪১] আর তারা তো এরই বেশি হকদার ও এর উপযুক্ত ছিল। আল্লাহ সর্ববিষয়ে সম্যক জ্ঞাত। [সুরা ফাতহ : ২৪-২৬]

তাদের অহমিকা এই ছিল যে, তারা মুহাম্মদ ﷺ-কে আল্লাহর নবি বলে স্বীকার

সুতরাং আল্লাহ তাআলা মুসলিমদের মনোভাবকে বন্দি হত্যা না করার অনুকূল করে দিলেন এবং তাদের হাতকে বন্দিদের হত্যা করা থেকে নিবৃত্ত রাখলেন। অথচ বন্দিরা তাদের আয়ত্তাধীন ছিল এবং মুসলিমরা তাদেরকে হত্যা করতে পরিপূর্ণ সক্ষম ছিল। অপরদিকে মুসলিমদের সঙ্গে যুদ্ধ করা হতে কুরাইশদের হাতকে আল্লাহ তাআলা এভাবে রুখে দিলেন যে, তিনি তাদের অন্তরে মুসলিমদের প্রতি ভীতি সঞ্চার করলেন। ফলে তারা যুদ্ধের পরিবর্তে সন্ধিতেই রাজি হয়ে গেল; অথচ তারা উসমান রা.-কে সাফ জানিয়ে দিয়েছিল যে, তারা কিছুতেই সন্ধি করবে না।

৩৯ মুসলিমদের যেসব হিত বিবেচনায় তখন যুদ্ধকে সমীচীন মনে করা হয়নি, আল্লাহ তাআলা এ আয়াতে তার একটা বর্ণনা করেছেন। বলা হচ্ছে যে, তখন মক্কায় বহু মুসলিম অবস্থান করছিল। সবশেষে উসমান রা. ও তাঁর সঙ্গীগণও সেখানে পৌঁছে গিয়েছিলেন। যুদ্ধ হলে তো পুরোপুরিভাবেই হতো এবং সেই ঘোরতর লড়াইয়ের ভেতর মক্কায় অবস্থিত মুসলিমদের খোদ মুসলিমদেরই হাতে তাদের অজ্ঞাতসারে কোনো ক্ষতি হয়ে যেতে পারত, যদ্দরুণ পরবর্তীতে খোদ মুসলিমদেরই অনুশোচনা করতে হতো। মুসলিমদের যেন এমন ক্ষতির শিকার হতে না হয় এবং সেই ক্ষতির জন্য পরবর্তীতে গ্লানিবোধ করতে না হয়, তাই আল্লাহ তাআলা যুদ্ধ রুখে দেন ও সন্ধি স্থাপিত করেন।

৪০ আল্লাহ তাআলা মক্কার মুসলিমদের প্রতি রহমত করেন যে, তাদেরকে হতাহতের শিকার হওয়া থেকে রক্ষা করলেন আর মদিনার মুসলিমদের প্রতিও রহমত করেন যে, তাদের হাতকে দীনি ভাইদের রক্তে রঞ্জিত হওয়া থেকে মুক্ত রাখলেন।

৪১ 'তাকওয়ার বিষয়' ছিল এটাই যে, সর্বাবস্থায় আল্লাহ তাআলা ও তাঁর রাসুল সা.-এর আনুগত্য করা হবে—আনুগত্যের বিষয়টি যতই অপ্রীতিকর হোক না কেন। সাহাবিগণ তা-ই করেছিলেন।

Scanned by CamScanner

করেনি এবং মেনে নেয়নি। এ ছাড়া বাইতুল্লাহ ও মুসলিমদের মধ্যে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছিল।[৪২]

এই হাদিসে আমরা লক্ষ করলাম, আবু বাসির রা. ও তাঁর সঙ্গীরা ইমাম বিদ্যমান থাকা সত্ত্বেও তাঁর নির্দেশ, এমনকি অবগতি ছাড়াই জিহাদ করেছেন। কিন্তু রাসুল ﷺ তাঁকে অপরাধী হিশেবে দেখা তো দূরের কথা, উলটো তাঁর জিহাদের প্রতি মৌন সম্মতি জানিয়েছেন। আর হুদায়বিয়ার সন্ধি বাহ্যদৃষ্টিতে পরাজয় মনে হওয়া সত্ত্বেও আল্লাহ তাআলা যে তাকে সুস্পষ্ট বিজয় বলে অভিহিত করেছিলেন, আবু বাসির রা.-এর এই সফলতার মাধ্যমে তা দিবালোকের মতো স্পষ্ট হয়ে সকলের চোখে ধরা দিলো। কাফিররা নিজেরাই তাদের বিছানো ফাঁদে আটকে গেল। বাধ্য হয়ে তারাই সন্ধির ধারা রহিত করার দাবি নিয়ে রাসুল ﷺ-এর সামনে হাজির হলো।

আবু বাসির রা. স্বেচ্ছাপ্রণোদিত হয়ে যে সময়ে জিহাদ করেছিলেন, তখন তিনি রাসুল ﷺ-এর অধীনেও ছিলেন না এবং তিনি কোনো দারুল ইসলামেও বসবাসরত ছিলেন না। এমনকি তিনি নিজেও কোনো ইমাম ছিলেন না এবং তাঁর সঙ্গে কোনো ঝান্ডাও ছিল না; বরং তিনি মুশরিকদের উপর আক্রমণ করে তাদের সঙ্গে লড়াই করে গনিমত আহরণ করতেন এবং তা দ্বারা স্বনির্ভরতা অর্জন করতেন। কিন্তু এতদ্‌সত্ত্বেও রাসুল ﷺ তাঁকে মৌন সমর্থন দিয়েছেন ও তাঁর প্রশংসা করেছেন।

শায়খ আবদুর রহমান বিন হাসান রাহ. এ ঘটনা দ্বারা দলিল পেশ করে বলেন,

هل قال رسول الله ﷺ أخطأتم في قتال قريش؛ لأنكم لستم مع إمام؟ سبحان الله ما أعظم مضرة الجهل على أهله!

'রাসুল ﷺ কি তাদেরকে বলেছেন যে, কুরাইশদের সঙ্গে লড়াই করে তোমরা ভুল করেছ। কেননা, তোমরা তো কোনো ইমামের সঙ্গে ছিলে না? আশ্চর্য, মূর্খতা মূর্খদের জন্য কতটা ক্ষতিকারক হতে পারে!'[৪৩]

ইমাম মুহাম্মাদ রাহ. *আস-সিয়ারুল কাবির* গ্রন্থে একটি বর্ণনা উল্লেখ করেন,

أَنَّ رَجُلًا مِنْ أَشْجَعَ جَاءَ إِلَى النَّبِيِّ، فَشَكَا إِلَيْهِ الْحَاجَةَ فَقَالَ: اصْبِرْ، ثُمَّ ذَهَبَ فَأَصَابَ مِنْ الْعَدُوِّ غَنِيمَةً، وَأَتَى بِهَا النَّبِيَّ ، فَطَيَّبَهَا لَهُ، فَأَنْزَلَ اللهُ تَعَالَى: {وَمَنْ يَتَّقِ اللهَ يَجْعَلْ لَهُ مَخْرَجًا وَيَرْزُقْهُ مِنْ حَيْثُ لا يَحْتَسِبُ} الْآيَةُ.

---

৪২ *সহিহ বুখারি* : ২৭৩২।

৪৩ *আদ-দুরারুস সুন্নিয়্যাহ* : ৭/৯৭।

Scanned by CamScanner

'আশজা গোত্রের জনৈক ব্যক্তি নবি ﷺ-এর কাছে এসে অভাবের অভিযোগ করে। রাসুল ﷺ তাকে বলেন, "তুমি সবর করো।" এরপর সে চলে গেল এবং শত্রুর উপর আক্রমণ করে গনিমত লাভ করে তা নিয়ে রাসুল ﷺ-এর কাছে এলো। রাসুল ﷺ তাঁর জন্য সেগুলোকে উত্তম বলে আখ্যা দিলেন। তখন আল্লাহ তাআলা আয়াত অবতীর্ণ করলেন,

> যে আল্লাহকে ভয় করে, আল্লাহ তার জন্য সংকট থেকে উত্তরণের কোনো পথ তৈরি করে দেন এবং তাকে এমন স্থান থেকে রিজিক দান করেন, যা তার ধারণার বাইরে।' [সুরা তালাক : ২-৩]

ইমাম সারাখসি রাহ. এর ব্যাখ্যা প্রসঙ্গে লেখেন,

فَهَذَا أَصْلُ عُلَمَائِنَا فِيمَا يُصِيبُهُ الْوَاحِدُ وَالْمَثْنَى مِنْ دَارِ الْحَرْبِ إِذَا دَخَلُوا عَلَى وَجْهِ التَّلَصُّصِ، بِغَيْرِ إِذْنِ الْإِمَامِ

'এক-দুজন ব্যক্তি ইমামের অনুমতি ব্যতিরেকে গোপনে দারুল হারবে প্রবেশ করে যা কিছু অর্জন করে নিয়ে আসে, সে ক্ষেত্রে এটা হলো আমাদের আলিমগণের মূল দলিল।'[৪৪]

৪. জিহাদ কায়েম করা যেমন ওয়াজিব, ইমাম নিযুক্ত করাও তেমনই ওয়াজিব। তাই মুজাহিদদের জন্য আবশ্যক হলো, পূর্ব থেকে সেখানে কোনো কেন্দ্রীয় ইমাম না থাকলে নিজেদের মধ্য থেকে কাউকে ইমাম বানিয়ে নেওয়া। কারণ, ইমাম বিদ্যমান থাকা জিহাদ শুদ্ধ হওয়ার জন্য শর্ত নয়; বরং ইমামের বিদ্যমানতার জন্য (অর্থাৎ, ইমাম ইমাম হিশেবে বাকি থাকার জন্য) জিহাদ কায়েম করা শর্ত। কারণ, ইমামের রাষ্ট্র পরিচালনা শুদ্ধ হওয়ার জন্য জিহাদ কায়েম করা শর্ত।

সুতরাং সঠিক ফাতওয়া হলো, জিহাদ ছাড়া কোনো ইমাম থাকতে পারে না। এটা নয় যে, ইমাম ছাড়া কোনো জিহাদ থাকে না।

শায়খ আবদুর রহমান বিন হাসান রাহ. বলেছেন,

كل من قام بالجهاد في سبيل الله فقد أطاع الله، وأدى ما فرضه الله، ولا يكون الإمام إماماً إلا بالجهاد، لا أنه لا يكون جهاد إلا بإمام

'যারা আল্লাহর পথে জিহাদ করল, তারা সকলে আল্লাহর আনুগত্য করল ও আল্লাহ

৪৪ *শারহুস সিয়ারিল কাবির* : ৪/১২৬০-১২৬১।

Scanned by CamScanner

তাআলা তাদের প্রতি যা ফরজ করেছিলেন তা আদায় করণ। আর কোনো ইমাম ইমাম থাকতে পারে না জিহাদ ছাড়া। এমন নয় যে, ইমাম ছাড়া কোনো জিহাদ থাকে না।'[৪৫]

এটা তো সকলেরই জানা যে, ইমামের সর্বপ্রথম দায়িত্ব হচ্ছে জনগণকে রক্ষা করা এবং শরিয়ত প্রতিষ্ঠা করা। সুতরাং তিনি যদি জিহাদ ও জনগণকে রক্ষা করতে অক্ষম হন তাহলে তিনি খিলাফত পরিচালনার গণ্ডি থেকে বেরিয়ে যান। বরং তখন তার বিদ্যমান থাকা ও না-থাকা বরাবর হয়ে যায়। আর যদি তিনি মুসলমানদের প্রাণ, সম্পদ ও ইজ্জত-আবরু রক্ষায় অন্তরায় হয়ে যান, তাহলে তার বিদ্যমান থাকার চেয়ে না থাকাই ভালো। উপরন্তু শরয়িভাবে তখন তার খিলাফত বাতিল হয়ে যায়। কেননা, তার খলিফা থাকার উদ্দেশ্য এখন আর পাওয়া যাচ্ছে না। হাদিস শরিফে এসেছে,

إِنَّمَا الْإِمَامُ جُنَّةٌ، يُقَاتَلُ مِنْ وَرَائِهِ، وَيُتَّقَى بِهِ

ইমাম হচ্ছে ঢালস্বরূপ, যার অধীনে থেকে যুদ্ধ করা হয় এবং যার দ্বারা শত্রুর আক্রমণ থেকে সুরক্ষা পাওয়া যায়।[৪৬]

তাই ইমাম নিযুক্ত করা ওয়াজিব, যাতে তিনি ঢাল ও প্রতিবন্ধক হয়ে জনগণকে রক্ষা করতে পারেন এবং জনগণ তার অধীনে থেকে লড়াই করতে পারে। পক্ষান্তরে তিনি যদি মুসলিমদের বদলে শত্রুদের ঢাল হন তাহলে তো তিনি জাগতিকভাবে মুসলমানদের ইমাম হিশেবে বাকি থাকলেও শরয়িভাবে কিছুতেই ইমাম থাকতে পারেন না।

আমির যদি ইমারাহর উপযুক্ত না হয়, তাহলে মুসলমানদের কী করণীয়—এক হাদিসে বিষয়টি সুন্দরভাবে প্রতিভাত হয়েছে,

عَنْ عُقْبَةَ بْنِ مَالِكٍ رَضِيَ اللهُ عَنْهُ، قَالَ: بَعَثَ النَّبِيُّ ﷺ سَرِيَّةً، فَسَلَّحْتُ رَجُلًا مِنْهُمْ سَيْفًا فَلَمَّا رَجَعْنَا إِلَى رَسُولِ اللهِ ﷺ لَامَنَا رَسُولُ اللهِ ﷺ قَالَ: «أَعَجَزْتُمْ إِذَا بَعَثْتُ رَجُلًا، فَلَمْ يَمْضِ لِأَمْرِي أَنْ تَجْعَلُوا مَكَانَهُ مَنْ يَمْضِي لِأَمْرِي»

উকবা ইবনু মালিক রা. বলেন, রাসুল ﷺ একটি বাহিনী প্রেরণ করলেন। আমি তাদের একজন ব্যক্তিকে অস্ত্র হিশেবে একটি তরবারি

৪৫ *আদ-দুরারুস সুন্নিয়্যাহ : ৭/৯৭।*

৪৬ *সহিহ মুসলিম : ১৮৪১; সুনানু আবি দাউদ : ২৭৫৭।*

Scanned by CamScanner

দান করলাম। আমরা যখন রাসুল ﷺ-এর কাছে ফিরে এলাম, রাসুল ﷺ আমাদেরকে নিন্দা করে বললেন, ‘আমি যখন কোনো ব্যক্তিকে পাঠালাম আর সে আমার নির্দেশ কার্যকর করল না, তখন তোমরা কি অক্ষম হয়ে গিয়েছিলে যে, তার স্থলে এমন কাউকে নিযুক্ত করতে, যে আমার নির্দেশ কার্যকর করত?’[৪৭]

আল্লামা শাওকানি রাহ. *ওয়াবলুল গামাম* গ্রন্থে লেখেন,

ملاك أمر الإمامة وأعظم شروطها وأجل أركانها، أن يكون قادراً على تأمين السبل وإنصاف المظلومين من الظالمين، ومتمكناً من الدفع عن المسلمين إذا دهمهم أمر يخافونه، كجيش كافر أو باغ، فإذا كان السلطان بهذه المثابة فهو السلطان الذي أوجب الله طاعته وحرم مخالفته، بل هذا الأمر هو الذي شرع الله له نصب الأئمة، وجعل ذلك من أعظم مهمات الدين

‘খিলাফতের ভিত্তি, প্রধান শর্ত ও সবচেয়ে গুরুত্বপূর্ণ স্তম্ভ হচ্ছে জনগণের নিরাপত্তা নিশ্চিত করা, জালিমের জুলুম থেকে বাঁচিয়ে মাজলুমের প্রতি ন্যায়বিচার প্রতিষ্ঠা করা এবং মুসলমানরা যদি কোনো ভীতিকর অবস্থা—যেমন, কাফির বা বিদ্রোহী সেনাদলের সম্মুখীন হয় তাহলে তা প্রতিহত করতে সমর্থ হওয়া। যে শাসক এই অবস্থানে থাকে, মূলত তার ব্যাপারেই বর্ণিত হয়েছে যে, তার আনুগত্য ওয়াজিব এবং তার বিরুদ্ধাচরণ হারাম। বরং এ কাজগুলো সম্পাদন করার জন্যই আল্লাহ তাআলা শরিয়তে ইমাম নিযুক্ত করার বিধান দিয়েছেন এবং এটাকে দ্বীনের গুরুত্বপূর্ণ বিধানাবলির অন্তর্ভুক্ত করেছেন।’[৪৮]

আমিরের অনুপস্থিতিতে যে জিহাদ পরিচালনা করার জন্য মুজাহিদরা নিজেদের পক্ষ থেকেই আমির নির্ধারণ করে নিতে পারে, এর সবচেয়ে প্রকৃষ্ট উদাহরণ হলো মুতাযুদ্ধের ঘটনা।

عَنْ أَنَسٍ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ النَّبِيَّ ﷺ نَعَى زَيْدًا، وَجَعْفَرًا، وَابْنَ رَوَاحَةَ لِلنَّاسِ قَبْلَ أَنْ يَأْتِيَهُمْ خَبَرُهُمْ، فَقَالَ: «أَخَذَ الرَّايَةَ زَيْدٌ فَأُصِيبَ، ثُمَّ أَخَذَ جَعْفَرٌ فَأُصِيبَ، ثُمَّ أَخَذَ ابْنُ رَوَاحَةَ فَأُصِيبَ» وَعَيْنَاهُ تَذْرِفَانِ: «حَتَّى أَخَذَ

---

৪৭ *আল-মুসতাদরাক*, ইমাম হাকিম : ২৫৩৯। ইমাম হাকিম রাহ. বলেন, هَذَا حَدِيثٌ صَحِيحٌ عَلَى شَرْطِ مُسْلِمٍ وَلَمْ يُخَرِّجَاهُ। ইমাম জাহাবি রাহ.-ও তাঁর সঙ্গে দ্বিমত পোষণ করেননি।

৪৮ *ইকলিলুল কারামাহ*, সিদ্দিক হাসান খান : ১১৪-১১৫।

Scanned by CamScanner

الرَّايَةَ سَيْفٌ مِنْ سُيُوفِ اللهِ، حَتَّى فَتَحَ اللهُ عَلَيْهِمْ»

আনাস রা. থেকে বর্ণিত; নবি ﷺ-এর নিকট (মুতার) যুদ্ধক্ষেত্র থেকে খবর এসে পৌঁছার পূর্বেই তিনি উপস্থিত মুসলমানদের জায়েদ, জাফর ও ইবনু রাওয়াহা রা.-এর শাহাদাতের কথা জানিয়ে দিয়েছিলেন। তিনি বলেছিলেন, 'জায়েদ পতাকা হাতে অগ্রসর হলে তাঁকে শহিদ করা হয়। তখন জাফর পতাকা হাতে অগ্রসর হলো, তাঁকেও শহিদ করে ফেলা হয়। তারপর ইবনু রাওয়াহা পতাকা হাতে নিল। এবার তাঁকেও শহিদ করে দেওয়া হলো।' এ সময়ে তার দু-চোখ থেকে অশ্রুধারা প্রবাহিত হচ্ছিল। (তারপর তিনি বললেন) 'অবশেষে সাইফুল্লাহদের মধ্যে এক সাইফুল্লাহ (আল্লাহর তরবারি) হাতে পতাকা ধারণ করেছে; ফলত আল্লাহ তাদের ওপর (আমাদের) বিজয় দান করেছেন।'[৪৯]

আল্লাহ তাআলা সেই যুদ্ধে মুসলমানদেরকে 'সাইফুল্লাহ' উপাধিপ্রাপ্ত মহান সেনাপতি খালিদ ইবনুল ওয়ালিদ রা.-এর হাতে মুসলমানদের বিজয় দান করেছিলেন; কিন্তু তাঁকে রাসুল ﷺ আমির হিশেবে মনোনীত করে পাঠাননি। তিনি সর্বমোট তিনজনকে আমির বানিয়ে পাঠিয়েছিলেন। তাঁদের সকলের শাহাদাতের পর মুসলমানরা সাবিত ইবনু আকরাম রা.-এর আহ্বানে নিজেরা পরামর্শক্রমে খালিদ ইবনুল ওয়ালিদ রা.-কে নিজেদের আমির হিশেবে মনোনীত করে।

عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ ـ رضى الله عنهما ـ قَالَ أَمَّرَ رَسُولُ اللهِ ﷺ فِي غَزْوَةِ مُوتَةَ زَيْدَ بْنَ حَارِثَةَ، فَقَالَ رَسُولُ اللهِ ﷺ « إِنْ قُتِلَ زَيْدٌ فَجَعْفَرٌ، وَإِنْ قُتِلَ جَعْفَرٌ فَعَبْدُ اللهِ بْنُ رَوَاحَةَ ». قَالَ عَبْدُ اللهِ كُنْتُ فِيهِمْ فِي تِلْكَ الْغَزْوَةِ فَالْتَمَسْنَا جَعْفَرَ بْنَ أَبِي طَالِبٍ، فَوَجَدْنَاهُ فِي الْقَتْلَى، وَوَجَدْنَا مَا فِي جَسَدِهِ بِضْعًا وَتِسْعِينَ مِنْ طَعْنَةٍ وَرَمْيَةٍ.

আবদুল্লাহ ইবনু উমর রা. থেকে বর্ণিত; তিনি বলেন, মুতার যুদ্ধে রাসুল ﷺ জায়েদ ইবনু হারিসা রা.-কে সেনাপতি নিযুক্ত করে বলেছিলেন, 'যদি জায়েদ শহিদ হয়ে যায় তাহলে জাফর ইবনু আবু তালিব সেনাপতি হবে। যদি জাফরও শহিদ হয়ে যায় তাহলে আবদুল্লাহ ইবনু রাওয়াহা সেনাপতি হবে।' আবদুল্লাহ ইবনু উমর রা. বলেন, ওই যুদ্ধে তাদের

৪৯ *সহিহ বুখারি* : ৪২৬২।

Scanned by CamScanner

সঙ্গে আমিও ছিলাম। যুদ্ধ শেষে আমরা জাফর ইবনু আবু তালিব রা.-কে তালাশ করলে তাঁকে শহিদগণের মধ্যে পেলাম। তখন আমরা তাঁর দেহে তরবারি ও বর্শার ৯০টিরও অধিক আঘাতের চিহ্ন দেখতে পেয়েছি।'[৫০]

উপরিউক্ত হাদিসের ব্যাখ্যায় হাফিজ ইবনু হাজার রাহ. *ফাতহুল বারি* গ্রন্থে লেখেন,

قال الطحاوي: هذا الأصل يؤخذ منه أن على المسلمين أن يقدموا رجلاً إذا غاب الإمام يقوم مقامة إلى أن يحضر. وكذا قال الخطابي وعنه البغوي.

'ইমাম তাহাবি রাহ. বলেন, এই মূলনীতি থেকে উদ্‌ঘাটিত হয় যে, ইমাম যখন অনুপস্থিত থাকবেন, তখন মুসলমানদের ওপর অন্য কোনো ব্যক্তিকে অগ্রসর করা অপরিহার্য হবে, যে ইমামের স্থলাভিষিক্ত হবে—যতক্ষণ-না ইমাম উপস্থিত হয়। ইমাম খাত্তাবি রাহ.-ও অনুরূপ বলেছেন এবং তাঁর সূত্রে বাগাবি রাহ. এই কথা বর্ণনা করেছেন।'

ইমাম নববি রাহ. *আল-মিনহাজ* গ্রন্থে লেখেন,

يكره غزو بغير إذن الإمام أو نائبه .

'ইমাম বা তার প্রতিনিধির অনুমতি ছাড়া যুদ্ধ করা অপছন্দনীয় হবে।'

এর ব্যাখ্যায় আল্লামা শিরবিনি রাহ. লেখেন,

استثنى البلقيني من الكراهة صوراً

أحدهما: أن يفوت المقصود بذهابه للاستئذان .

ثانيهما: إذا عطل الإمام الغزو وأقبل وجنوده على أمور الدنيا كما يشاهد .

ثالثهما: إذا غلب على ظنه أنه لو استأذن لم يأذن له

'আল্লামা বালকিনি রাহ. অপছন্দনীয়তা থেকে কিছু ক্ষেত্রকে আলাদা করেছেন,

ক. অনুমতির জন্য যেতে হলে লক্ষ্য হাতছাড়া হয়ে যাবে।

খ. ইমাম যখন জিহাদকে নিষ্ক্রিয় করে ফেলবে এবং তিনি ও তার সেনাবাহিনী পার্থিব বিষয়াদি নিয়ে মেতে থাকবে, যেমনটা দৃষ্টিগোচর হচ্ছে।

গ. যখন এই ধারণা প্রবল হবে যে, অনুমতি চাইলে তিনি অনুমতি দেবেন না।'[৫১]

---

৫০ *সহিহ বুখারি* : ৪২৬১।

৫১ *মুগনিল মুহতাজ* : ৪/২২০।

Scanned by CamScanner

ইমাম জুওয়ায়নি রাহ. *গিয়াসুল উমাম* গ্রন্থে লেখেন,

فإذا شغر الزمان عن الإمام وخلا عن سلطان ذي خبرة وكفاية ودراية فالأمور موكولة إلى العلماء فحق على الخلائق على اختلاف طبقاتهم أن يرجعوا إلى علمائهم ويصدروا في جميع قضايا الولايات عن رأيهم.

'সময় যখন ইমামের উপস্থিতি থেকে শূন্য হবে এবং অভিজ্ঞতা, দক্ষতা ও জ্ঞানসম্পন্ন শাসক থেকে মুক্ত হবে তখন সব বিষয় আলিমদের দিকে ন্যস্ত হবে। সর্বস্তরের মানুষের ওপর অপরিহার্য হবে আলিমগণের কাছে প্রত্যাবর্তন করা এবং শাসনক্ষমতার সঙ্গে সংশ্লিষ্ট সব বিষয়ে তাদের সিদ্ধান্ত জারি করা।'

৫. মুসলমান ও তাদের শত্রুদের মাঝে সংঘটিত প্রতিটি যুদ্ধকেই জিহাদ বলা হয়; তা আক্রমণাত্মক হোক কিংবা হোক প্রতিরক্ষামূলক।

শায়খ আবদুর রহমান বিন হাসান রাহ. বলেছেন,

كل من قام إزاء العدو وعاده واجتهد في دفعه فقد جاهد، ولا بد وكل طائفة تصادم عدو الله فلا بد أن يكون لها أئمة ترجع إلى أقوالهم وتدبيرهم، وأحق الناس بالإمامة من أقام الدين الأمثل فالأمثل، فإن تابعه الناس أدوا الواجب، وإن لم يتابعوه أثموا إثماً كبيراً بخذلانهم الإسلام، وأما القائم به كلما قلت أعوانه وأنصاره صار أعظم لأجره، كما دل على ذلك الكتاب والسنة والإجماع

'যে ব্যক্তি শত্রুর মুখোমুখি দাঁড়াবে এবং তার প্রতিরোধে পূর্ণ প্রচেষ্টার সঙ্গে সংগ্রাম চালিয়ে যাবে, নিঃসন্দেহে সে মুজাহিদ। আর যে দলই আল্লাহর শত্রুদের মোকাবিলা করবে, তাদের জন্য এমন কিছু নেতৃস্থানীয় লোকদের প্রয়োজন, যাদের মন্তব্য ও পরিকল্পনাকে তারা পাথেয় হিশেবে গ্রহণ করবে। আর লোকদের মধ্যে ইমাম হবার অধিকতর যোগ্য ওই ব্যক্তি, যে পরিপূর্ণভাবে শরিয়ত প্রতিষ্ঠা করতে পারবে। তারপর যে বেশি শ্রেষ্ঠতর, তারপর যে বেশি শ্রেষ্ঠতর। এরপর যদি লোকেরা তাকে মান্য করে, তাহলে তো তারা ওয়াজিব আদায় করে নিল। অন্যথায় তারা শক্ত গুনাহগার হবে ইসলামের এই মহান বিধানটি পরিত্যাগ করার কারণে। আর যারা এ গুরুদায়িত্ব সম্পাদন করবেন (অর্থাৎ, তার সাহায্যকারী ও সহকারীবৃন্দ) তারা বিরাট সওয়াবের অংশীদার হবেন। কুরআন, সুন্নাহ ও ইজমা দ্বারা এমনটিই প্রতিভাত হয়।'[৫২]

---

৫২ *আদ-দুরারুস সুন্নিয়্যাহ* : ৭/৯৮।

Scanned by CamScanner

মোটকথা, প্রকৃতপক্ষে জিহাদ হচ্ছে আল্লাহর শত্রু ও আল্লাহর বন্ধুদের শত্রুকে প্রতিহত করার জন্য শক্তি ব্যয় করা। আর কিতাল তথা রক্তক্ষয়ী লড়াই হচ্ছে তার সর্বোৎকৃষ্ট প্রকার।

সুতরাং যে-কেউই শত্রুর সঙ্গে আক্রমণাত্মক বা প্রতিরক্ষামূলক লড়াই করবে, সেই মুজাহিদ ও তাঁর এ লড়াই জিহাদ বলে গণ্য হবে। এ লড়াইয়ে যে-কেউই মারা যাবে, সে-ই শহিদ ও দুনিয়াতে তাঁর সঙ্গে শহিদেরই আচরণ করা হবে—চাই সে পুরুষ হোক বা নারী, বড় হোক বা ছোট, সুন্নি হোক বা বিদআতি, নেককার হোক বা বদকার।

যেমন, হাফিজ ইবনু হাজার আসকালানি রাহিমাহুল্লাহ 'শহিদের জানাজার নামাজ' অধ্যায়ে লেখেন,

قال الزين بن المنير: «والمراد بالشهيد قتيل المعركة - أي من المسلمين - في حرب الكفار» قال الحافظ : ولا فرق في ذلك بين المرأة والرجل صغيراً أو كبيراً حراً أو عبداً صالحاً أو غير صالح

'জাইন ইবনুল মুনির রাহ. বলেছেনে, "শহিদ দ্বারা উদ্দেশ্য হলো রণাঙ্গনের নিহত ব্যক্তি। অর্থাৎ, কাফিরদের বিরুদ্ধে সংঘটিত লড়াইয়ে মুসলমানদের (নিহত ব্যক্তি)।" এ ক্ষেত্রে নারী-পুরুষ, ছোট-বড়, স্বাধীন-দাস, নেককার ও বদকারের মাঝে কোনো ভেদাভেদ নেই।'[৫৩]

সুতরাং এ নিয়ে আলিমগণের মাঝে দ্বিমত নেই যে, যে মুসলমানই কাফিরদের সঙ্গে সংঘটিত লড়াইয়ে মারা যাবে, দুনিয়ার বিচারে সে-ই শহিদ। এ জন্যই তাঁরা এ নিয়ে মতবিরোধ করেছেন যে, তাঁর জানাজার নামাজ কি পড়া হবে নাকি হবে না? তাঁকে কি গোসল দেওয়া হবে নাকি হবে না? অধিকাংশ ফকিহ এ মতকে প্রাধান্য দিয়েছেন যে, তাঁকে গোসলও দিতে হবে না এবং তাঁর জানাজার নামাজও পড়া হবে না। তবে তাঁরা তাঁর শহিদ হওয়া বা না-হওয়া নিয়ে দ্বিমত করেননি। কেননা, তাঁর গোসল ও নামাজ নিয়ে তাঁদের মতবিরোধের কারণ হলো তাঁরা সবাই এতে একমত যে, সে এমন শহিদ, শরিয়তে অন্যান্য মৃত মুসলমানদের তুলনায় যাঁর আলাদা বৈশিষ্ট্য রয়েছে। তবে এর অর্থ এটা নয় যে, তাঁর জান্নাতে প্রবেশ করা ও আল্লাহর দরবারে তাঁর শাহাদাত কবুল হওয়ার ব্যাপারে নিশ্চিত কিছু বলা হচ্ছে। কেননা, তা আল্লাহ তাআলা ছাড়া কেউ জানে না।

---

৫৩ *ফাতহুল বারি* : ৩/৩০৯।

Scanned by CamScanner

হাফিজ ইবনু হাজার আসকালানি রাহ. (لا يقال فلان شهيد) 'অমুক শহিদ—এভাবে বলা যাবে না' শীর্ষক অধ্যায়ে লেখেন,

أي على سبيل القطع بذلك إلا إن كان بالوحي.... وإن كان مع ذلك يعطى أحكام الشهداء في الأحكام الظاهرة، ولذلك أطبق السلف على تسمية المقتولين ببدر وأحد وغيرهما شهداء، والمراد بذلك الحكم الظاهر المبني على الظن الغالب

'ওহির সূত্র ছাড়া কারও ব্যাপারে নিশ্চিত করে বলা যাবে না যে, অমুক শহিদ। যদিও-বা তা সত্ত্বেও বাহ্যিকভাবে তাদেরকে শহিদের হুকুম প্রদান করা হবে। এ কারণেই সালাফে সালিহিনগণ বদর, উহুদ ও অন্যান্য যুদ্ধের মৃতদের শহিদ আখ্যাদানে একমত পোষণ করেছেন এবং এ দ্বারা উদ্দেশ্য হচ্ছে, প্রবল ধারণার ওপর ভিত্তি করে বাহ্যিক হুকুম আরোপ করা।'[৫৪]

আর ফিতনার লড়াই হচ্ছে ওই লড়াই, যা মুসলমানদের মাঝে জাহিলি সাম্প্রদায়িকতা ও অন্যায় পক্ষপাতিত্ব বা দেশ ও রাজত্ব দখল ইত্যাদি অভিলাসের ভিত্তিতে সংঘটিত হয়ে থাকে। এগুলোই হচ্ছে সেই ফিতনার লড়াই, যাতে অংশগ্রহণ করা হারাম; বরং এ ক্ষেত্রে ওয়াজিব হলো, মুসলমানদের উভয় পক্ষের মধ্যে সুসম্পর্ক স্থাপনের চেষ্টা করা। এতে যদি একদল ফিরে আসে তাহলে যে দল ফিরে আসবে না তাদের বিরুদ্ধে লড়াই করা ওয়াজিব হবে, যে পর্যন্ত না তারা আল্লাহর নির্দেশের দিকে ফিরে আসে।

আর কাফির শত্রু যখন কোনো মুসলিম ভূমিতে আক্রমণ করে বসে তখন তাদের বিরুদ্ধে লড়াই করাটা কোনো ফিতনার লড়াই হতে পারে না। এমন কথা উম্মাহর বিগত আলিমগণের মধ্যে কেউই বলেননি; বরং ফিতনা তো হচ্ছে সে সময় লড়াই পরিত্যাগ করা এবং কাফির শত্রুদের প্রতিরোধ না করার মধ্যে। উপরন্তু সে সময় যুদ্ধ পরিত্যাগ করা আল্লাহর সঙ্গে শিরক করার পর সবচেয়ে বড় গুনাহ।

ইমাম ইবনু হাজম রাহ. বলেন,

ولا إثم بعد الكفر أعظم من إثم من نهى عن جهاد الكفار، وأمر بإسلام حريم المسلمين إليهم

'যে ব্যক্তি কাফিরদের সঙ্গে জিহাদ করতে নিষেধ করে এবং মুসলমানদের পবিত্র স্থানসমূহকে তাদের নিকট অর্পণ করার জন্য আদেশ করে, কুফরের পর এই ব্যক্তির

---

৫৪ *ফাতহুল বারি* : ৬/৯০।

Scanned by CamScanner

গুনাহের চেয়ে বড় আর কোনো গুনাহ নেই।'[৫৫]

এ ছাড়াও উপরে শায়খুল ইসলাম ইমাম ইবনু তাইমিয়া রাহ.-এর ফাতওয়া বিবৃত হয়েছে—ইমান আনার পর মুসলিম ভূমি থেকে শত্রুদের প্রতিহত করার চেয়ে বড় কোনো ওয়াজিব নেই।

৬. বিভিন্ন বর্ণনাসূত্রে রাসুল ﷺ থেকে বর্ণিত হয়েছে, তিনি বলেছেন,

> مَنْ قُتِل دُونَ مالِهِ فهُو شَهيدٌ، ومنْ قُتلَ دُونَ دمِهِ فهُو شهيدٌ، وَمَنْ قُتِل دُونَ دِينِهِ فَهو شهيدٌ، ومنْ قُتِل دُونَ أَهْلِهِ فهُو شهيدٌ
>
> যে ব্যক্তি সম্পদ রক্ষায় মারা যাবে সে শহিদ। যে ব্যক্তি প্রাণ রক্ষায় মারা যাবে সে শহিদ। যে ব্যক্তি দীন রক্ষায় মারা যাবে সে শহিদ। যে ব্যক্তি পরিবার রক্ষায় মারা যাবে সে শহিদ।[৫৬]

আর এটা সর্বজনস্বীকৃত যে, এ হাদিসটি সকলের ক্ষেত্রেই ব্যাপক; বরং এ হাদিসটি একক ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হওয়ার ব্যাপারে কারও দ্বিমত নেই এবং প্রতিটি মুসলমানের জন্য বৈধ আছে যে, সে নিজের ইজ্জত-সম্মান, সম্পদ ও দীন প্রতিরক্ষার জন্য লড়াই করবে—যদিও সে একা হয়। এমনকি আগ্রাসী ব্যক্তি যদি তার মতো একজন মুসলিমও হয় তবুও এবং এ ক্ষেত্রে যদি সে মারা যায় তাহলে সে শহিদ হবে।

আবু হুরাইরা রা. বর্ণনা করেন,

> جَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللهِ ﷺ، فَقَالَ: يَا رَسُولَ اللهِ، أَرَأَيْتَ إِنْ جَاءَ رَجُلٌ يُرِيدُ أَخْذَ مَالِي؟ قَالَ: «فَلَا تُعْطِهِ مَالَكَ» قَالَ: أَرَأَيْتَ إِنْ قَاتَلَنِي؟ قَالَ: «قَاتِلْهُ» قَالَ: أَرَأَيْتَ إِنْ قَتَلَنِي؟ قَالَ: «فَأَنْتَ شَهِيدٌ»، قَالَ: أَرَأَيْتَ إِنْ قَتَلْتُهُ؟ قَالَ: «هُوَ فِي النَّارِ»
>
> জনৈক ব্যক্তি রাসুল ﷺ-এর কাছে এসে বলল, 'আল্লাহর রাসুল, কোনো ব্যক্তি যদি আমার সম্পদ ছিনিয়ে নিতে চায়, তবে এ ব্যাপারে আপনার কী অভিমত?' তিনি বললেন, 'তুমি তাকে তোমার সম্পদ দেবে না।' সে বলল, 'আচ্ছা, সে যদি আমার সঙ্গে যুদ্ধ করে?' রাসুল ﷺ বললেন, 'তুমিও তার সঙ্গে যুদ্ধ করবে।' সে বলল, 'আচ্ছা, সে যদি আমাকে

৫৫ *আল-মুহাল্লা* : ৭/৩০০।

৫৬ *সুনানুত তিরমিজি* : ১৪২১; *সুনানু আবি দাউদ* : ৪৭৭২; *সহিহ বুখারি* : ২৪৮০; *সহিহ মুসলিম* : ১৪১।

Scanned by CamScanner

> হত্যা করে ফেলে?' রাসুল ﷺ বললেন, 'তাহলে তুমি একজন শহিদ।' সে বলল, আচ্ছা, 'যদি আমি তাকে হত্যা করে ফেলি?' রাসুল ﷺ বললেন, 'তাহলে সে জাহান্নামে যাবে।'[৫৭]

সুতরাং যে ব্যক্তি জিহাদের জন্য ইমাম বিদ্যমান থাকা বা তার অনুমতি গ্রহণ করাকে শর্ত হিশেবে বিবেচনা করে থাকে, সে তো এ হাদিসের নির্দেশনাকেই অকেজো করে দেয়। উপরন্তু *সহিহ মুসলিম* দ্বারা প্রমাণিত যে, আবদুল্লাহ ইবনু আমর রা. এ হাদিস দ্বারা মুসলিমের জন্য নিজেদের প্রাণ, সম্পদ ও ইজ্জত-সম্মানের প্রতিরক্ষায় লড়াই করা জায়িজ হওয়ার ব্যাপারে দলিল প্রদান করেছেন। এমনকি আগ্রাসী ব্যক্তি যদি স্বয়ং খলিফা হয় তবুও। বাদশাহ যখন আবদুল্লাহ ইবনু আমর রা.-এর জমি নিয়ে যেতে মনস্থ করে, তখন তিনি এই হাদিস দ্বারা দলিল পেশ করে বাদশাহর সঙ্গে লড়াই করার জন্য প্রস্তুতি গ্রহণ করেন।[৫৮]

সুতরাং এ-জাতীয় লড়াইয়ে যেহেতু খলিফার অনুমতি গ্রহণ এবং ঝান্ডা বিদ্যমান থাকা শর্ত নয়, তাহলে কাফির শত্রু থেকে নিজের প্রাণ, সম্পদ, ইজ্জত-সম্মান, ভূমি ও দীন প্রতিরক্ষায় কী করে তা শর্ত হতে পারে? বরং নিঃসন্দেহে সে ক্ষেত্রে এ হুকুম আরও ভালোভাবে প্রযোজ্য হবে। তখন সন্দেহাতীতভাবে ইমামের অনুমতি গ্রহণ এবং ঝান্ডা বিদ্যমান থাকা শর্ত থাকবে না।

৭. সহিহ হাদিসের গ্রন্থাদিতে 'সাহায্যপ্রাপ্ত দল'-সংক্রান্ত হাদিসসমূহও এ বিষয়টিকে সুদৃঢ় করে। যেমন,

> لَا تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي ظَاهِرِينَ عَلَى الْحَقِّ، لَا يَضُرُّهُمْ مَنْ خَذَلَهُمْ، حَتَّى يَأْتِيَ أَمْرُ اللهِ وَهُمْ كَذَلِكَ
>
> আমার উম্মাহর একটি দল সর্বদা হকের ওপর প্রাধান্য বিস্তার করে থাকবে, যারা তাঁদের অসহযোগিতা করবে তারা তাঁদের কোনোই ক্ষতি করতে পারবে না—যাবৎ-না আল্লাহর নির্দেশ আসে এবং তাঁরা সেই অবস্থায় থাকে।[৫৯]

---

৫৭ *সহিহ মুসলিম* : ১৪০।

৫৮ দ্রষ্টব্য—*সহিহ মুসলিম* : ১৪১। বর্ণনাটি নিম্নরূপ :

لَمَّا كَانَ بَيْنَ عَبْدِ اللهِ بْنِ عَمْرٍو وَبَيْنَ عَنْبَسَةَ بْنِ أَبِي سُفْيَانَ مَا كَانَ تَيَسَّرُوا لِلْقِتَالِ، فَرَكِبَ خَالِدُ بْنُ الْعَاصِ إِلَى عَبْدِ اللهِ بْنِ عَمْرٍو فَوَعَظَهُ خَالِدٌ، فَقَالَ عَبْدُ اللهِ بْنُ عَمْرٍو: أَمَا عَلِمْتَ أَنَّ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ قُتِلَ دُونَ مَالِهِ فَهُوَ شَهِيدٌ».

৫৯ *সহিহ মুসলিম* : ১৯২০; *সহিহ বুখারি* : ৭৩১১।

Scanned by CamScanner

সহিহ মুসলিমের অপর বর্ণনায় এসেছে,

> لَا تَزَالُ عِصَابَةٌ مِنْ أُمَّتِي يُقَاتِلُونَ عَلَى أَمْرِ اللهِ، قَاهِرِينَ لِعَدُوِّهِمْ، لَا يَضُرُّهُمْ مَنْ خَالَفَهُمْ، حَتَّى تَأْتِيَهُمُ السَّاعَةُ وَهُمْ عَلَى ذَلِكَ
>
> আমার উম্মাহর একটি দল অব্যাহতভাবে আল্লাহর দীনের ওপর যুদ্ধ করবে। তাঁরা তাদের শত্রুকে পরাস্ত করবে। যারা তাঁদের বিরোধিতা করবে, তারা তাঁদের কোনো ক্ষতি করতে পারবে না; যতক্ষণ-না তাঁদের কাছে কিয়ামত আসে এবং তাঁরা সেই অবস্থায় থাকে।[৬০]

শায়খুল ইসলাম ইমাম ইবনু তাইমিয়া রাহ. তাঁর সময়ে এর ব্যাখ্যা করেছিলেন—শামে জিহাদরত জামাআতই হাদিসে বর্ণিত সাহায্যপ্রাপ্ত জামাআত। আর শুধু ইবনু তাইমিয়া রাহ.-ই নন; বরং তাঁর অনেক পূর্বে সাহাবি আমিরুল মুমিনিন মুআবিয়া রা.-ও একই কথা বলে গেছেন।[৬১]

সুতরাং স্পষ্ট হয়ে গেল যে, হাদিসে বর্ণিত সাহায্যপ্রাপ্ত জামাআত দ্বারা উদ্দেশ্য হলো উম্মাহর অমিততেজা শার্দূল সম্মানিত মুজাহিদগণ।

ইমাম আহমাদ ইবনু হাম্বল রাহ.-এর নিকট সাহায্যপ্রাপ্ত জামাআত সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন,

> هم الذين يقاتلون الروم، كل من قاتل المشركين فهو على الحق
>
> এঁরা হচ্ছে ওই সমস্ত লোক, যাঁরা রোমানদের বিরুদ্ধে যুদ্ধ করে। যাঁরাই মুশরিকদের বিরুদ্ধে যুদ্ধ করে, তাঁরা হকের ওপর রয়েছে।[৬২]

এটা সবাই জানে যে, একটি দল জাতির কতিপয় লোকই হবে, পুরো জাতি হবে না। আর তাদের জিহাদ এবং বিজয়ও সে ক্ষেত্রে জাতি ও ইমাম ব্যতীতই হয়ে থাকবে। কারণ, ইমাম যদি তাদের সঙ্গে থাকতই, তাহলে তো ইমামের অনুগামী হয়ে পুরো জাতিই তাদের সঙ্গে থাকত। আর সে ক্ষেত্রে তো জাতির তুলনায় এই দলটির আলাদা কোনো বৈশিষ্ট্য রইল না। সুতরাং উপরিউক্ত হাদিসটি ইঙ্গিতাকারে এ কথারই জানান দিচ্ছে যে, মুসলমানদের একটি দল এককভাবে মুশরিকদের বিরুদ্ধে জিহাদ করতে

---

৬০ *সহিহ মুসলিম* : ১৯২৪, ১৯২৪, ১৫৬।

৬১ *মুসনাদু আবি দাউদ তায়ালিসি* গ্রন্থে (২/৬৮) বর্ণনা এসেছে :

عَنْ أَبِي عَبْدِ اللهِ الشَّامِيِّ، قَالَ: سَمِعْتُ مُعَاوِيَةَ، يَخْطُبُ وَهُوَ يَقُولُ: يَا أَهْلَ الشَّامِ حَدَّثَنِي الْأَنْصَارِيُّ يَعْنِي زَيْدَ بْنَ أَرْقَمَ أَنَّ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي يُقَاتِلُونَ عَلَى الْحَقِّ حَتَّى يَأْتِيَ أَمْرُ اللهِ» وَإِنِّي أَرَاكُمُوهُمْ يَا أَهْلَ الشَّامِ

৬২ *মাসায়িলু ইবনি হানি* : ২/১৯২।

Scanned by CamScanner

পারবে—এ ক্ষেত্রে যদি পুরো জাতি তাঁদের পরিত্যাগ করে এবং ইমামও তাঁদের সাহায্য না করে। আর জিহাদ শুদ্ধ হওয়ার জন্য ইমাম বিদ্যমান থাকা বা তার অনুমতি গ্রহণ করা শর্তই হতো, তাহলে হাদিসে বর্ণিত সেই দলটির জন্য জিহাদ করাও শুদ্ধ হতো না এবং আল্লাহ তাআলাও সমগ্র জাতিকে ছেড়ে তাঁদেরকে এই মহান শ্রেষ্ঠত্বে ভূষিত করতেন না।

৮. কর্মভিত্তিক ইজমা উক্তিমূলক ইজমাকে আরও বেশি জোরদার করেছে। কেননা, এ যুগে যেখানেই শত্রুরা মুসলমানদের উপর আক্রমণ করেছে, সেখানে ইমাম বিদ্যমান না-থাকা সত্ত্বেও মুসলমানরা তাদের মোকাবিলা করে উম্মাহর প্রতিরক্ষা করেছে। যেমনটি ঘটেছে পশ্চিমা ঔপনিবেশিকদের অধীনে ইসলামি বিশ্বের পতনের পর এবং উসমানি সালতানাতের ধ্বংসের পর। তখন আলজেরিয়া, লিবিয়া, মিসর, সিরিয়া, ইরাক ও ভারতবর্ষসহ অন্য মুসলিম রাষ্ট্রগুলোর আলিম, ফকিহ ও মুজাহিদগণ তাঁদের ভূমি ও ইজ্জত-সম্মান রক্ষায় প্রতিরোধ গড়ে তুলেছিলেন। এমনকি শত্রুর বিরুদ্ধে যারা জিহাদ করছে, তাদের জিহাদ বৈধ হওয়ার ব্যাপারে এবং তাদের সাহায্য করা ওয়াজিব হওয়ার ব্যাপারেও আলিমগণ তখন ঐকমত্য পোষণ করেছিলেন। অথচ তখন মুসলমানদের না ছিল কোনো সাধারণ খলিফা, না ছিল সে অঞ্চলগুলোর জন্য কোনো বিশেষ আমির; আর না ছিল তাঁদের নিকট পর্যাপ্ত শক্তি; বরং এগুলো ছিল আবু বাসির রা. ও তাঁর সঙ্গীদের মতো কেবলই একটি গোষ্ঠীকেন্দ্রিক যুদ্ধ, যা তাঁরা চালিয়েছেন স্বদেশ স্বাধীন হওয়া ও পশ্চিমা ঔপনিবেশিকদের বিতাড়িত করার আগ পর্যন্ত।

সুতরাং জিহাদ শুদ্ধ হওয়ার জন্য ইমাম বা ঝান্ডা বিদ্যমান থাকাকে যারা শর্ত করে থাকে, তারা বিদেশি ঔপনিবেশিকদের বিরুদ্ধে যে-সমস্ত আলিম ও নেতৃস্থানীয় মুসলমানরা জিহাদ করেছেন এবং নারী, শিশু ও ভূমি রক্ষায় শত্রুদের সঙ্গে লড়াই করে যত লাখ মুসলমান শহিদ হয়েছেন, তাদের সকলের জিহাদকে নাকচ করে দিচ্ছে।

৯. জিহাদ এমন একটি ইবাদত, যার তত্ত্ব, মর্মার্থ ও তাৎপর্য বোধগম্য।[৬৩] জিহাদ ইসলামি শরিয়তে বিধিবদ্ধ করার উদ্দেশ্য হলো, মুসলমানদের রক্ষা করা, তাদের শত্রুদের প্রতিহত করা, শত্রুরা আমাদের উপর আক্রমণ করার পূর্বেই তাদেরকে

---

৬৩ الجهاد عبادة وفريضة معقولة المعنى، وليست حكما تعبدياً محضاً غير معقول معناه

Scanned by CamScanner

ভীতসন্ত্রস্ত করা বা আক্রমণ করার পর তাদেরকে বিতাড়িত করা। সুতরাং তাদেরকে প্রতিহত করা সম্ভব—এমন সকল পদ্ধতি বা উপায়ই অবলম্বন করা বৈধ; তা কোনো শান্তিপূর্ণ যুদ্ধ হোক বা হোক সশস্ত্র যুদ্ধ, তা প্রকাশ্য যুদ্ধ হোক বা হোক মল্লযুদ্ধ এবং সেই যুদ্ধ এক কর্তৃপক্ষ ও ঝান্ডার অধীনে হোক বা তা ব্যতীত হোক। কেননা, শায়খুল ইসলাম ইবনু তাইমিয়া রাহ.-এর বক্তব্য অনুযায়ী এ ব্যাপারে ফকিহগণের গ্রন্থাদিতে কোনো শর্তারোপ করা হয়নি। বিশেষত প্রতিরক্ষামূলক জিহাদের ক্ষেত্রে। বরং সামর্থ্যবান প্রত্যেক ছোট-বড়, ধনী-গরিব পুরুষ-নারীর ওপর দায়িত্ব হলো সাধ্যমতো প্রতিরোধ গড়ে তোলা, এমনকি পাথর দিয়ে হলেও—যেমনটি ফকিহগণ বর্ণনা করেছেন।

হাশিয়াতে বাইজুরিতে প্রতিরক্ষামূলক জিহাদ সম্পর্কে বলা হয়েছে,

أن يدخل الكفار بلدة من بلاد المسلمين أو ينزل قريباً منها، فالجهاد حينئذ فرض عين عليهم، فيلزم أهل ذلك البلد حتى الصبيان والنساء والعبيد والمدين ولو بلا إذن من الأولياء والأزواج، والسادة ورب المال، الدفع للكفار بما يمكن منهم ولو بضرب بأحجار ونحوها

'যদি কাফিররা মুসলমানদের কোনো শহরে অনুপ্রবেশ করে বা শহরের কাছাকাছি কোথাও অবস্থান করে, তাহলে তখন তাদের ওপর জিহাদ করজে আইন হয়ে যায়। এ ক্ষেত্রে সেই শহরবাসীদের জন্য, এমনকি তাদের নারী, শিশু, দাস ও ঋণগ্রস্তদের জন্যও জরুরি হয়ে পড়ে সাধ্যানুযায়ী উপকরণ দ্বারা কাফিরদের প্রতিহত করা। এমনকি পাথর দ্বারা হলেও তাদের জন্য তা করা উচিত।[৬৪] যদিও-বা তাদের স্বামী, অভিভাবক, মনিব ও ঋণদাতাগণ তাদেরকে অনুমতি না দেয়।'

একইভাবে জিহাদের জন্য যুদ্ধের প্রশিক্ষণ বা পর্যাপ্ত সক্ষমতা থাকা; কিংবা বিজয়ের সম্ভাবনা থাকাও শর্ত নয়।

খতিব আশ-শিরবিনি রাহ. বলেন,

الحال الثاني من حال الكفار أن يدخلوا بلدة لنا فيلزم أهلها الدفع بالممكن منهم، ويكون الجهاد حينئذ فرض عين سواء أمكن تأهيلهم لقتال أم لم يمكن، ومن هو دون مسافة القصر من البلدة التي دخلها الكفار حكمه كأهلها، وإن كان في أهلها كفاية؛ لأنه كالحاضر معهم، فيجب على كل من ذكر حتى على فقير وولد ومدين ورقيق

৬৪ *হাশিয়াতে বাইজুরি* : ২/৪৯১।

Scanned by CamScanner

بلا إذن، ويلزم الذين على مسافة القصر المضي إليهم عند الحاجة بقدر الكفاية دفعا لهم، فيصير فرض عين في حق من قرب وفرض كفاية في حق من بعد

‘কাফিরদের দ্বিতীয় অবস্থা হলো, তারা আমাদের কোনো শহরে ঢুকে পড়বে। সে ক্ষেত্রে শহরবাসীর ওপর আবশ্যক হলো তাদেরকে যথাসাধ্য প্রতিহত করা। জিহাদ তখন ফরজে আইন হয়ে যায়—যুদ্ধের জন্য তাদের প্রশিক্ষণ গ্রহণ করা সম্ভবপর হোক বা না হোক। আর যারা কাফিরদের অনুপ্রবেশকৃত শহর থেকে সফরসীমার মধ্যে অবস্থান করবে, শহরবাসীর মাঝে লড়াইয়ের সক্ষমতা থাকা সত্ত্বেও তাদের বিধানও হবে শহরবাসীর বিধানের মতো। কেননা, কাছাকাছি থাকার কারণে তারা যেন তাদের সঙ্গে একই শহরে বসবাস করছে। তাই উল্লিখিত সকলের ওপর, এমনকি তাদের গরিব-অসহায়, সন্তান, ঋণগ্রস্ত ও দাসদের ওপরও অনুমতি গ্রহণ ছাড়াই জিহাদ করা ওয়াজিব হয়ে যাবে। আর যারা সফরসীমার বাইরে থাকে, তাদের জন্য আবশ্যক হলো প্রয়োজনের সময় সামর্থ্য অনুযায়ী তাদের রক্ষার জন্য এগিয়ে যাওয়া। সুতরাং নিকটবর্তীদের জন্য তা ফরজে আইন হয়ে গেল এবং দূরবর্তীদের জন্য হয়ে গেল ফরজে কেফায়া।’[৬৫]

শায়খুল ইসলাম ইমাম ইবনু তাইমিয়া রাহ. বলেন,

قتال الدفع مثل أن يكون العدو كثيراً ولا طاقة للمسلمين به، لكن يخافون إن انصرفوا عن عدوهم عطف العدو على من يخلفون من المسلمين، فهنا صرَّح أصحابنا بأنه يجب أن يبذلوا مهجهم ومهج من يخاف عليهم في الدفع حتى يسلموا، ونظيره أن يهجم العدو على بلاد المسلمين وتكون المقاتلة أقل من النصف، فإن انصرفوا استولوا على الحريم، فهذا وأمثاله قتال دفع لا قتال طلب لا يجوز الانصراف فيه بحال

‘প্রতিরক্ষামূলক জিহাদ—যেমন, কোনো জায়গায় শত্রুর এত বেশি উপস্থিতি ঘটল যে, তাদের সঙ্গে লড়াই করার মতো সামর্থ্য মুসলমানদের নেই; কিন্তু মুসলমানরা এই আশঙ্কাবোধ করছে যে, তারা শত্রুর বিরুদ্ধে লড়াই না করে চলে গেলে তাদের পেছনে রয়ে-যাওয়া মুসলমানদের শত্রুরা কাবু করে ফেলবে—এ ক্ষেত্রে আমাদের আলিমগণ স্পষ্ট ফাতওয়া দিয়েছেন যে, তখন তাদের কর্তব্য হলো তারা নিজেদের জীবন ও যাদের নিয়ে তারা আশঙ্কাবোধ করছে, তারা সবাই জীবনবাজি রেখে

৬৫ *আল-ইকনা* : ২/৫১০।

Scanned by CamScanner

শত্রুপক্ষ আত্মসমর্পণ করার আগ পর্যন্ত লড়ে যাবে।'

উদাহরণস্বরূপ, শত্রুরা কোনো মুসলিম শহরে আক্রমণ করল। অপরদিকে দেখা গেল মুসলমান যোদ্ধাসংখ্যা তাদের তুলনায় অর্ধেকের চেয়েও কম; কিন্তু তখন অবস্থা এমন যে, তারা যদি লড়াই করা থেকে বিরত থাকে তাহলে শত্রুরা পবিত্র ভূমিকে জবরদখল করে নেবে। এমতাবস্থায় এবং এ-জাতীয় সকল অবস্থায় যুদ্ধগুলো হবে প্রতিরক্ষামূলক; আক্রমণাত্মক নয়। সুতরাং এ থেকে বিরত থাকা কোনোক্রমেই জায়িজ নয়।'[৬৬]

এ সবগুলো বিষয়েই উম্মাহর আলিমগণ ও ইমামগণ ঐকমত্য পোষণ করেছেন। তাই প্রতিরক্ষামূলক জিহাদে মুসলমানদের শক্তি-সক্ষমতা এবং বিজয়ের সম্ভাবনা প্রবল থাকা বা না-থাকা ইত্যাদি বিষয়ের দিকে কোনো প্রকার ভ্রুক্ষেপ করা যাবে না; বরং মুসলিম ভূমির প্রতিরক্ষায় নিজেদের মৃত্যু নিশ্চিত জানা থাকা সত্ত্বেও শরীরে রক্তের শেষ বিন্দু অবশিষ্ট থাকা পর্যন্ত আমরণ লড়ে যেতে হবে।

ইমাম শাফিয়ি রাহ. বলেন,

ولا أرى ضيقاً على الرجل أن يحمل على الجماعة حاسراً أو يبادر الرجل، وإن كان الأغلب أنه مقتول

'আমি নিহত হওয়ার প্রবল আশঙ্কা থাকা সত্ত্বেও কোনো ব্যক্তির জন্য কোনো দলের উপর খালি হাতে আক্রমণ করা বা আকস্মিকভাবে হামলা করার মধ্যে কোনো সমস্যা দেখি না।'[৬৭]

ইমাম শাফিয়ি রাহ. এ ফাতওয়া দিয়েছেন আক্রমণাত্মক জিহাদের ব্যাপারে। সুতরাং স্পষ্ট যে, প্রতিরক্ষামূলক জিহাদের ক্ষেত্রে তা আরও ভালোভাবে প্রযোজ্য হওয়ার দাবি রাখে।

প্রতিরক্ষামূলক জিহাদ শুদ্ধ হওয়ার জন্য এটাও শর্ত নয় যে, তা আল্লাহর দীনকে উচ্চকিত করার জন্য হতে হবে। তবে হ্যাঁ, জিহাদের সর্বোত্তম ও সর্বোৎকৃষ্ট প্রকার সেটাই, যা হাদিসে বর্ণিত হয়েছে। আবু মুসা রা. থেকে বর্ণিত,

جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ ﷺ، فَقَالَ الرَّجُلُ: يُقَاتِلُ لِلْمَغْنَمِ، وَالرَّجُلُ يُقَاتِلُ لِلذِّكْرِ، وَالرَّجُلُ يُقَاتِلُ لِيُرَى مَكَانُهُ، فَمَنْ فِي سَبِيلِ اللهِ؟ قَالَ: «مَنْ قَاتَلَ

---

৬৬ *আল-ফাতাওয়াল মিসরিয়্যাহ* : ৪/৫০৯।

৬৭ *কিতাবুল উম্ম* : ৪/১৭৮।

Scanned by CamScanner

لِتَكُونَ كَلِمَةُ اللهِ هِيَ العُلْيَا فَهُوَ فِي سَبِيلِ اللهِ»

একব্যক্তি নবি ﷺ-এর নিকট এসে বলল, 'একব্যক্তি গনিমতের জন্য, এক ব্যক্তি প্রসিদ্ধ হওয়ার জন্য এবং একব্যক্তি বীরত্ব দেখানোর জন্য জিহাদে শরিক হলো। তাদের মধ্যে কে আল্লাহর পথে জিহাদ করল?' তিনি বললেন, 'যে ব্যক্তি আল্লাহর কালিমা বুলন্দ থাকার উদ্দেশ্যে যুদ্ধ করল, সে-ই আল্লাহর পথে জিহাদ করল।'[৬৮]

অপর বর্ণনায় হাদিসের শব্দগুলো এভাবে বিবৃত হয়েছে,

جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ ﷺ فَقَالَ: يَا رَسُولَ اللهِ، مَا القِتَالُ فِي سَبِيلِ اللهِ؟ فَإِنَّ أَحَدَنَا يُقَاتِلُ غَضَبًا، وَيُقَاتِلُ حَمِيَّةً، فَرَفَعَ إِلَيْهِ رَأْسَهُ، قَالَ: وَمَا رَفَعَ إِلَيْهِ رَأْسَهُ إِلَّا أَنَّهُ كَانَ قَائِمًا، فَقَالَ: «مَنْ قَاتَلَ لِتَكُونَ كَلِمَةُ اللهِ هِيَ العُلْيَا، فَهُوَ فِي سَبِيلِ اللهِ عَزَّ وَجَلَّ»

একব্যক্তি নবি ﷺ-এর নিকট এসে বলল, 'আল্লাহর রাসুল, আল্লাহর পথে যুদ্ধ কোনটি? কেননা, আমাদের কেউ লড়াই করে রাগের বশবর্তী হয়ে; আবার কেউ লড়াই করে প্রতিশোধ নেওয়ার জন্য।' তিনি তার দিকে মাথা তুলে তাকালেন। বর্ণনাকারী বলেন, তাঁর মাথা তোলার কারণ ছিল যে, প্রশ্নকারী ছিল দাঁড়ানো। তারপর তিনি বললেন, 'আল্লাহর বাণী বিজয়ী করার জন্য যে যুদ্ধ করে তার লড়াই আল্লাহর পথে হয়।'[৬৯]

হাদিসটি দ্বারা প্রকৃত মুজাহিদের পরিচয় ফুটে উঠেছে; কিন্তু এর অর্থ এটা নয় যে, যার উদ্দেশ্য আল্লাহর কালিমা সমুন্নত করা না হয়ে অন্য কিছু হবে, তার জিহাদ শুদ্ধই হবে না। বরং তা শুদ্ধ হবে; কিন্তু নিয়তের পরিশুদ্ধি না থাকার কারণে যে কাঙ্ক্ষিত মর্যাদা তার লাভ করার কথা ছিল, সে তা লাভ করতে সমর্থ হবে না। কারণ, যারা ইজ্জত-সম্মান, সম্পদ ও প্রাণ রক্ষার লড়াইয়ে মারা যাবে, হাদিসের ঘোষণানুযায়ী তারাও শহিদ হবে।[৭০] সুতরাং প্রতিরক্ষামূলক জিহাদকে বিধিবদ্ধ করা হয়েছে একাকী বা দলবদ্ধভাবে প্রাণ, সম্পদ, সম্ভ্রম ও ভূমি প্রতিরক্ষার জন্য। বিভিন্ন শ্রেণির মুসলমানদের সহায়তা নিয়ে তা সম্পাদিত হয়। এমনকি দেশ রক্ষার্থে চুক্তিবদ্ধ

---

৬৮ *সহিহ বুখারি* : ২৮১০।

৬৯ *সহিহ বুখারি* : ১২৩।

৭০ *সহিহ বুখারি* : ২৪৮০; *সহিহ মুসলিম* : ১৪১; *সুনানুত তিরমিজি* : ১৪২১; *সুনানু আবি দাউদ* : ৪৭৭২

Scanned by CamScanner

অমুসলিমদের সঙ্গে মিলেও এই প্রকারের যুদ্ধ সম্পাদিত হতে পারে।

একইভাবে কাফির শত্রুদের থেকে মুসলমানদের প্রাণ, সম্পদ, সম্ভ্রম ও ভূমি রক্ষায় অমুসলিম জনগণ ও অমুসলিম রাষ্ট্রসমূহ থেকেও সাহায্য গ্রহণ করা যাবে। রাসুল ﷺ-ও মদিনার ইয়াহুদিদের সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছিলেন শত্রু কর্তৃক মদিনা আক্রমণকালে মদিনার প্রতিরক্ষার জন্য। একইভাবে শাম ও ইরাকে অবস্থানকারী সাহাবিগণও শত্রুর বিরুদ্ধে লড়াই পরিচালিত করার জন্য আরব খ্রিষ্টানদের থেকে সাহায্য গ্রহণ করেছিলেন। শায়খুল ইসলাম ইমাম ইবনু তাইমিয়া রাহ. তাঁর সঙ্গে বের হওয়া শামের নাগরিকদের নিয়ে তাতারদের বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন; অথচ সে সময় তাদের মধ্যে বিভিন্ন প্রকার বিদআতি ছিল। এ ছাড়াও তিনি চুক্তিবদ্ধ ইয়াহুদি-খ্রিষ্টান বন্দিদেরকে তাতারদের হাত থেকে মুক্ত করেছিলেন। তাতারদের সঙ্গে শান্তি আলোচনা করার পর তারা যখন শুধু মুসলমানদের মুক্তি দিতে চাচ্ছিল তখন তিনি এতে সম্মত হননি। বাধ্য হয়ে তারা মুসলমানদের পাশাপাশি চুক্তিবদ্ধ অমুসলিম বন্দিদেরও মুক্ত করে দিয়েছিল।

মোটকথা, প্রতিরক্ষামূলক জিহাদ শুদ্ধ হওয়ার জন্য কোনো কিছুই শর্ত নয়। ইমাম বিদ্যমান থাকাও শর্ত নয়, ঝান্ডা বিদ্যমান থাকাও শর্ত নয়, আল্লাহর দীন বুলন্দ করার ইচ্ছা করাও শর্ত নয়, কোনো আলিমের ফতোয়াও শর্ত নয়, কাতার এক হওয়াও শর্ত নয়, পর্যাপ্ত শক্তি থাকাও শর্ত নয়, বিজয়ের সম্ভাবনা থাকাও শর্ত নয়। তবে এর অর্থ এটা নয় যে, মুজাহিদদের জন্য এককাতারে এক আমিরের অধীনে থেকে জিহাদ করা ওয়াজিব নয়। এটা ওয়াজিব বটে; কিন্তু তা জিহাদের শুদ্ধতার জন্য শর্ত নয়। তাই যে ক্ষেত্রে অসম্ভব হবে, সে ক্ষেত্রে এই অজুহাত দেখিয়ে কিছুতেই জিহাদ পরিত্যাগ করা যাবে না; বরং কিয়ামত পর্যন্ত অবিরল জিহাদ চলবে।[৭১]

---

৭১ শাইখ ড. হাকিম আল মুতাইরি, শাইখ ড. মুহাম্মাদ খাইর হাইকাল এবং শাইখ ড. ইয়াসির বুরহামির ফাতওয়া অবলম্বনে রচিত।

Scanned by CamScanner

ইমারাহ ও খিলাফাহ কী ও কেন

এক. ইমারাহর প্রকারভেদ

ইমাম ইবনু জামাআহ রাহ. তাহরিরুল আহকাম গ্রন্থে লেখেন,

الإمارة قسمان: عامة وخاصة. أما الإمارة العامة: فهي الخلافة.

ইমারাহ দুই প্রকার : ব্যাপক ইমারাহ ও সীমিত ইমারাহ। ব্যাপক ইমারাহ হলো খিলাফাহ শব্দের সমার্থক।[৭২]

সুতরাং বোঝা গেল ইমারাহ শব্দটি খিলাফাহ শব্দের তুলনায় ব্যাপক। ইমারাহ শব্দের একটি ব্যবহার হলো খিলাফাহর সমার্থক। তবে ইমারাহ শব্দটি খিলাফাহ ছাড়া অন্যান্য নেতৃত্ব ও কর্তৃত্ব বোঝানোর জন্যও ব্যবহৃত হয়ে থাকে। তখন এর দ্বারা ব্যাপক ইমারাহ নয়; বরং সীমিত ইমারাহ উদ্দেশ্য হয়।

দুই. ইমারাহর বিধান

আল্লাহ তাআলা কুরআনে বলেন,

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِي الْأَمْرِ مِنكُمْ﴾

হে ইমানদাররা, তোমরা আনুগত্য করো আল্লাহর এবং আনুগত্য করো রাসুলের ও তোমাদের মধ্যে যারা ইমারাহর অধিকারী তাদের। [সুরা নিসা : ৫৯]

﴿وَإِذَا جَاءَهُمْ أَمْرٌ مِّنَ الْأَمْنِ أَوِ الْخَوْفِ أَذَاعُوا بِهِ ۖ وَلَوْ رَدُّوهُ إِلَى الرَّسُولِ وَإِلَىٰ أُولِي الْأَمْرِ مِنْهُمْ لَعَلِمَهُ الَّذِينَ يَسْتَنبِطُونَهُ مِنْهُمْ﴾

---

৭২ তাহরিরুল আহকাম : ৭৯।

Scanned by CamScanner

তাদের কাছে যখন কোনো সংবাদ আসে, তা শান্তির হোক বা ভীতির, তারা তা (যাচাই না করেই) প্রচার শুরু করে দেয়। তারা যদি তা রাসুল বা যারা ইমারাহর অধিকারী, তাদের কাছে নিয়ে যেত, তবে তাদের মধ্যে যারা তার তথ্য অনুসন্ধানী, তারা তার বাস্তবতা জেনে নিত। [সুরা নিসা : ৮৩]

উপরিউক্ত আয়াত দুটো দ্বারা প্রতিভাত হয় যে, মুসলমানদের মধ্যে ইমারাহর অধিকারী ব্যক্তিবর্গ থাকবে। আল্লাহ তাআলা মুসলিম জনসাধারণের ওপর যাদের আনুগত্য করার এবং সংশয়পূর্ণ বিষয় যাদের দিকে ন্যস্ত করার নির্দেশ দিয়েছেন। কারণ, আল্লাহ তাআলা বান্দাকে এমন কোনো কিছুর আদেশ করেন না, যা অসম্ভব ও সাধ্যাতীত। যেহেতু তিনি ইমারাহর অধিকারীদের আনুগত্য করার আদেশ করেছেন, সুতরাং প্রতি যুগেই ইমারাহর অধিকারী ব্যক্তিবর্গ থাকবে। আর স্বীকৃত মূলনীতি হলো, কুরআনে যখন আদেশবাচক ক্রিয়া ব্যবহার হয়, তখন সাধারণভাবে তা অপরিহার্যতা বোঝায়। সুতরাং মুসলমানদের মধ্যে এমন কেউ থাকতে হবে, যে তাদের আমির হবে। আর জনসাধারণের জন্য অপরিহার্য হবে তার আনুগত্য করা। তবে আমিরের আনুগত্য নিঃশর্ত হবে না; বরং তা আল্লাহ ও তাঁর রাসুলের আনুগত্যের অধীন হবে। যার কারণে 'আল্লাহ' ও 'রাসুল' শব্দদ্বয়ের শুরুতে স্বতন্ত্রভাবে 'আনুগত্য করো' ক্রিয়াটি ব্যবহার করা হলেও 'তোমাদের মধ্যে যারা ইমারাহর অধিকারী তাদের' আনুগত্য নির্দেশ করার জন্য 'আনুগত্য' শব্দটির পুনরাবৃত্তি করা হয়নি। এর দ্বারা প্রতিভাত হয় যে, মূলত আনুগত্য আল্লাহ ও তাঁর রাসুলের। আমির যখন আল্লাহ ও তাঁর রাসুলের প্রতিনিধিত্ব করে, তখন তার আনুগত্য মূলত আল্লাহ ও তাঁর রাসুলেরই আনুগত্য হয়।

রাসুল ﷺ বলেন,

إِذَا خَرَجَ ثَلَاثَةٌ فِي سَفَرٍ فَلْيُؤَمِّرُوا أَحَدَهُمْ

তিনজন ব্যক্তি সফরে বের হলে তারা যেন তাদের একজনকে আমির বানিয়ে নেয়।[৭৩]

আল্লামা শাওকানি রাহ. বলেন,

عَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْرٍو أَنَّ النَّبِيَّ ﷺ قَالَ: «لَا يَحِلُّ لِثَلَاثَةٍ يَكُونُونَ بِفَلَاةٍ مِنَ الْأَرْضِ إِلَّا أَمَّرُوا عَلَيْهِمْ أَحَدَهُمْ» رَوَاهُ أَحْمَدُ. وَإِذَا شُرِّعَ هَذَا لِثَلَاثَةٍ يَكُونُونَ فِي فَلَاةٍ مِنَ

৭৩ *সুনানু আবি দাউদ* : ২৬০৮, ২৬০৯; *সহিহ ইবনু খুজায়মা* : ২৫৪১।

Scanned by CamScanner

الْأَرْضِ أَوْ يُسَافِرُونَ فَشَرْعِيَّتُهُ لِعَدَدٍ أَكْثَرَ يَسْكُنُونَ الْقُرَى وَالْأَمْصَارَ وَيَحْتَاجُونَ لِدَفْعِ التَّظَالُمِ وَفَصْلِ التَّخَاصُمِ أَوْلَى وَأَحْرَى، وَفِي ذَلِكَ دَلِيلٌ لِقَوْلِ مَنْ قَالَ: إِنَّهُ يَجِبُ عَلَى الْمُسْلِمِينَ نَصْبُ الْأَئِمَّةِ وَالْوُلَاةِ وَالْحُكَّامِ. وَقَدْ ذَهَبَ الْأَكْثَرُ إِلَى أَنَّ الْإِمَامَةَ وَاجِبَةٌ.

'আবদুল্লাহ ইবনু আমর রা. থেকে বর্ণিত; রাসুল ﷺ বলেছেন, "তিনজন ব্যক্তি যদি পৃথিবীর কোনো প্রান্তরে থাকে, তাহলে তাদের জন্য একজনকে আমির বানানো ছাড়া বসবাস বৈধই হবে না।" ইমাম আহমদ রাহ. হাদিসটি বর্ণনা করেছেন। মাত্র তিনজন ব্যক্তি কোনো প্রান্তরে থাকলে বা সফরে বের হলে তাদের জন্যই যখন আমির নির্ধারণ করার বিধান শরিয়ায় বিধিবদ্ধ হলো তখন বিপুলসংখ্যক মানুষ যদি মফস্বলে বা নগরে বসবাস করতে থাকে এবং তারা পারস্পরিক অত্যাচার প্রতিরোধ ও বিবাদ-বিসংবাদ সমাধানের দিকে মুখাপেক্ষী থাকে, তাদের জন্য এই শরিয়াসিদ্ধি তো আরও অধিক উপযুক্ত ও সমীচীন। এই হাদিসে সেসব ইমামের বক্তব্যের দলিল রয়েছে, যারা বলেন মুসলমানদের ওপর শাসক, প্রশাসক ও বিচারক নিযুক্ত করা ওয়াজিব। আর অধিকাংশ আলিমই এই মত পোষণ করেছেন যে, শাসনকার্য ওয়াজিব।'[৭৪]

ইমাম শায়খুল ইসলাম ইবনু তাইমিয়া রাহ. বলেন,

يَجِبُ أَنْ يُعْرَفَ أَنَّ وِلَايَةَ أَمْرِ النَّاسِ مِنْ أَعْظَمِ وَاجِبَاتِ الدِّينِ؛ بَلْ لَا قِيَامَ لِلدِّينِ وَلَا لِلدُّنْيَا إِلَّا بِهَا.

'জেনে রাখা অপরিহার্য, মানুষের বিষয়-আশয়ের দায়িত্ব গ্রহণ করা দীনের গুরুত্বপূর্ণ ওয়াজিবসমূহের মধ্যে অন্যতম; বরং দীন ও দুনিয়া কোনোটাই এ ছাড়া চলতে পারে না।'[৭৫]

সুতরাং ব্যাপক অর্থে ইমারাহর অপরিহার্যতা কুরআন ও সহিহ হাদিস দ্বারাই প্রমাণিত।

তিন. আমিরুল মুমিনিন

'আমিরুল মুমিনিন' ও 'খলিফাতুল মুসলিমিন' শব্দ দুটো সমার্থক। আমিরুল মুমিনিন উপাধিটি সর্বপ্রথম গ্রহণ করেছিলেন দ্বিতীয় খলিফা উমর ইবনুল খাত্তাব রা.। তার পর থেকে এ দুটো শব্দ সমার্থক হিশেবে ব্যবহৃত হয়ে আসছে। সুতরাং সাধারণ আমির শব্দের তুলনায় আমিরুল মুমিনিন শব্দটি ব্যাপক। একটি খিলাফাহভিত্তিক রাষ্ট্রের অধীনে অনেক ইমারাহ থাকতে পারে। যেমন, উমর রা.-এর যুগে ইয়ামেন, শাম এবং

---

৭৪ *নাইলুল আওতার* : ৮/২৯৪।

৭৫ *মাজমুউল ফাতাওয়া* : ২৮/৩৯০।

Scanned by CamScanner

মিসরে ইমারাহ ছিল। তবে তা স্বতন্ত্র ছিল না; বরং কেন্দ্রীয় ইমারাহর নেতৃত্বেই তা পরিচালিত হতো। আমিরুল মুমিনিনের পক্ষ থেকে প্রত্যেক ইমারাতে তার প্রতিনিধি নিযুক্ত থাকত; যাদেরকে 'আমির' বা 'ওয়ালি' ইত্যাদি নামে নামকরণ করা হতো। এ থেকে প্রতিভাত হয় যে, আমিরুল মুমিনিন একজনই হন। তবে তার অধীনে আরও অনেক আমির থাকতে পারে, যারা হবে তার প্রতিনিধি ও স্থলাভিষিক্ত।

চার. 'ব্যাপক ইমারাহ' বা খিলাফাহ প্রতিষ্ঠার বিধান

পূর্ববর্তী ও পরবর্তী আলিমগণের সর্বসম্মত মত হলো, মুসলমানদের জন্য খলিফা থাকা অপরিহার্য। এ ব্যাপারে ইমাম কুরতুবি, মাওয়ারদি, নববি এবং ইবনু হাজম রাহ. প্রমুখ বিদগ্ধ আলিমগণ উম্মাহর ইজমা বর্ণনা করেছেন।[৭৬] প্রতিটি ইজমার ভিত্তি হয় কুরআন ও সুন্নাহ। খিলাফার প্রতিষ্ঠা উম্মাহর ওপর অপরিহার্য—এই মাসআলার ওপর গোটা উম্মাহ যে ঐকমত্য পোষণ করেছে, এর পেছনে অবশ্যই কুরআন ও সুন্নাহর দলিল থাকবে এটাই স্বাভাবিক। এ ব্যাপারে পূর্বে উল্লিখিত দলিলগুলোর পাশাপাশি এই হাদিসটিও এক সুদৃঢ় ভিত্তি—

مَنْ مَاتَ وَلَيْسَ فِي عُنُقِهِ بَيْعَةٌ، مَاتَ مِيتَةً جَاهِلِيَّةً

> যে ব্যক্তি এমতাবস্থায় মৃত্যুবরণ করল যে, তার গলায় কোনো বায়আত নেই, সে জাহিলি মৃত্যুবরণ করল।[৭৭]

হাদিসে উল্লেখিত 'বায়আত' দ্বারা খলিফার উদ্দেশে প্রদত্ত বায়আত উদ্দেশ্য। এই সহিহ হাদিসের দ্বারা সুস্পষ্টভাবে প্রতিভাত হয় যে, মুসলমানদের কোনো একজন খলিফা থাকতে হবে। যেই যুগে মুসলমানদের কোনো খলিফা থাকবে না, তা হবে জাহিলি যুগ। তবে আমাদের বর্তমান অবস্থার প্রেক্ষিতে এখানে একটা প্রশ্ন জাগা স্বাভাবিক—যে যুগে মুসলমানদের কোনো খলিফা থাকে না, সে যুগে যারা মারা যাবে তারা সবাই কি জাহিলি মৃত্যুবরণ করবে? আমরা উত্তরে বলব—না, যদি খিলাফাহ পুনরুদ্ধারের জন্য তাদের যথাযথ প্রচেষ্টা থাকে, তাহলে তাদের মৃত্যু জাহিলি মৃত্যু

---

৭৬ দ্রষ্টব্য—*আল-জামি লি আহকামিল কুরআন*, কুরতুবি : ১/২৬৪; *আল-আহকামুস সুলতানিয়্যাহ*, মাওয়ারদি : ৫; *শরহু সহিহ মুসলিম*, নববি : ১২/২০৫; *আল-ফাসল*, ইবনু হাজম : ৪/৮৭। প্রয়োজনে আরও দেখুন—শাহ ওয়ালিউল্লাহ দেহলবি রাহ. রচিত *ইজালাতুল খাফা আন খিলাফাতিল খুলাফা*, আল্লামা তাফতাজানি রাহ. রচিত *শারহুল আকায়িদ* এবং মাওলানা ইদরিস কান্ধলবি রাহ. রচিত *আকায়িদুল ইসলাম*।

৭৭ *সহিহ মুসলিম* : ১৮৫১।

Scanned by CamScanner

হবে না ইনশাআল্লাহ। খিলাফাহ পুনরুদ্ধারের চেষ্টা বাস্তবায়িত হবে, যারা দীনের বিজয় ও শরিয়া প্রতিষ্ঠার জন্য নিজেদের প্রাণ, সম্পদ ও সর্বস্ব উৎসর্গ করে আল্লাহর পথে তাগুতের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছে তাদেরকে বায়আত প্রদান করার মাধ্যমে। তবে আমরা এই বায়আতকে ওয়াজিব বলি না। আমরা বলি, আশা করা যায় এই বায়আত আল্লাহর কাছে ওজর হিশেবে বিবেচিত হবে। বান্দা এমতাবস্থায় মৃত্যুবরণ করলে আল্লাহর সামনে দাঁড়িয়ে বলতে পারবে, 'হে আমার প্রতিপালক, যারা পৃথিবীতে খিলাফাহ পুনরুদ্ধারের লড়াইয়ে ছিল, তাদেরকে বায়আত দেওয়ার মাধ্যমে আমি আমার সর্বোচ্চ প্রচেষ্টা ব্যয় করেছি। সুতরাং তুমি আমার অপারগতা ক্ষমা করো, আমার ত্রুটি মার্জনা করো।'

হাদিসে যে জাহিলি মৃত্যুর কথা বলা হয়েছে—এটা ওই ব্যক্তির ব্যাপারে প্রযোজ্য, যে খলিফা বিদ্যমান থাকা সত্ত্বেও শরিয়ার দৃষ্টিতে বিবেচ্য কোনো অপারগতা ছাড়া তাকে বায়আত দেওয়া থেকে বিরত থেকেছে। আর এখানে বায়আত দেওয়া দ্বারা খলিফার বায়আত সংঘটিত হওয়া এবং বৈধ সব বিষয়ে তার আনুগত্য অপরিহার্য হওয়ার বিশ্বাস লালন করা উদ্দেশ্য। কারণ, দারুল ইসলামে খলিফা হওয়ার জন্য প্রত্যেক মুসলমানের বায়আত গ্রহণ করা শর্ত নয়, এমনকি বর্তমানকালে মুসলমানদের সংখ্যাধিক্যের কারণে তা সম্ভবও নয়।

পাচ. খলিফার শর্তাবলি

খলিফার শর্তাবলি নিম্নরূপ :

- মুসলিম হওয়া।[৭৮]
- প্রাপ্তবয়স্ক হওয়া।[৭৯]
- সুস্থ বিবেকসম্পন্ন হওয়া।[৮০]
- স্বাধীন হওয়া।[৮১]
- পুরুষ হওয়া।[৮২]

---

৭৮ সুরা নিসা : ৪১; সুরা নিসা : ৫৯; *আহকামু আহলিজ জিম্মাহ, ইবনুল কায়্যিম* : ২/৭৮৭; *শরহু সহিহ মুসলিম*, নববি : ১২/২২৯।

৭৯ সুরা নিসা : ৫; *আল-ফাসল*, ইবনু হাজম : ৪/৮৯।

৮০ *মারাতিবুল ইজমা*, ইবনু হাজম : ১৫৪।

৮১ *ফাতহুল বারি* : ২০/১৬০।

৮২ *আল-ফাসল*, ইবনু হাজম : ৪/৮৯।

Scanned by CamScanner

- ন্যায়পরায়ণ হওয়া।[৮৩]
- কুরাইশ বংশের হওয়া।[৮৪] তবে কুরাইশ বংশের যোগ্য কাউকে না পাওয়া গেলে অন্য কেউও খলিফা হতে পারবে।[৮৫]
- লোভী, প্রার্থী বা ক্ষমতালিপ্সু না হওয়া।[৮৬]

উপরিউক্ত শর্তগুলো সর্বসম্মত। সুতরাং এর কোনোটি অবিদ্যমান থাকলে ব্যক্তি খলিফা হওয়ার যোগ্য থাকে না। আর দুটো শর্ত রয়েছে মতবিরোধপূর্ণ :

১. ইজতিহাদের যোগ্য হওয়া। ইমাম শাতিবি[৮৭], ইমাম রামালি[৮৮] রাহ. প্রমুখ ফকিহগণের মতে খলিফা হওয়ার জন্য মুজতাহিদ হওয়া শর্ত। তবে ইমাম শাহরাসতানি[৮৯], ইমাম গাজালি[৯০] রাহ. প্রমুখ বিদগ্ধগণের মতে এটা শর্ত নয়। তবে তাঁদের মতানুসারে খলিফা নিজে যদি মুজতাহিদ না হন তাহলে নিদেনপক্ষে তার এতটুকু ইলম থাকা বাঞ্ছনীয়, যতটুকু একজন শাসকের ইসলামি তরিকায় শাসনকার্য চালানোর জন্য জরুরি। আর এ ক্ষেত্রে তার সঙ্গে আলিম ও ফকিহ উপদেষ্টা থাকা অপরিহার্য, শরয়ি বিষয়াদিতে যার পরামর্শ ও দিকনির্দেশনা অনুসারে তিনি সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২. দোষ-ত্রুটিমুক্ত হওয়া। অর্থাৎ, তার পঞ্চ-ইন্দ্রিয় ও আত্মা সর্বপ্রকার দোষত্রুটি থেকে মুক্ত হওয়া, যাতে তিনি শাসন ও বিচারকার্য, রাজনীতি ও সমর সবকিছুই সুচারুরূপে পরিচালনা করতে সক্ষম হন। ইমাম মাওয়ারদি[৯১] ও ইমাম আবু ইয়ালা[৯২] রাহ. এ শর্তটির কথা উল্লেখ করেছেন। তবে এটা কোনো সর্বসম্মত শর্ত নয়। সুতরাং এটাকে চূড়ান্ত অপরিহার্য বলাও সমীচীন নয়।

---

৮৩ *আল-জামি লি আহকামিল কুরআন*, কুরতুবি : ১/২৭০।
৮৪ *সহিহ বুখারি* : ৭১৩৯, ৭১৪০; *মুসনাদু আহমাদ* : ২০/২৪৯; *শরহু সহিহ মুসলিম* : ১২/২০০।
৮৫ *মুসনাদুল বাজ্জার* : ৬১৮১; *তারিখে তাবারি* : ২/৫৮০; *ফাতহুল বারি* : ১৩/১১৯; *আত-তাহরির আলাল মুখতার* : ১/৬৮।
৮৬ *সহিহ বুখারি* : ৬৭৩০; *সহিহ মুসলিম* : ১৭৩৩।
৮৭ *আল-ইতিসাম* : ২/১২৬।
৮৮ *নিহায়াতুল মুহতাজ* : ৭/৪০৯।
৮৯ *আল-মিলাল ওয়ান-নিহাল* : ১/১৫৩।
৯০ *ফাজায়িহুল বাতিনিয়্যাহ* : ১৯১।
৯১ *আল-আহকামুস সুলতানিয়্যাহ*, মাওয়ারদি : ১/৫।
৯২ *আল-আহকামুস সুলতানিয়্যাহ*, আবু ইয়ালা : ২০।

Scanned by CamScanner

ছয়. খলিফা নির্বাচনের পদ্ধতি

খলিফা নির্বাচনের পদ্ধতি সম্পর্কে জানার জন্য আমরা প্রথমে ফিরে যাই খিলাফাতে রাশিদার যুগে। কারণ, রাসুল ﷺ আমাদেরকে তাঁর আদর্শ ও তাঁর মহান খুলাফায়ে রাশিদিনের আদর্শ আঁকড়ে ধরার নির্দেশ দিয়েছেন। চার খলিফার নির্বাচন-পদ্ধতির সংক্ষিপ্ত রূপ ছিল এই :

ক. আবু বকর রা. নির্বাচিত হয়েছিলেন সাহাবিদের স্বতঃস্ফূর্ত নির্বাচনের দ্বারা। প্রথমে সাকিফায় আহলুল হাল্লি ওয়াল আকদ সাহাবিরা তাঁকে খলিফা হিশেবে নির্বাচিত করেছিলেন। এরপর মসজিদে সাধারণ বায়আত অনুষ্ঠিত হয়েছিল।

খ. আবু বকর রা. মৃত্যুর পূর্বে উমর রা.-কে তাঁর স্থলাভিষিক্ত হিশেবে মনোনীত করেছিলেন। পরবর্তীতে তাঁর তিরোধানের পর উমর রা. স্থলাভিষিক্ততার দায়িত্ব গ্রহণ করে নেন। আহলুল হাল্লি ওয়াল আকদ সাহাবিরাও তাঁকে মেনে নেন। পরবর্তীতে মসজিদে মুসলিম জনসাধারণের কাছ থেকে সাধারণ বায়আত নেওয়া হয়।

গ. উমর রা. তাঁর শাহাদাতের পূর্বে ছয় সদস্যবিবিশিষ্ট একটি শুরা-পরিষদ গঠন করে দিয়ে যান। পরবর্তীতে তাঁরা উসমান রা.-এর ব্যাপারে একমত হয়ে তাঁকে খলিফা হিশেবে মনোনীত করেন; আর মুসলিম জনসাধারণ তাঁকে বায়আত দেয়।

ঘ. উসমান রা.-এর শাহাদাতের পর অনেক প্রবীণ সাহাবির পীড়াপীড়িতে অনিচ্ছাসত্ত্বেও আলি রা. মসজিদে মুসলিম জনসাধারণের থেকে সাধারণ বায়আত গ্রহণ করেন। সে সময় তালহা ও জুবায়ের রা.-এর মতো আহলুল হাল্লি ওয়াল আকদ সাহাবিরাও তাঁকে বায়আত প্রদান করেন। ফলে তিনি খলিফা হিশেবে নির্বাচিত হন। তাঁর নির্বাচনপদ্ধতি আবু বকর রা.-এর নির্বাচনপদ্ধতির মতোই ছিল।

সুতরাং সাহাবিদের জীবনী থেকে আমরা খলিফা নির্বাচনের তিন ধরনের পদ্ধতির কথা জানতে পারি। ইমাম নববি রাহ. বলেন,

وَأَجْمَعُوا عَلَى انْعِقَادِ الْخِلَافَةِ بِالِاسْتِخْلَافِ وَعَلَى انْعِقَادِهَا بِعَقْدِ أَهْلِ الْحَلِّ وَالْعَقْدِ لِإِنْسَانٍ إِذَا لَمْ يَسْتَخْلِفِ الْخَلِيفَةُ وَأَجْمَعُوا عَلَى جَوَازِ جَعْلِ الْخَلِيفَةِ الْأَمْرَ شُورَى بَيْنَ جَمَاعَةٍ كَمَا فَعَلَ عُمَرُ بِالسِّتَّةِ

Scanned by CamScanner

'এ ব্যাপারে আলিমগণের ইজমা রয়েছে যে, স্থলাভিষিক্ত নিযুক্ত করার দ্বারা খিলাফাহ সম্পন্ন হয়। আর খলিফা যদি কাউকে নিজের স্থলাভিষিক্ত করে না যান, তাহলে আহলুল হাল্লি ওয়াল আকদ কর্তৃক কোনো ব্যক্তিকে নির্বাচনের দ্বারাও তা সম্পন্ন হয়। এবং তারা আরও ইজমা করেছেন যে, পূর্ববর্তী খলিফার জন্য পরবর্তী খলিফা নির্বাচনের গুরুদায়িত্ব কোনো জামাআতের মধ্যে পরামর্শের বিষয় হিশেবে রেখে যাওয়াও জায়িজ; যেভাবে উমর রা. ছয় সদস্যের পরামর্শ-পরিষদ গঠন করে রেখে গিয়েছিলেন।'[১৩]

সাত. খলিফার ব্যাপারে সকল মুসলিমের ঐকমত্য ও আন্তরিক সন্তুষ্টি থাকা কি শর্ত

এই প্রশ্নের উত্তরে আমরা বলব, খলিফার বায়আত শুদ্ধ হওয়ার জন্য সকলের ঐকমত্য শর্ত নয়। আলি রা.-কে তাঁর সময়ে সকল মুসলমান বায়আত দেয়নি। এমনকি অনেক প্রবীণ সাহাবিও তাঁকে বায়আত দেননি। এতদ্‌সত্ত্বেও নিঃসন্দেহে তিনি আল্লাহর রাসুল ﷺ-এর চতুর্থ খলিফা ছিলেন। ইমাম জুওয়াইনি রাহ. *আল-গিয়াসি* গ্রন্থে লেখেন,

مما نقطع به أن الإجماع ليس شرطا في عقد الإمامة بالإجماع.

'কথাটা আমরা অকাট্যতার সঙ্গে বলব তা হলো, সর্বসম্মতিক্রমে খিলাফাহ সম্পন্ন হওয়ার জন্য সকলের ঐকমত্য শর্ত নয়।'[১৪]

তবে এটা ঠিক যে, খলিফার বায়আত শুদ্ধ হওয়ার জন্য অধিকাংশ মুসলিমের ঐকমত্য থাকা শর্ত, যাতে করে সকলের দ্বারা মুসলিম উম্মাহর সুদৃঢ় প্রতাপ ও সুসংহত প্রতিরক্ষা-শক্তি প্রতিষ্ঠা হয়। ইমাম জুওয়াইনি রাহ. লেখেন,

الشوكة لا بد من رعايتها، ومما يؤكد ذلك اتفاق العلماء قاطبة على أن رجلا من أهل الحل والعقد لو استخلى بمن يصلح للإمامة وعقد له البيعة لم تثبت الإمامة.

'শক্তির প্রতি লক্ষ করার কোনো বিকল্প নেই। এ বিষয়টিকে আরও সুদৃঢ় করে সকল আলিমের ঐকমত্য। কারণ, তারা ঐকমত্য পোষণ করেছেন—আহলুল হাল্লি ওয়াল আকদের অন্তর্ভুক্ত কোনো ব্যক্তি যদি খিলাফাহর যোগ্য কোনো ব্যক্তিকে একান্তে

---

১৩ *শরহু সহিহ মুসলিম*, নববি : ১২/২০৫।

১৪ *আল-গিয়াসি* : ৫২।

Scanned by CamScanner

নিয়ে তাকে বায়আত প্রদান করে, তাহলে তাঁর জন্য খিলাফাহ সাব্যস্ত হবে না।’[৯৫]

খিলাফাহ সম্পন্ন হওয়ার জন্য মুসলমানদের আন্তরিক সন্তুষ্টি থাকা শর্ত। কারণ, খলিফাকে নির্বাচন করেছে মুসলমানরাই। সুতরাং এটা মূলত তার মাঝে ও মুসলমানদের মাঝে পারস্পরিক চুক্তি। আর পারস্পরিক চুক্তি সম্পন্ন হয় আন্তরিক সন্তুষ্টির সঙ্গে; বাধ্যতা ও জোরের সঙ্গে নয়।

قَالَ: يَا أَمِيرَ المُؤْمِنِينَ، هَلْ لَكَ فِي فُلاَنٍ؟ يَقُولُ: لَوْ قَدْ مَاتَ عُمَرُ لَقَدْ بَايَعْتُ فُلاَنًا، فَوَاللهِ مَا كَانَتْ بَيْعَةُ أَبِي بَكْرٍ إِلَّا فَلْتَةً فَتَمَّتْ، فَغَضِبَ عُمَرُ، ثُمَّ قَالَ: إِنِّي إِنْ شَاءَ اللهُ لَقَائِمٌ العَشِيَّةَ فِي النَّاسِ، فَمُحَذِّرُهُمْ هَؤُلاَءِ الَّذِينَ يُرِيدُونَ أَنْ يَغْصِبُوهُمْ أُمُورَهُمْ... مَنْ بَايَعَ رَجُلًا عَنْ غَيْرِ مَشُورَةٍ مِنَ المُسْلِمِينَ فَلاَ يُبَايَعُ هُوَ وَلاَ الَّذِي بَايَعَهُ، تَغِرَّةً أَنْ يُقْتَلاَ

‘আবদুর রহমান ফিরে এসে বললেন, “যদি আপনি ওই লোকটিকে দেখতেন, যে লোকটি আজ আমিরুল মুমিনিনের কাছে এসেছিল এবং বলেছিল—আমিরুল মুমিনিন, অমুক ব্যক্তির ব্যাপারে আপনার কিছু করার আছে কি, যে লোকটি বলে থাকে যে, যদি উমর মারা যান তাহলে অবশ্যই অমুকের হাতে বায়আত করব। আল্লাহর কসম, আবু বকরের বায়আত আকস্মিক ব্যাপার-ই ছিল। ফলে তা হয়ে যায়।” একথা শুনে তিনি ভীষণভাবে রাগান্বিত হলেন। তারপর বললেন, “ইনশাআল্লাহ সন্ধ্যায় আমি লোকদের মধ্যে অবশ্যই দাঁড়াব; আর তাদেরকে ওই সব লোক থেকে সতর্ক করে দেবো, যারা তাদের বিষয়াদি আত্মসাৎ করতে চায়।... যে-কেউ মুসলিমদের পরামর্শ ছাড়া কোনো লোকের হাতে বাইআত করবে, তার অনুসরণ করা যাবে না এবং ওই লোকেরও না, যে তার অনুসরণ করবে। কেননা, উভয়েরই হত্যার শিকার হবার আশঙ্কা রয়েছে।”’[৯৬]

উমর রা. বলেন,

> مَنْ بَايَعَ أَمِيرَ أُمُورِ الْمُسْلِمِينَ مِنْ غَيْرِ مَشُورَةٍ فَلَا بَيْعَةَ لَهُ
>
> যে ব্যক্তি কোনো পরামর্শ ছাড়া মুসলমানদের সার্বিক দায়-দায়িত্বের বায়আত প্রদান করবে, তার বায়আত হবে না।[৯৭]

হাফিজ ইবনু হাজার রাহ. বলেন, ঘটনাটির প্রেক্ষাপট থেকে প্রতিভাত হয় যে, উমর

---

৯৫ *আল-গিয়াসি* : ৫৬।

৯৬ *সহিহ বুখারি* : ৬৮৩০।

৯৭ *আল-মুসান্নাফ*, ইবনু আবি শায়বা : ৩২৮৬৮; *মুসনাদু আহমাদ* : ৩৯১।

Scanned by CamScanner

রা.-এর আপত্তি ওই ব্যক্তির ওপর ছিল, যে মুসলমানদের পরামর্শ ছাড়াই কোনো ব্যক্তিকে বায়আত দিতে চেয়েছে।[৯৮]

সুতরাং একথা স্পষ্ট হলো যে, খলিফা যদি নির্বাচিত হয় তাহলে তার নির্বাচন হতে হবে মুসলমানদের ঐকমত্য ও সন্তুষ্টির ভিত্তিতে। কিন্তু উপরে আমরা দেখেছি, খলিফা নির্বাচনের একমাত্র পদ্ধতি এটা নয়; বরং তিনি পূর্ববর্তী খলিফার মনোনয়নের দ্বারাও নির্ধারিত হতে পারেন।[৯৯] যেমন, সহিহ হাদিসে এসেছে,

> عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا، قَالَ: قِيلَ لِعُمَرَ أَلاَ تَسْتَخْلِفُ؟ قَالَ: «إِنْ أَسْتَخْلِفْ فَقَدِ اسْتَخْلَفَ مَنْ هُوَ خَيْرٌ مِنِّي أَبُو بَكْرٍ، وَإِنْ أَتْرُكْ فَقَدْ تَرَكَ مَنْ هُوَ خَيْرٌ مِنِّي، رَسُولُ اللهِ ﷺ» فَأَثْنَوْا عَلَيْهِ فَقَالَ: «رَاغِبٌ رَاهِبٌ، وَدِدْتُ أَنِّي نَجَوْتُ مِنْهَا كَفَافًا، لاَ لِي وَلاَ عَلَيَّ، لاَ أَتَحَمَّلُهَا حَيًّا وَلاَ مَيِّتًا»
>
> আবদুল্লাহ ইবনু উমর রা. হতে বর্ণিত; তিনি বলেন, উমর রা.-কে বলা হলো, 'আপনি কি (আপনার পরবর্তী) খলিফা মনোনীত করে যাবেন না?' তিনি বললেন, 'যদি আমি খলিফা মনোনীত করি, তাহলে আমার চেয়ে যিনি শ্রেষ্ঠ ছিলেন—অর্থাৎ, আবু বকর—তিনি খলিফা মনোনীত করে গিয়েছিলেন। আর যদি মনোনীত না করি, তাহলে আমার চেয়ে যিনি শ্রেষ্ঠ ছিলেন—অর্থাৎ, রাসুল ﷺ—তিনি খলিফা মনোনীত করে যাননি।' এতে লোকেরা তাঁর প্রশংসা করল। তারপর তিনি বললেন, 'কেউ এ ব্যাপারে আকাঙ্ক্ষী আর কেউ ভীত। আর আমি পছন্দ করি, আমি যেন এ থেকে মুক্তি পাই সমানে সমান—না পুরস্কার না শাস্তি। আমি জীবদ্দশায় ও মৃত্যুর পরে এর দায়িত্ব বহন করতে পারব না।'[১০০]

খলিফা যদি পূর্ববর্তী খলিফা কর্তৃক মনোনীত হয়ে থাকেন তাহলে সে ক্ষেত্রেও মুসলমানদের ঐকমত্য ও সন্তুষ্টি থাকা শর্ত। ইমাম আবু ইয়ালা রাহ. লেখেন,

> الإمامة لا تنعقد للمعهود إليه بنفس العهد، وإنما تنعقد بعهد المسلمين.

'কেবল দায়িত্ব প্রদানের দ্বারাই দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির জন্য খিলাফাহ সম্পন্ন হবে না; বরং তা সম্পন্ন হবে মুসলমানদের শপথের দ্বারা।'[১০১]

---

৯৮ *ফাতহুল বারি* : ১২/১৫৪।
৯৯ *আল-আকহামুস সুলতানিয়্যাহ*, মাওয়ারদি : ১০।
১০০ *সহিহ বুখারি* : ৭২১৮।
১০১ *আল-আহকামুস সুলতানিয়্যাহ*, মাওয়ারদি : ২৫।

Scanned by CamScanner

ইমাম ইবনু তাইমিয়া রাহ. লেখেন,

وكذلك عمر لما عهد إليه أبو بكر، إنما صار إماما لما بايعوه وأطاعوه. ولو قدر أنهم لم ينفذوا عهد أبي بكر ولم يبايعوه لم يصر إماما.

আবু বকর রা. যখন উমর রা.-এর উদ্দেশে দায়িত্ব ন্যস্ত করলেন, এরপর তিনি তখনই খলিফা হিশেবে নির্ধারিত হয়েছেন, যখন মুসলমানরা তাঁকে বায়আত দিয়েছে এবং তাঁর আনুগত্য মেনে নিয়েছে। যদি এমন হতো যে, মুসলমানরা আবু বকর রা.-এর মনোনয়ন কার্যকর না করতেন এবং তাঁকে বায়আত না দিতেন, তাহলে তিনি খলিফা হতে পারতেন না।'[১০২]

তিনি আরও লেখেন,

عثمان لم يصر إماما باختيار بعضهم، بل بمبايعة الناس له.

'কিছু মানুষের নির্বাচনের দ্বারাই উসমান রা. খলিফা হয়ে যাননি; বরং তিনি মুসলিম জনসাধারণের বায়আতের দ্বারা খলিফা হয়েছেন।'[১০৩]

প্রসঙ্গত উল্লেখ্য, কোনো ব্যক্তি যখন মুসলমানদের ওপর জোর খাটিয়ে ক্ষমতা দখল করে নেয়, ফিতনা এড়ানোর স্বার্থে তাকেও খলিফা হিশেবে মেনে নেওয়া হয়।[১০৪] তবে এটা খলিফা নির্ধারণের কোনো আদর্শ পদ্ধতি নয় এবং তা নববি ধারার খিলাফাহও নয়। এখানে আমাদের আলোচনা নববি ধারার খিলাফাহ তথা খিলাফাতে রাশিদা সম্পর্কে; জোরপূর্বক দখলকৃত স্বেচ্ছাচারপূর্ণ খিলাফাহ সম্পর্কে নয়।

আট. আহলুল হাল্লি ওয়াল আকদ কারা

আহলুল হাল্লি ওয়াল আকদ হচ্ছে আলিম-উলামা, মর্যাদাবান ও সম্ভ্রান্ত ব্যক্তিবর্গ, বিভিন্ন বাহিনীর প্রধানগণ, সমাজের নেতাগণ এবং বড় বড় ব্যবসায়ীগণ।[১০৫] নারী, চুক্তিবদ্ধ কাফির ও দাসরা যতই মহৎ গুণের অধিকারী হোক না কেন তারা কখনো আহলুল হাল্লি ওয়াল আকদের অন্তর্ভুক্ত হবে না। রাসুল ﷺ-এর সম্মানিতা স্ত্রীগণ, আয়েশা রা.-এর মতো বিদগ্ধ ফকিহ ও ফাতিমা রা.-এর মতো জান্নাতের সর্দার নারীর সঙ্গে সাহাবিগণ খলিফা নির্বাচণ বিষয়ে পরামর্শ করেননি। তাঁদেরকে শুরা

---

১০২ *মিনহাজুস সুন্নাহ*, ইবনু তাইমিয়া : ১/১৪২।

১০৩ *মিনহাজুস সুন্নাহ*, ইবনু তাইমিয়া : ১/৫৩২।

১০৪ *সহিহ বুখারি* : ৬৯৩; *রাওজাতুত তালিবিন*, নববি : ১০/৪৬।

১০৫ *মুগনিল মুহতাজ*, নববি : ৪/১৩০; *কাশশাফুল কিনা*, বাহুতি : ৬/১৫৯।

Scanned by CamScanner

বা আহলুল হাল্লি ওয়াল আকদের অন্তর্ভুক্ত করেননি; অথচ তাদের মর্যাদা বিশেষত আয়েশা ও ফাতিমা রা.-এর পূর্ণাঙ্গতা হাদিস দ্বারা স্বীকৃত।

আহলুল হাল্লি ওয়াল আকদ যারা হবেন তাদের ক্ষেত্রে বিবেচ্য শর্ত হলো :

- একজন ব্যক্তির সাক্ষ্য গৃহীত হওয়ার জন্য তার মধ্যে যেসব বৈশিষ্ট্য ও গুণ থাকা অপরিহার্য—যেমন, ন্যায়পরায়ণতা প্রভৃতি—আহলুল হাল্লি ওয়াল আকদের প্রতিটি সদস্যের মধ্যেই তা থাকা অপরিহার্য।
- এই পরিমাণ জ্ঞান থাকা অপরিহার্য, যার দ্বারা খিলাফাহর জন্য সর্বাধিক উপযুক্ত ব্যক্তি নির্ধারণ করতে পারেন।
- যথাযথ সিদ্ধান্ত গ্রহণের যোগ্যতা ও পর্যাপ্ত হিকমাত তথা প্রজ্ঞা, সচেতনতা ও বিচক্ষণতা থাকাও অপরিহার্য।
- আস্থাবান ও নির্ভরযোগ্য হওয়া জরুরি, যাদের সিদ্ধান্তের সঙ্গে পুরো জাতি সহজেই ঐকমত্য প্রদর্শন করে এবং যাদের নির্বাচন সকলে নির্দ্বিধায় গ্রহণ করে নেয়।

আহলুল হাল্লি ওয়াল আকদের নির্দিষ্ট সংখ্যা নেই। প্রয়োজন ও বাস্তবতা অনুসারে তার সংখ্যা বিভিন্ন হতে পারে। আহলুল হাল্লি ওয়াল আকদ যেহেতু সমাজের সব শ্রেণির মানুষের প্রতিনিধিত্ব করে, তাই তাদেরও রুচিশীল, সম্ভ্রান্ত ও অভিজাত সব গোত্র ও গোষ্ঠী থেকে নির্ধারণ করা হয়, যাতে করে তাদের সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করতে জাতির কোনো দ্বিধা না থাকে। বায়আতের বাক্যমালা ছিল সাধারণত এরকম,

> بايعناك راضين على إِقَامَة الْعدْل وَالْقِيَام بفروض الْإِمَامَة على كتاب الله وَسنة رَسُوله [ﷺ]
>
> আমরা সন্তুষ্টচিত্তে আপনার হাতে বায়আত করছি এর ওপর যে, আপনি কুরআন ও রাসুল ﷺ-এর সুন্নাহ মোতাবিক খিলাফাহর দায়িত্বসমূহ পালন করবেন এবং ইনসাফ প্রতিষ্ঠা করবেন।[১০৬]

নয়. সীমিত ইমারাহ

সীমিত ইমারাহ দ্বারা উদ্দেশ্য হলো দীনের সাহায্যে প্রতিষ্ঠিত ইসলামি জামাআতসমূহের ইমারাহ। দীনের সাহায্য, সৎকাজের আদেশ ও অসৎকাজ থেকে নিষেধের ব্যাপারে

---

১০৬ *তাহরিরুল আহকাম ফি তাদবিরি আহলিল ইসলাম*, ইবনু জামাআহ : ১/৫৭।

Scanned by CamScanner

মুসলমানরা ঐক্যবদ্ধ থাকা সৎকর্ম ও তাকওয়ার ব্যাপারে পারস্পরিক সহযোগিতার অন্তর্ভুক্ত। আল্লাহ তাআলা বলেন,

﴿وَتَعَاوَنُوا عَلَى الْبِرِّ وَالتَّقْوَىٰ ۖ وَلَا تَعَاوَنُوا عَلَى الْإِثْمِ وَالْعُدْوَانِ﴾

> তোমরা সৎকাজ ও তাকওয়ার ব্যাপারে পরস্পর পরস্পরকে সহযোগিতা করো এবং মন্দকর্ম ও সীমালঙ্ঘনের ব্যাপারে কেউ কাউকে সহযোগিতা করো না। [সুরা মায়িদা : ২]

তিনি আরও বলেন,

﴿وَاعْتَصِمُوا بِحَبْلِ اللَّهِ جَمِيعًا وَلَا تَفَرَّقُوا﴾

> তোমরা সকলে মিলে আল্লাহর রজ্জুকে আঁকড়ে ধরো এবং বিক্ষিপ্ত হয়ো না। [সুরা আলে ইমরান : ১০৩]

﴿أَقِيمُوا الدِّينَ وَلَا تَتَفَرَّقُوا فِيهِ﴾

> তোমরা দীন প্রতিষ্ঠা করো এবং এ ক্ষেত্রে বিভক্ত হয়ো না। [সুরা শুরা : ১৩]

সুতরাং দীন প্রতিষ্ঠিত হবে মুসলমানদের ঐক্যবদ্ধ শক্তি দ্বারা। তবে দীন প্রতিষ্ঠিত হওয়ার পন্থা কী হবে—শায়খুল ইসলাম ইমাম ইবনু তাইমিয়া রাহ. বলেন,

وَلَنْ يَقُومَ الدِّينُ إِلَّا بِالْكِتَابِ وَالْمِيزَانِ وَالْحَدِيدِ. كِتَابٌ يَهْدِي بِهِ وَحَدِيدٌ يَنْصُرُهُ كَمَا قَالَ تَعَالَى: {لَقَدْ أَرْسَلْنَا رُسُلَنَا بِالْبَيِّنَاتِ وَأَنْزَلْنَا مَعَهُمُ الْكِتَابَ وَالْمِيزَانَ لِيَقُومَ النَّاسُ بِالْقِسْطِ وَأَنْزَلْنَا الْحَدِيدَ فِيهِ بَأْسٌ شَدِيدٌ وَمَنَافِعُ لِلنَّاسِ} فَالْكِتَابُ بِهِ يَقُومُ الْعِلْمُ وَالدِّينُ. وَالْمِيزَانُ بِهِ تَقُومُ الْحُقُوقُ فِي الْعُقُودِ الْمَالِيَّةِ والقبوض. وَالْحَدِيدُ بِهِ تَقُومُ الْحُدُودُ عَلَى الْكَافِرِينَ وَالْمُنَافِقِينَ.

'দীন প্রতিষ্ঠিত হবে শুধু কিতাব, তুলাদণ্ড এবং লোহার দ্বারা। পথপ্রদর্শনকারী কিতাব এবং সাহায্যকারী লোহার দ্বারা প্রতিষ্ঠিত হবে ইসলাম। আল্লাহ তাআলা বলেন, "বস্তুত আমি আমার রাসুলগণকে সুস্পষ্ট নিদর্শনাবলিসহ পাঠিয়েছি এবং তাদের সঙ্গে অবতীর্ণ করেছি কিতাব ও তুলাদণ্ড, যাতে মানুষ ন্যায়ের ওপর প্রতিষ্ঠিত থাকে এবং অবতীর্ণ করেছি লোহা, যার ভেতর রয়েছে প্রচণ্ড রণশক্তি এবং মানুষের জন্য বহুবিধ কল্যাণ।" [সুরা হাদিদ : ২৫]

কিতাবের দ্বারা প্রতিষ্ঠিত হবে জ্ঞান ও দীন। তুলাদণ্ডের দ্বারা প্রতিষ্ঠিত হবে আর্থিক লেনদেন ও করায়ত্তকরণের হকসমূহ। আর লোহার দ্বারা কাফির ও মুনাফিকদের

Scanned by CamScanner

ওপর দণ্ড প্রয়োগ হবে।'[১০৭]

আয়াতে তুলাদণ্ড বলে বোঝানো হয়েছে এমন বস্তুকে, যা দ্বারা কোনো জিনিস মাপা হয়। তা অবতীর্ণ করার অর্থ, আল্লাহ তাআলা তা সৃষ্টি করেছেন এবং তিনি তা দ্বারা ন্যায়ানুগ পরিমাপ ও ইনসাফ প্রতিষ্ঠার হুকুম দিয়েছেন। আল্লাহ তাআলা তাঁর নবিগণ ও তাঁর কিতাবের সঙ্গে তুলাদণ্ডের উল্লেখ দ্বারা ইঙ্গিত করেছেন, মানুষের উচিত তার জীবনের প্রতিটি ক্ষেত্রে ভারসাম্য ও পরিমিতি রক্ষা করা। সেই ভারসাম্য ও পরিমিতির শিক্ষাই নবি-রাসুলগণের কাছে ও আসমানি কিতাবসমূহে পাওয়া যায়।

আর আয়াতে বিশেষভাবে লোহার কথাও উল্লেখ করা হয়েছে। লোহা এমনই এক ধাতু, সব শিল্পেই যার দরকার পড়ে। কাজেই এর সৃষ্টি আল্লাহ তাআলার একটি বড় নিয়ামত। নবিগণ, আসমানি কিতাব ও তুলাদণ্ডের পর লোহার উল্লেখ দ্বারা ইশারা করা হয়েছে যে, মানবসমাজের সংস্কার-সংশোধনের প্রকৃত উপায় নবিগণের জীবনাদর্শ ও তাদের আনীত কিতাব। এর যথাযথ অনুসরণ দ্বারাই দুনিয়ায় ইনসাফ প্রতিষ্ঠা হতে পারে। কিন্তু জগতে অপশক্তিও কম নেই, যা এসব শিক্ষা দ্বারা সমাজ-সংস্কারের পথে বাধা সৃষ্টি করে, সমাজে ইনসাফ প্রতিষ্ঠাকে ব্যাহত করে এবং সর্বত্র অন্যায়-অনাচার ও দুষ্কর্মের বিস্তার ঘটিয়ে সমাজদেহকে কলুষিত করে। সেই সব অপশক্তির শিরোশ্ছেদের জন্য আল্লাহ তাআলা লোহা সৃষ্টি করেছেন। তা দ্বারা বিভিন্ন রকমের সমরাস্ত্র তৈরি হয় এবং পরিশেষে তা জিহাদে ব্যবহার করা যায়।

যেহেতু শরিয়া প্রতিষ্ঠা করা ও ইসলামি খিলাফাহ পুনরুদ্ধার করা মুসলিম উম্মাহর ওপর অপরিহার্য; আর মুসলমানদের ঐক্যবদ্ধ শক্তি ছাড়া বাহ্যত তা সম্ভব নয়, এ জন্য এই মহান লক্ষ্যকে সামনে রেখে উম্মাহর জামাআতবদ্ধ হওয়া একান্ত প্রয়োজন। আর একথা স্পষ্ট যে, ইমারাহ ছাড়া কোনো জামাআত হয় না। কারণ, কেন্দ্রীয় নেতৃত্ব না থাকলে কোনোভাবেই ভারসাম্য ও শৃঙ্খলা রক্ষা করা যায় না। জামাআতের মধ্যেই শরিয়া বাস্তবায়ন করা যায় না। আমিরুল মুমিনিন উমর রা. বলেন,

إِنَّهُ لَا إِسْلَامَ إِلَّا بِجَمَاعَةٍ ، وَلَا جَمَاعَةَ إِلَّا بِإِمَارَةٍ ، وَلَا إِمَارَةَ إِلَّا بِطَاعَةٍ ، فَمَنْ سَوَّدَهُ قَوْمُهُ عَلَى الْفِقْهِ ، كَانَ حَيَاةً لَهُ وَلَهُمْ ، وَمَنْ سَوَّدَهُ قَوْمُهُ عَلَى غَيْرِ فِقْهٍ ، كَانَ هَلَاكًا لَهُ وَلَهُمْ

জামাআত ছাড়া কোনো ইসলাম হয় না। ইমারাহ ছাড়া কোনো জামাআত হয় না; আর আনুগত্য ছাড়া কোনো ইমারাহ হয় না। সম্প্রদায় যাকে ফিকহের ভিত্তিতে

১০৭ *মাজমুউল ফাতাওয়া* : ৩৫/৩৬।

Scanned by CamScanner

নেতা বানায়, সে তার নিজের জন্য ও সম্প্রদায়ের লোকদের জন্য প্রাণের সঞ্জীবনী হয়। আর যাকে তার সম্প্রদায় ফিকহ ছাড়া অন্য কিছুর ভিত্তিতে নেতা বানায়, সে তার নিজের জন্য ও তাদের সবার জন্য ধ্বংসের কারণ হয়।[১০৮]

ইমাম ইবনু তাইমিয়া রাহ. বলেন,

وَلِأَنَّ اللهَ تَعَالَى أَوْجَبَ الْأَمْرَ بِالْمَعْرُوفِ وَالنَّهْيَ عَنْ الْمُنْكَرِ وَلَا يَتِمُّ ذَلِكَ إلَّا بِقُوَّةِ وَإِمَارَةٍ. وَكَذَلِكَ سَائِرُ مَا أَوْجَبَهُ مِنْ الْجِهَادِ وَالْعَدْلِ وَإِقَامَةِ الْحَجِّ وَالْجُمَعِ وَالْأَعْيَادِ وَنَصْرِ الْمَظْلُومِ. وَإِقَامَةِ الْحُدُودِ لَا تَتِمُّ إلَّا بِالْقُوَّةِ وَالْإِمَارَةِ؛ وَلِهَذَا رُوِيَ: {أَنَّ السُّلْطَانَ ظِلُّ اللهِ فِي الْأَرْضِ}. وَيُقَالُ {سِتُّونَ سَنَةً مِنْ إمَامٍ جَائِرٍ أَصْلَحُ مِنْ لَيْلَةٍ وَاحِدَةٍ بِلَا سُلْطَانٍ} . وَالتَّجْرِبَةُ تُبَيِّنُ ذَلِكَ.

‘যেহেতু আল্লাহ তাআলা সৎকাজের আদেশ ও অসৎকাজ থেকে নিষেধ অপরিহার্য করে দিয়েছেন; আর (রাষ্ট্রীয়) শক্তি ও ইমারাহ ছাড়া তা পরিপূর্ণ হয় না। একইভাবে আল্লাহ আরও যেসব বিষয় অপরিহার্য করেছেন—যেমন : জিহাদ, ন্যায়পরায়ণতা, হজ জুমআ ও ইদ কায়েম করা, মাজলুমের সাহায্য করা এবং দণ্ডবিধি প্রয়োগ করা—এর কোনোটিই প্রতাপ ও ইমারাহ ছাড়া পূর্ণতা পায় না। এ জন্যই বর্ণিত হয়েছে, শাসক পৃথিবীতে আল্লাহর ছায়াস্বরূপ। কথিত আছে, শাসক ছাড়া যাপিত এক রাত অপেক্ষা জালিম শাসকের সঙ্গে ৬০ বছর যাপন করা অধিক উপযুক্ত। অভিজ্ঞতা এ বিষয়টি আরও সুস্পষ্ট করে তোলে।’[১০৯]

তিনি আরও বলেন,

وَأَمَّا « رَأْسُ الْحِزْبِ » فَإِنَّهُ رَأْسُ الطَّائِفَةِ الَّتِي تَتَحَزَّبُ أَيْ تَصِيرُ حِزْبًا فَإِنْ كَانُوا مُجْتَمِعِينَ عَلَى مَا أَمَرَ اللهُ بِهِ وَرَسُولُهُ مِنْ غَيْرِ زِيَادَةٍ وَلَا نُقْصَانٍ فَهُمْ مُؤْمِنُونَ لَهُمْ مَا لَهُمْ وَعَلَيْهِمْ مَا عَلَيْهِمْ. وَإِنْ كَانُوا قَدْ زَادُوا فِي ذَلِكَ وَنَقَصُوا مِثْلَ التَّعَصُّبِ لِمَنْ دَخَلَ فِي حِزْبِهِمْ بِالْحَقِّ وَالْبَاطِلِ وَالْإِعْرَاضِ عَمَّنْ لَمْ يَدْخُلْ فِي حِزْبِهِمْ سَوَاءٌ كَانَ عَلَى الْحَقِّ وَالْبَاطِلِ فَهَذَا مِنْ التَّفَرُّقِ الَّذِي ذَمَّهُ اللهُ تَعَالَى وَرَسُولُهُ فَإِنَّ اللهَ وَرَسُولَهُ أَمَرَا بِالْجَمَاعَةِ والائتلاف وَنَهَيَا عَنْ التَّفرقَةِ وَالِاخْتِلَافِ وَأَمَرَا بِالتَّعَاوُنِ عَلَى الْبِرِّ وَالتَّقْوَى وَنَهَيَا عَنْ التَّعَاوُنِ عَلَى الْإِثْمِ وَالْعُدْوَانِ.

---

১০৮ *সুনানুদ দারিমি* : ২৫৩।

১০৯ *মাজমুউল ফাতাওয়া* : ২৮/৩৯০।

Scanned by CamScanner

'মুমিনরা যে দলে আবদ্ধ হবে, সেই দলের একজন প্রধান থাকবেন। যদি তারা কোনো হ্রাস-বৃদ্ধি ছাড়া আল্লাহ ও তাঁর রাসুল যা কিছুর আদেশ করেছেন তার ভিত্তিতে দলবদ্ধ হয়, তাহলে তারা মুমিন। মুমিনদের জন্য যা কিছু প্রযোজ্য, তাদের জন্য তার সবকিছু প্রযোজ্য। মুমিনদের ওপর যা কিছু অবধারিত, তাদের ওপরও তার সবকিছু অবধারিত। তবে যদি তারা হ্রাস-বৃদ্ধি করে—যেমন, তাদের দলে যারা অন্তর্ভুক্ত হবে, হক ও বাতিল সব ব্যাপারে তাদের প্রতি সাম্প্রদায়িকতা লালন করে; আর যারা তাদের দলে অন্তর্ভুক্ত হবে না, তারা হকের ওপর থাক বা বাতিলের ওপর, তাদেরকে উপেক্ষা করে, তাহলে এটা সেই বিভক্তি বলে বিবেচিত হবে, যার নিন্দা করেছেন আল্লাহ ও তাঁর রাসুল ﷺ। কারণ, আল্লাহ ও তাঁর রাসুল ﷺ জামাআত ও সম্প্রীতির আদেশ করেছেন। বিভক্তি ও মতবিরোধ থেকে নিষেধ করেছেন। আল্লাহ ও তাঁর রাসুল ﷺ সৎকাজ ও তাকওয়ার ব্যাপারে পরস্পর পরস্পরের সহযোগী হতে নির্দেশ দিয়েছেন। আর অসৎকাজ ও সীমালঙ্ঘনের ব্যাপারে কেউ কারও সহযোগিতা করতে নিষেধ করেছেন।'[১১০]

যখন পৃথিবীতে ইসলামি খিলাফাহ প্রতিষ্ঠিত থাকবে, তখন ইসলামের সাহায্যে প্রতিষ্ঠিত দীনি জামাআতসমূহের আমির তো সাধারণভাবে খলিফাই নির্ধারণ করে দেবেন। কিন্তু যখন ইসলামি খিলাফাহ থাকবে না; কিংবা কোনো অপারগতার কারণে খলিফার সঙ্গে পরামর্শ করে তার সিদ্ধান্ত জানা সম্ভব হবে না, তখন মুসলমানদের ওপর কর্তব্য হবে পারস্পরিক পরামর্শ ও ঐকমত্যের ভিত্তিতে কোনো একজনকে আমির হিশেবে মেনে নেওয়া।

খলিফার অনুপস্থিতিতে যে জিহাদ ও অন্যান্য দীনি জামাআত পরিচালনা করার জন্য মুমিনরা নিজেদের পক্ষ থেকেই আমির নির্ধারণ করে নিতে পারবে, এর সবচেয়ে প্রকৃষ্ট উদাহরণ হলো মুতাযুদ্ধের ঘটনা।

عَنْ أَنَسٍ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ النَّبِيَّ ﷺ نَعَى زَيْدًا، وَجَعْفَرًا، وَابْنَ رَوَاحَةَ لِلنَّاسِ قَبْلَ أَنْ يَأْتِيَهُمْ خَبَرُهُمْ، فَقَالَ: «أَخَذَ الرَّايَةَ زَيْدٌ فَأُصِيبَ، ثُمَّ أَخَذَ جَعْفَرٌ فَأُصِيبَ، ثُمَّ أَخَذَ ابْنُ رَوَاحَةَ فَأُصِيبَ» وَعَيْنَاهُ تَذْرِفَانِ: «حَتَّى أَخَذَ الرَّايَةَ سَيْفٌ مِنْ سُيُوفِ اللهِ، حَتَّى فَتَحَ اللهُ عَلَيْهِمْ»

আনাস রা. থেকে বর্ণিত; নবি ﷺ-এর নিকট (মুতার) যুদ্ধক্ষেত্র থেকে খবর এসে পৌঁছার পূর্বেই তিনি উপস্থিত মুসলমানদেরকে জায়েদ, জাফর

---

১১০ *মাজমুউল ফাতাওয়া* : ১১/৯২।

Scanned by CamScanner

ও ইবনু রাওয়াহা রা.-এর শাহাদাতের কথা জানিয়ে দিয়েছিলেন। তিনি বলেছিলেন, ‘জায়েদ পতাকা হাতে অগ্রসর হলে তাঁকে শহিদ করা হয়। তখন জাফর পতাকা হাতে অগ্রসর হলো, তাঁকেও শহিদ করে ফেলা হয়। তারপর ইবনু রাওয়াহা পতাকা হাতে নিল। এবার তাঁকেও শহিদ করে দেওয়া হলো।’ এ সময়ে তার দু-চোখ থেকে অশ্রুধারা প্রবাহিত হচ্ছিল। (তারপর তিনি বললেন) ‘অবশেষে সাইফুল্লাহদের মধ্যে এক সাইফুল্লাহ (আল্লাহর তরবারি) হাতে পতাকা ধারণ করেছে; ফলত আল্লাহ তাদের ওপর (আমাদের) বিজয় দান করেছেন।’[১১১]

আল্লাহ তাআলা সেই যুদ্ধে মুসলমানদের ‘সাইফুল্লাহ’ উপাধিপ্রাপ্ত মহান সেনাপতি খালিদ ইবনুল ওয়ালিদ রা.-এর হাতে মুসলমানদের বিজয় দান করেছিলেন। কিন্তু তাঁকে রাসুল ﷺ আমির হিশেবে মনোনীত করে পাঠাননি। তিনি সর্বমোট তিনজনকে আমির বানিয়ে পাঠিয়েছিলেন। তাদের সবার শাহাদাতের পর মুসলমানরা সাবিত ইবনু আকরাম রা.-এর আহ্বানে নিজেরা পরামর্শক্রমে খালিদ ইবনুল ওয়ালিদ রা.-কে নিজেদের আমির হিশেবে মনোনীত করে নেন।

عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ - رضى الله عنهما - قَالَ أَمَّرَ رَسُولُ اللهِ ﷺ فِي غَزْوَةِ مُوتَةَ زَيْدَ بْنَ حَارِثَةَ، فَقَالَ رَسُولُ اللهِ ﷺ « إِنْ قُتِلَ زَيْدٌ فَجَعْفَرٌ، وَإِنْ قُتِلَ جَعْفَرٌ فَعَبْدُ اللهِ بْنُ رَوَاحَةَ ». قَالَ عَبْدُ اللهِ كُنْتُ فِيهِمْ فِي تِلْكَ الْغَزْوَةِ فَالْتَمَسْنَا جَعْفَرَ بْنَ أَبِي طَالِبٍ، فَوَجَدْنَاهُ فِي الْقَتْلَى، وَوَجَدْنَا مَا فِي جَسَدِهِ بِضْعًا وَتِسْعِينَ مِنْ طَعْنَةٍ وَرَمْيَةٍ.

আবদুল্লাহ ইবনু উমর রা. থেকে বর্ণিত; তিনি বলেন, মুতার যুদ্ধে রাসুল ﷺ জায়েদ ইবনু হারিসা রা.-কে সেনাপতি নিযুক্ত করে বলেছিলেন, ‘যদি জায়েদ শহিদ হয়ে যায় তাহলে জাফর ইবনু আবু তালিব সেনাপতি হবে। যদি জাফরও শহিদ হয়ে যায় তাহলে আবদুল্লাহ ইবনু রাওয়াহা সেনাপতি হবে।’ আবদুল্লাহ ইবনু উমর রা. বলেন, ওই যুদ্ধে তাদের সঙ্গে আমিও ছিলাম। যুদ্ধ শেষে আমরা জাফর ইবনু আবু তালিব রা.-কে তালাশ করলে তাঁকে শহিদগণের মধ্যে পেলাম। তখন আমরা তাঁর দেহে তরবারি ও বর্শার ৯০টিরও অধিক আঘাতের চিহ্ন দেখতে পেয়েছি।[১১২]

---

১১১ *সহিহ বুখারি* : ৪২৬২।
১১২ *সহিহ বুখারি* : ৪২৬১।

Scanned by CamScanner

উপরিউক্ত হাদিসের ব্যাখ্যায় হাফিজ ইবনু হাজার রাহ. *ফাতহুল বারি* গ্রন্থে লেখেন,

قال الطحاوي: هذا الأصل يؤخذ منه أن على المسلمين أن يقدموا رجلاً إذا غاب الإمام يقوم مقامة إلى أن يحضر. وكذا قال الخطابي وعنه البغوي.

'ইমাম তহাবি রাহ. বলেন, এই মূলনীতি থেকে উদ্ঘাটিত হয় যে, ইমাম যখন অনুপস্থিত থাকবেন, তখন মুসলমানদের ওপর অন্য কোনো ব্যক্তিকে অগ্রসর করা অপরিহার্য হবে, যে ইমামের স্থলাভিষিক্ত হবে—যতক্ষণ-না ইমাম উপস্থিত হয়। ইমাম খাত্তাবি রাহ.-ও অনুরূপ বলেছেন এবং তার সূত্রে বাগাবি রাহ. এই কথা বর্ণনা করেছেন।'

তিনি আরও লেখেন,

قَوْلُهُ بَابُ مَنْ تَأَمَّرَ فِي الْحَرْبِ مِنْ غَيْرِ إِمْرَةٍ إِذَا خَافَ الْعَدُوَّ أَيْ جَازَ ذَلِكَ... قَالَ ابن الْمُنِيرِ يُؤْخَذُ مِنْ حَدِيثِ الْبَابِ أَنَّ مَنْ تعين لِوِلَايَةٍ وَتَعَذَّرَتْ مُرَاجَعَةُ الْإِمَامِ أَنَّ الْوِلَايَةَ تَثْبُتُ لِذَلِكَ الْمُعَيَّنِ شَرْعًا وَتَجِبُ طَاعَتُهُ حُكْمًا كَذَا قَالَ وَلَا يَخْفَى أَنَّ مَحَلَّهُ مَا إِذَا اتَّفَقَ الْحَاضِرُونَ عَلَيْهِ

'ইমাম বুখারি রাহ. অধ্যায়ের শিরোনাম দিয়েছেন : 'শত্রুর আশঙ্কার কারণে যুদ্ধে যে ব্যক্তি খলিফার পক্ষ থেকে ইমারাহর দায়িত্ব ব্যতিরেকেই আমির হয়।' অর্থাৎ, এটা বৈধ।... ইবনু মুনির রাহ. বলেন, অধ্যায়ের হাদিস থেকে যে মাসআলা গৃহীত হয় তা হলো, যে ব্যক্তি নেতৃত্বের জন্য নির্ধারিত হয় আর তার ব্যাপারে ইমামের কাছে গিয়ে সিদ্ধান্ত জানা দুষ্কর হয়, শরিয়ার দৃষ্টিতে সেই নির্ধারিত ব্যক্তির নেতৃত্ব ও কর্তৃত্ব প্রতিষ্ঠিত হবে এবং বিধানগতভাবে তার আনুগত্য অপরিহার্য হবে। তবে একথা বলার অপেক্ষা রাখে না যে, এটা সে ক্ষেত্রে প্রযোজ্য, যখন তার ব্যাপারে উপস্থিত ব্যক্তিবর্গ একমত হবে।'[১১৩]

এর পক্ষে আরেকটি প্রকৃষ্ট উদাহরণ হলো রাসুল ﷺ-এর সেই বাণী, যেখানে তিনি বলেছেন,

> لَنْ يَبْرَحَ هَذَا الدِّينُ قَائِمًا، يُقَاتِلُ عَلَيْهِ عِصَابَةٌ مِنَ الْمُسْلِمِينَ، حَتَّى تَقُومَ السَّاعَةُ
>
> এই দীন সর্বদা প্রতিষ্ঠিত থাকবে, মুসলমানদের এক দল এর ওপর লড়াই চালিয়ে যাবে, যতক্ষণ-না কিয়ামত প্রতিষ্ঠিত হয়।[১১৪]

---

১১৩ *ফাতহুল বারি* : ৬/১৮০।

১১৪ *সহিহ মুসলিম* : ১৯২২।

Scanned by CamScanner

لَا تَزَالُ عِصَابَةٌ مِنْ أُمَّتِي يُقَاتِلُونَ عَلَى أَمْرِ اللهِ، قَاهِرِينَ لِعَدُوِّهِمْ، لَا يَضُرُّهُمْ مَنْ خَالَفَهُمْ، حَتَّى تَأْتِيَهُمُ السَّاعَةُ وَهُمْ عَلَى ذَلِكَ

আমার উম্মাহর একটি দল আল্লাহর আদেশের ওপর সর্বদা লড়াই চালিয়ে যাবে। তারা তাদের শত্রুদের পরাভূত করবে। যারা তাদের বিরোধিতা করবে, তারা তাদের কোনো ক্ষতি করতে পারবে না—যতক্ষণ-না কিয়ামত আসে এবং তারা সেই অবস্থায় থাকে।[১১৫]

এসব হাদিসের আলোকে স্পষ্ট প্রতিভাত হয় যে, কিয়ামত পর্যন্ত জিহাদ জারি থাকবে। কখনো তা বন্ধ হবে না। অথচ কিয়ামত পর্যন্ত যে খিলাফাহ থাকবে না, এটা অসংখ্য হাদিসের আলোকেই আমরা জানতে পারি। রাসুল ﷺ বলেন,

لَتُنْقَضَنَّ عُرَى الْإِسْلَامِ عُرْوَةً عُرْوَةً، فَكُلَّمَا انْتَقَضَتْ عُرْوَةٌ تَشَبَّثَ النَّاسُ بِالَّتِي تَلِيهَا، وَأَوَّلُهُنَّ نَقْضًا الْحُكْمُ وَآخِرُهُنَّ الصَّلَاةُ

অবশ্যই ইসলামের হাতলগুলো একে একে ভেঙে ফেলা হবে। যখন একটা হাতল ভাঙবে তখন লোকেরা এর পরবর্তী হাতল আঁকড়ে ধরে থাকবে। সর্বপ্রথম যে হাতলটি ভেঙে যাবে তা হলো শাসনক্ষমতা আর সর্বশেষটি হলো নামাজ।[১১৬]

হুজায়ফা রা. বর্ণনা করেন, রাসুল ﷺ বলেছেন,

تَكُونُ النُّبُوَّةُ فِيكُمْ مَا شَاءَ اللهُ أَنْ تَكُونَ، ثُمَّ يَرْفَعُهَا إِذَا شَاءَ أَنْ يَرْفَعَهَا، ثُمَّ تَكُونُ خِلَافَةٌ عَلَى مِنْهَاجِ النُّبُوَّةِ، فَتَكُونُ مَا شَاءَ اللهُ أَنْ تَكُونَ، ثُمَّ يَرْفَعُهَا إِذَا شَاءَ اللهُ أَنْ يَرْفَعَهَا، ثُمَّ تَكُونُ مُلْكًا عَاضًّا، فَيَكُونُ مَا شَاءَ اللهُ أَنْ يَكُونَ، ثُمَّ يَرْفَعُهَا إِذَا شَاءَ أَنْ يَرْفَعَهَا، ثُمَّ تَكُونُ مُلْكًا جَبْرِيَّةً، فَتَكُونُ مَا شَاءَ اللهُ أَنْ تَكُونَ، ثُمَّ يَرْفَعُهَا إِذَا شَاءَ أَنْ يَرْفَعَهَا، ثُمَّ تَكُونُ خِلَافَةً عَلَى مِنْهَاجِ نُبُوَّةٍ

তোমাদের মধ্যে নবুওয়াত থাকবে ততদিন পর্যন্ত যতদিন আল্লাহ চাইবেন যে, নবুওয়াত থাকুক। এরপর যখন তিনি তা উঠিয়ে নিতে চাইবেন তখন

---

১১৫ *সহিহ মুসলিম* : ১৯২৪।

১১৬ *মুসনাদু আহমাদ* : ২১১৩৯।

Scanned by CamScanner

উঠিয়ে নেবেন। এরপর আসবে নবুওয়াতের আদলে খিলাফাহ। খিলাফাহ ততদিন পর্যন্ত থাকবে যতদিন আল্লাহ চাইবেন যে, তা থাকুক। এরপর যখন আল্লাহ তা উঠিয়ে নিতে চাইবেন তখন উঠিয়ে নেবেন। এরপর আসবে দাঁত কামড়ে থাকা রাজত্ব। তা ততদিন পর্যন্ত থাকবে যতদিন আল্লাহ চাইবেন যে, তা থাকুক। এরপর যখন আল্লাহ তা উঠিয়ে নিতে চাইবেন তখন উঠিয়ে নেবেন। এরপর আসবে জবরদস্তিমূলক রাজত্ব। তা ততদিন পর্যন্ত থাকবে যতদিন আল্লাহ চাইবেন যে, তা থাকুক। এরপর যখন আল্লাহ তা উঠিয়ে নিতে চাইবেন তখন উঠিয়ে নেবেন। তারপর আবার প্রতিষ্ঠিত হবে নবুওয়াতের আদলে খিলাফাহ।[১১৭]

আনাস রা.-এর বর্ণনায় এসেছে, রাসুল ﷺ বলেছেন,

إِنَّهَا نُبُوَّةٌ وَرَحْمَةٌ، ثُمَّ خِلَافَةٌ وَرَحْمَةٌ، ثُمَّ مُلْكٌ عَضُوضٌ، ثُمَّ جَبْرِيَّةٌ، ثُمَّ طَوَاغِيتُ

নিশ্চয়ই এখন রয়েছে নবুওয়াত ও রহমত। এরপর আসবে খিলাফাহ ও রহমত। তারপর আসবে দাঁত কামড়ে-থাকা রাজত্ব। এরপর আসবে জবরদস্তি। তারপর তাগুতগোষ্ঠী।[১১৮]

সুতরাং খলিফা বিদ্যমান না থাকলেও দীনের সাহায্যে প্রতিষ্ঠিত জামাআতগুলোর আমির বিদ্যমান থাকবে। জামাআতের সদস্যরা নিজেরাই পারস্পরিক পরামর্শ ও ঐকমত্যের ভিত্তিতে কাউকে আমির হিশেবে মনোনীত করবে। তাদের ওপর সেই আমিরের আনুগত্য করা অপরিহার্য হবে। খলিফার অনুপস্থিতিতে পুরো দীনের সামাজিক সব কাজকর্মকে নিষ্ক্রিয় ও অকার্যকর ফেলে রাখার কোনোই সুযোগ নেই। আর ইসলামি জামাআতগুলোর কর্তব্য হলো, পারতপক্ষে নিজেরা অসংখ্য দল-উপদলে বিভক্ত না হওয়া; বরং শরিয়া প্রতিষ্ঠা ও খিলাফাহ পুনরুদ্ধারের লড়াইয়ে সমগ্র বিশ্বের মুসলিমরা এক ইমারাহর অধীনে এক ঝান্ডার ছায়াতলে কাজ করা।[১১৯] তবে একান্ত যদি তা সম্ভব না হয়, তাহলে ভিন্ন ভিন্ন ইমারাহর অধীনে লড়াই চালিয়ে যাওয়াও বৈধ হবে। কিন্তু এক অঞ্চলে একাধিক কিতালপন্থী জামাআত না থাকাই সমীচীন। অন্যথায় বিভিন্ন মতবিরোধকে কেন্দ্র করে লড়াই কুফফারের সঙ্গে সীমাবদ্ধ না থেকে অনেক সময় নিজেদের মধ্যেও ছড়িয়ে পড়ে, যা ইসলাম ও মুসলিম উম্মাহর জন্য অনেক ক্ষতিকারক।

---

১১৭ *মুসনাদু আহমাদ* : ১৮৪০৬।

১১৮ *আস-সুনানুল ওয়ারিদা ফিল-ফিতান* : ৪২০।

১১৯ প্রমাণস্বরূপ দ্রষ্টব্য—সুরা আনফাল : ৪৬

Scanned by CamScanner

দশ. আমিরুল মুমিনিনের বায়আত ও অন্য আমিরদের বায়আতের মধ্যে পার্থক্য

সর্বপ্রথম যে বিষয়টি স্মরণ রাখা জরুরি, দীনের সাহায্যে কর্মরত যেকোনো জামাআত মুসলমানদের একমাত্র জামাআত নয়; বরং মুসলমানদের জামাআতসমূহের মধ্য থেকে একটি জামাআত মাত্র। যার কারণে হাদিসে মুসলমানদের জামাআত থেকে পৃথক হওয়ার ব্যাপারে যেসব শাস্তির হুঁশিয়ারি বর্ণিত হয়েছে, তা এসব জামাআত থেকে পৃথক হওয়ার ব্যাপারে প্রযোজ্য নয়। যেমন, রাসুল ﷺ বলেন,

> مَنْ رَأَى مِنْ أَمِيرِهِ شَيْئًا يَكْرَهُهُ فَلْيَصْبِرْ عَلَيْهِ فَإِنَّهُ مَنْ فَارَقَ الْجَمَاعَةَ شِبْرًا فَمَاتَ، إِلَّا مَاتَ مِيتَةً جَاهِلِيَّةً.
>
> যে লোক নিজ আমিরের কাছ থেকে অপছন্দনীয় কিছু দেখবে, সে যেন তাতে ধৈর্যধারণ করে। কেননা, যে লোক জামাআত থেকে এক বিঘতও বিচ্ছিন্ন হবে, তার মৃত্যু হবে অবশ্যই জাহিলি মৃত্যুর মতো।[১২০]

উপরিউক্ত হাদিসটি আমিরুল মুমিনিনের ব্যাপারে প্রযোজ্য। আর তাতে যে জাহিলি মৃত্যুর কথা উল্লেখিত হয়েছে, এটা ওই ব্যক্তির ব্যাপারে প্রযোজ্য, যে আমিরুল মুমিনিনের বায়আত ভঙ্গ করে মুসলমানদের জামাআত থেকে পৃথক হয়ে যায়।

আমিরুল মুমিনিনের বায়আত ও অন্য আমিরদের বায়আতের মধ্যে মোটাদাগে যে সকল পার্থক্য রয়েছে তা নিম্নরূপ :

১. আমিরুল মুমিনিনকে প্রদত্ত বায়আত হলো গোটা মুসলিম উম্মাহ ও একজন ব্যক্তির মধ্যে খিলাফাহর দায়িত্বের ব্যাপারে কৃত চুক্তি। পক্ষান্তরে অন্যান্য আমিরকে প্রদত্ত বায়আত হলো গোটা উম্মাহর পক্ষ থেকে নয়; বরং উম্মাহর নির্দিষ্টসংখ্যক কিছু ব্যক্তির পক্ষ থেকে কোনো আনুগত্যের ব্যাপারে বিশেষ কোনো ব্যক্তির সঙ্গে কৃত চুক্তি।

২. আমিরুল মুমিনিনের ক্ষেত্রে বিশেষ কিছু শর্ত উপস্থিতি থাকা জরুরি। যেমন, কুরাইশ বংশের হওয়া বা ইজতিহাদের যোগ্যতা থাকা। অন্যান্য আমিরের ক্ষেত্রে সেসব শর্ত থাকা জরুরি নয়। সুতরাং কুরাইশি বা মুজতাহিদ না হওয়া সত্ত্বেও কেউ সীমিত ইমারাহর আমির হতে পারে।

৩. আমিরুল মুমিনিনকে প্রদত্ত বায়আত গোটা উম্মাহর কল্যাণে কাজ করার

---

১২০ *সহিহ বুখারি* : ৭০৫৪; *সহিহ মুসলিম* : ১৮৪৯।

Scanned by CamScanner

জন্য এবং ইসলামের সর্বপ্রকার বিধিবিধানের বাস্তবায়ন নিশ্চিত করার জন্য হয়ে থাকে। যার প্রেক্ষিতে উম্মাহর প্রতিটি সদস্যের ওপর তার আনুগত্য করা অপরিহার্য হয়ে যায়—যতক্ষণ-না তার থেকে এমন কোনো দোষ প্রকাশ পায়, যা তার বায়আতকে রহিত করে দেয়। অপরদিকে অন্যান্য আমিরের ক্ষেত্রে যে বিষয়ের ওপর তাকে বায়আত দেওয়া হবে—যেমন : জিহাদ, সৎকাজের আদেশ ও অসৎকাজ থেকে নিষেধ, মাজলুমের সাহায্য ইত্যাদি—তার ওপর কেবল সেই কাজেরই দায় বর্তাবে। কেননা, আমিরুল মুমিনিনের দায়-দায়িত্ব প্রাথমিকভাবেই শরিয়ার পক্ষ থেকে নির্ধারিত। আর অন্যান্য আমিরদের ক্ষেত্রে তাকে যে বিষয়ের বায়আত দেওয়া হবে এবং যে শব্দে বায়আত দেওয়া হবে, তার ওপর শুধু তার দায়-দায়িত্বই বর্তায়।

৪. আমিরুল মুমিনিনের বায়আত সকল মুসলিমের ওপর অপরিহার্য থাকে। কেউ চাইলেও তার নির্দেশ অমান্য করার বা তার বিপক্ষে বিদ্রোহ করার সুযোগ থাকে না। রাসুল ﷺ বলেন,

«كَانَتْ بَنُو إِسْرَائِيلَ تَسُوسُهُمُ الأَنْبِيَاءُ، كُلَّمَا هَلَكَ نَبِيٌّ خَلَفَهُ نَبِيٌّ، وَإِنَّهُ لاَ نَبِيَّ بَعْدِي، وَسَيَكُونُ خُلَفَاءُ فَيَكْثُرُونَ» قَالُوا: فَمَا تَأْمُرُنَا؟ قَالَ: «فُوا بِبَيْعَةِ الأَوَّلِ فَالأَوَّلِ، أَعْطُوهُمْ حَقَّهُمْ، فَإِنَّ اللهَ سَائِلُهُمْ عَمَّا اسْتَرْعَاهُمْ»

বনি ইসরাইলের নবিগণ তাঁদের উম্মাহকে শাসন করতেন। যখন কোনো একজন নবি মারা যেতেন, তখন অন্য একজন নবি তাঁর স্থলাভিষিক্ত হতেন। আর আমার পরে কোনো নবি নেই। তবে অনেক খলিফা হবে। সাহাবিগণ বললেন, 'আল্লাহর রাসুল, আপনি আমাদেরকে কী নির্দেশ করছেন?' তিনি বললেন, 'তোমরা একের পর এক করে তাদের বায়আতের হক আদায় করবে। তোমাদের ওপর তাদের যে হক রয়েছে তা আদায় করবে। আর নিশ্চয়ই আল্লাহ তাদেরকে জিজ্ঞেস করবেন ওই সকল বিষয়ে, যে-সবের দায়িত্ব তাদের ওপর অর্পণ করা হয়েছিল।'[১২১]

مَنْ مَاتَ وَلَيْسَ فِي عُنُقِهِ بَيْعَةٌ، مَاتَ مِيتَةً جَاهِلِيَّةً

---

১২১ *সহিহ বুখারি* : ৩৪৫৫; *সহিহ মুসলিম* : ১৮৪২।

Scanned by CamScanner

যে ব্যক্তি এমতাবস্থায় মৃত্যুবরণ করল যে, তার গলায় কোনো বায়আত নেই, সে জাহিলি মৃত্যুবরণ করল।[১২২]

تَلْزَمُ جَمَاعَةَ الْمُسْلِمِينَ وَإِمَامَهُمْ

তুমি মুসলিমদের জামাআত ও ইমামকে আঁকড়ে থাকবে।[১২৩]

অন্যান্য আমিরের আনুগত্য সবার ওপর অপরিহার্য থাকে না; বরং যারা তাকে বায়আত দিয়েছে এবং যে বিষয়ের বায়আত দিয়েছে, কেবল তাদের জন্য সে বিষয়ে আনুগত্য করা অপরিহার্য হয়ে থাকে। যেমন, জিহাদি জামাআতের আনুগত্য করা গোটা মুসলিম উম্মাহর ওপর অপরিহার্য হবে না; বরং সেই জামাআতের সদস্য যারা হবে, যারা তাকে বায়আত দেবে, তার আনুগত্য কেবল তাদের ওপরই অপরিহার্য হবে।

৫. আমিরুল মুমিনিনের আনুগত্যের কোনো নির্দিষ্ট সময়সীমা নেই; বরং তা সর্বদা অপরিহার্য থাকে। যতক্ষণ-না আমিরুল মুমিনিন মৃত্যুবরণ করেন; কিংবা তিনি আমিরুল মুমিনিন থাকার যোগ্যতা হারিয়ে ফেলেন, ততক্ষণ বিনা বাক্যব্যয়ে তার আনুগত্য করে যেতে হয়। অন্যান্য আমিরের ক্ষেত্রে আনুগত্যের বায়আত নির্দিষ্ট সময় বা কাজের সঙ্গে সীমাবদ্ধ হতে পারে। যখন সেই সময় শেষ হবে বা সেই কাজ সম্পন্ন হবে, তার পর আর তার আনুগত্য অপরিহার্য থাকবে না।

৬. একই সময়ে একাধিক আমিরুল মুমিনিন হতে পারে না। গোটা বিশ্বের ইমাম, খলিফা ও আমিরুল মুমিনিন হবেন মাত্র একজন। অন্যান্য আমিরদের ক্ষেত্রে বিষয়টি এমন নয়। বিষয়ের বৈচিত্র্য অনুসারে তাতে ভিন্ন ভিন্ন আমির হতে পারে। উদাহরণস্বরূপ, একজন জিহাদি জামাআতের আমির, একজন তাবলিগি জামাআতের আমির, একজন দীনি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের আমির ইত্যাদি।

৭. যত হাদিসে মুক্তভাবে বায়আত শব্দটি ব্যবহার হয়েছে, সেসব হাদিস আমিরুল মুমিনিনের ব্যাপারে প্রযোজ্য। সুতরাং দীনি কোনো জামাআতের জন্য এসব হাদিসকে যথাস্থানে প্রয়োগ না করে ভিন্ন জায়গায় প্রয়োগ করা বৈধ নয়। যেমন, কিছু মানুষের পক্ষ থেকে বিশেষ কোনো বিষয়ে বায়আত

---

১২২ *সহিহ মুসলিম* : ১৮৫১।

১২৩ *সহিহ বুখারি* : ৭০৮৪; *সহিহ মুসলিম* : ১৮৪৭।

Scanned by CamScanner

লাভ করেই নিজেকে আমিরুল মুমিনিন মনে করা, আমিরুল মুমিনিনের জন্য নির্ধারিত হক ভোগ করা বা নিজেকে তার সমস্তরের মনে করা, কেউ বায়আত ভঙ করে দল ত্যাগ করলে তার বিরুদ্ধে এরূপ মন্তব্য করা—সে হত্যার উপযুক্ত বা সে এমতাবস্থায় মৃত্যুবরণ করলে জাহিলি মৃত্যুবরণ করবে প্রভৃতি।

তবে স্মর্তব্য যে, আমিরুল মুমিনিনের আনুগত্য যেমন ওয়াজিব, তেমনি অঙ্গীকারাবদ্ধ বিষয়গুলোতে অন্যান্য আমিরদের আনুগত্যও ওয়াজিব।[১২৪] কারণ, কুরআনে আল্লাহ্ তাআলা অঙ্গীকার পূর্ণ করার আদেশ দিয়েছেন। [সুরা মায়িদা : ১; সুরা ইসরা : ৩৪] শরিয়া বান্দার ওপর যা অপরিহার্য করেছে, তা মান্য করা যেমন ওয়াজিব; বান্দা স্বেচ্ছাপ্রণোদিত হয়ে নিজের ওপর যা অপরিহার্য করে নিয়েছে, তা মান্য করাও ওয়াজিব। এর সবচেয়ে প্রকৃষ্ট উদাহরণ হলো মানত।

৮. আমিরুল মুমিনিনের বায়আত ভঙ্গ করে মুসলমানদের জামাআত ত্যাগ করলে তাকে বিদ্রোহী হিশেবে বিবেচনা করা হবে এবং রাষ্ট্রীয় শক্তি ব্যবহার করে তাকে আনুগত্য করতে বাধ্য করা হবে। পক্ষান্তরে জিহাদ ফরজ থাকা অবস্থায় কেউ যদি জিহাদি জামাআত পরিত্যাগ করে বা তা থেকে বিচ্ছিন্নতা অবলম্বন করে, তাহলে সে যদিও গুনাহগার হবে; কিন্তু তার বিরুদ্ধে লড়াই করা যাবে না এবং তার ওপর শক্তি প্রয়োগ করে তাকে জোরপূর্বক আনুগত্য করতে বাধ্য করা যাবে না।

৯. সীমিত ইমারাহর আমিরদের অধীনে পরিচালিত জামাআত ত্যাগ করা এবং তা থেকে অব্যাহতি নেওয়া বৈধ; কিন্তু আমিরুল মুমিনিনের বায়আত ভঙ করে মুসলমানদের জামাআত থেকে বিচ্ছিন্ন হওয়া বৈধ নয়।

১২৪ *মাজমুউল ফাতাওয়া* : ২৮/১৯-২০।

Scanned by CamScanner

কী আছে বইটিতে

অন্ধকার যখন গাঢ় হয়, তখন ভোরের সূর্যোদয়ও নিকটবর্তী হয়। মুসলিম উম্মাহ এখন ইতিহাসের সবচেয়ে ভয়াবহ সময় অতিক্রম করছে। উম্মাহ এখন অস্তিত্ব রক্ষার লড়াইয়ে অবতীর্ণ হচ্ছে। এক শতাব্দী ধরে তাদের নেই কোনো কেন্দ্রীয় নেতৃত্ব, নেই জাতিগত ঐক্য। ফলে গোটা পৃথিবীর মানচিত্রটা এখন নিরপরাধ মুসলিমদের রক্তে লাল হয়ে আছে। তাদের বুকের তপ্ত খুনে নতুন পৃথিবী গড়ার স্বপ্ন দেখছে কুফরের ধ্বজাধারীরা। এমতাবস্থায় উম্মাহর পুনর্জাগরণের জন্য কার্যকর দিকনির্দেশনা দরকার। যারা চক্ষুষ্মান, তাদের কাছে সমস্যা স্পষ্ট; কিন্তু সমাধানের পথ খুঁজে খুঁজে যুবকরা রীতিমতো হয়রান। বিপদের কথা সচেতন সবার মুখে উচ্চারিত হচ্ছে; কিন্তু বিপদ থেকে উত্তরণের পথ কেউ দেখাচ্ছে না। বক্ষ্যমাণ গ্রন্থ রচনার মূল উদ্দেশ্যই হলো উম্মাহকে তাদের করণীয় সম্পর্কে সজাগ করা, হারানো ঐতিহ্য ও গৌরব পুনরুদ্ধার করার পথনির্দেশ করা।

যেসব বিষয় নিয়ে বক্ষ্যমাণ গ্রন্থে আলোচনা এসেছে, তা সংক্ষেপে নিম্নরূপ : 'জিহাদ করতে চাই; কিন্তু কীভাবে', 'যেভাবে এ দেশে দীন কায়েম হবে', 'নিষ্ক্রিয় সমর্থক যখন "মানহাজি ভাই"', 'ফোরথ জেনারেশন ওয়ারফেয়ার এবং গাজওয়া ম্যানহাটন', 'নিকটবর্তী শত্রুর ধোঁকা', 'গ্লোবাল জিহাদ : প্রেক্ষিত বাংলাদেশ', 'শাসক ছাড়া কীভাবে জিহাদ করব', 'ইমারাহ ও খিলাফাহ কী ও কেন'।

বলাবাহুল্য, উম্মাহর কেন্দ্রীয় সমস্যার সমাধান প্রদান করা যারতার কাজ নয়। এর জন্য প্রয়োজন উম্মাহর প্রতি যথার্থ কল্যাণকামিতা, সুগভীর জ্ঞান ও প্রজ্ঞা, বাস্তবিক ময়দানের সুদীর্ঘ অভিজ্ঞতা এবং শরিয়াহর মেজাজ-চাহিদার ব্যাপারে পর্যাপ্ত ব্যুৎপত্তি ও সচেতনতা। বক্ষ্যমাণ গ্রন্থের রচয়িতা উম্মাহর যেসব সাহসী মনীষীর চিন্তাধারার আলোকে তাঁর রচনাকর্ম সমাপ্ত করেছেন, তাঁদের মধ্যে এই গুণগুলো পূর্ণরূপে উপস্থিত ছিল। যার কারণে এই গ্রন্থটিকে এ যুগের তাওহিদবাদী মুমিনদের জীবনপথের পাথেয় বললেও ইনশাআল্লাহ অত্যুক্তি হবে না।

তবে যেহেতু এটা বিক্ষিপ্ত রচনার সংকলন, যার কোনো কোনো রচনা দুয়েক বছর আগের প্রেক্ষাপটকে সামনে রেখে লেখা হয়েছে; আর সংগত কারণে আমরা সেগুলোকে আপন অবস্থায়ই বহাল রেখেছি, তাই কিছু কিছু তথ্য খানিকটা পুরানো মনে হতে পারে। এরপরও এতে সবশ্রেণির পাঠকের জন্য রয়েছে পর্যাপ্ত খোরাক, রয়েছে তৃষ্ণার্ত হৃদয়ের পরম স্নিগ্ধতা।

রেনেসাঁ

রাত পোহাবার কত দেরি
মুফতি আবু জান্দাল জালালাবাদী
মূল্য : ২২০ টাকা মাত্র

Scanned by CamScanner